


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas


অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-184 ■ 12 April, 2025 ■ আগরতলা ১২ এপ্রিল, ২০২৫ ইং ■ ২৯ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




### রিখটার স্কেলে তীব্রতা ৪.০

# কাঁপল ত্রিপুরা




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল।।** বারবার ভূকম্পনে কেঁপে উঠছে উত্তর পূর্বাঞ্চল। আজ ভূমিকম্পে কেঁপে উঠল ত্রিপুরা। বিকেল ৪টা ২২ মিনিট ৫৬ সেকেন্ডে ভূমিকম্পে কেঁপে উঠেছে ত্রিপুরা। রিখটার স্কেলে তার তীব্রতা ৪.০ রেকর্ড করা হয়েছে। তবে, ভূমিকম্প অনুভূত হলেও ক্ষয়ক্ষতির কোন খবর মিলেনি।

আগরতলা বিমানবন্দরস্থিত আবহাওয়া দফতর জানিয়েছে, বাংলাদেশে ২৪.০৫ অক্ষাংশ এবং ৯১.৩৭ দ্রাঘিমাংশে ভূপৃষ্ঠ থেকে ১০ কিমি গভীরে ছিল ওই ভূমিকম্পের উতত্তিস্থল। বাংলাদেশে ওই ভূমিকম্পে রামগঞ্জ উপজেলা ছাড়াও চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, রংপুর, সহ বিভিন্ন স্থানে কম্পন অনুভব হয়েছে। তাছাড়াও, ত্রিপুরা সহ মিজোরাম ও মেঘালয়ের কিছু এলাকায় কম্পন অনুভূত হয়েছে। তবে, সেখানেও ক্ষয়ক্ষতির কোন খবর এখনো মিলেনি।

প্রসঙ্গত, ত্রিপুরা ভূমিকম্প প্রবণ রাজ্য হিসেবে পরিচিতি রয়েছে। উত্তর-পূর্বাঞ্চলে এই বছরে একাধিকবার ভূমিকম্প অনুভূত হয়েছে। ভূমিকম্পের উৎসস্থল মূলত অসম, মেঘালয় ও মিজোরাম রাজ্যের বিভিন্ন অংশে ছিল বলে জানা গিয়েছে। ভূমিকম্পগুলির মাত্রা মাঝারি থেকে হালকা ছিল, যদিও কয়েকটি ক্ষেত্রে মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

☛ ৬ এর পাতায় দেখুন

### মুখ্যমন্ত্রীর তেলিয়ামুড়া সফরকালে

# কৃষকদের জাতীয় সড়ক অবরোধ ঘিরে প্রশাসনিক দৌড়ঝাপ, মন্ত্রীর আশ্বাসে প্রত্যাহার



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল।।** মহারানীপুর এলাকার কৃষিজীবী পরিবারগুলি নিজেদের দীর্ঘদিনের দাবি নিয়ে আসাম-আগরতলা জাতীয় সড়ক অবরোধে বসেন। মুহূর্তের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি হলেও, প্রশাসন ও জন প্রতিনিধিদের সক্রিয় হস্তক্ষেপে দ্রুত স্বাভাবিক হয় পরিস্থিতি।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, তেলিয়ামুড়া থানার অন্তর্গত মহারানীপুর এলাকার একাধিক কৃষক পরিবার প্রায় আড়াই দশকেরও বেশি সময় ধরে ব্রহ্মছড়া এলাকার নদীতীরবর্তী সরকারি খাস জমিতে কৃষিকাজ করে আসছিলেন। অভিযোগ, সম্প্রতি ওই এলাকার কিছু স্থানীয় ব্যক্তি নিজেদের জমির মালিক দাবি করে কৃষকদের কাছ থেকে ৫০০০ টাকা করে দাবি করেন এবং তাদের জমি ছেড়ে দেওয়ার জন্য চাপ সৃষ্টি করেন। এতে ক্ষুব্ধ হয়ে কৃষকরা প্রশাসনিক হস্তক্ষেপের দাবিতে আসাম-আগরতলা জাতীয় সড়কে অবরোধ শুরু করেন।

এদিকে, অবরোধের খবর পেয়ে প্রথমে ডিসিএম দেবাশীষ চাকমার নেতৃত্বে একটি প্রশাসনিক দল ঘটনাস্থলে পৌঁছে অবরোধকারীদের সঙ্গে কথা বলেন। এরপর রাজ্যের জনজাতিক কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা ঘটনাস্থলে পৌঁছে সরাসরি অবরোধকারীদের সঙ্গে কথা বলেন। তিনি সকল অভিযোগ মনোযোগ সহকারে শোনার পর আশ্বাস দেন যে সমস্যাগুলি নিরসনের জন্য প্রয়োজনে প্রশাসনিক ও বিভাগীয় স্তরে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হবে।মন্ত্রী বিকাশ দেববর্মার আশ্বাসে আশ্বস্ত হয়ে অবরোধকারীরা শান্তিপূর্ণভাবে অবরোধ তুলে নেন। এর ফলে জাতীয় সড়কে পুনরায় যানচলাচল স্বাভাবিক হয়।

মুখ্যমন্ত্রীর তেলিয়ামুড়া সফরের দিন এই ঘটনাকে কেন্দ্র করে সৃষ্টি হওয়া আলোড়ন প্রশাসন ও রাজনৈতিক মহলে যথেষ্ট গুরুত্ব পেয়েছে।

### শোক মমতার

# পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী রেজ্জাক মোল্লা প্রয়াত

***কলকাতা, ১১ এপ্রিল (হি.স.) ।।*** *রাজ্যের প্রাক্তন মন্ত্রী, দীর্ঘকালের বামপন্থী আন্দোলনের অন্যতম মুখ আব্দুর রেজ্জাক মোল্লা'র প্রয়াণে শোকবার্তা দিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।*

*শুক্রবার এক্সবার্তায় মুখ্যমন্ত্রী জানিয়েছেন, "আমার সহকর্মী, আব্দুর রেজ্জাক মোল্লা'র প্রয়াণে আমি শোকাহত ও মর্মাহত। তিনি রাজ্য মন্ত্রিসভায় আমার সহকর্মী ছিলেন। তাঁকে আমি শ্রদ্ধা করতাম, সম্মান করতাম।*

*বাংলার গ্রামজীবন, কৃষি-অর্থনীতি ও ভূমি-সংস্কার বিষয়ে তাঁর জ্ঞান ও অভিজ্ঞতা ছিল সুবিদিত। তাই একসময় অন্য ধারার রাজনীতি করলেও, মা-মাটি-মানুষের সরকারে তাঁর মিলিত হয়ে যাওয়া ছিল সহজ ও স্বাভাবিক। তাঁর প্রয়াণে বাংলার রাজনৈতিক জীবনে অপূরণীয় শূন্যতার সৃষ্টি হল। আমি তাঁর পরিবারবর্গ, অসংখ্য অনুগামী ও শুভানুধ্যায়ীকে আমার আন্তরিক সমবেদনা জানাই।"*

*এদিকে, রাজ্য রাজনীতির এক বর্ণময় চরিত্র। বরাবরই ছিলেন ঠোঁটকাটা। যে দলেই থাকুন না কেন, নিজের মত প্রকাশ করতে দ্বিধা বোধ করতেন না। গর্বের সঙ্গে নিজেকে 'চাষার ব্যাটা' বলে পরিচয় দিতেন। সেই দাপুটে নেতা তথা রাজ্যের প্রাক্তন মন্ত্রী আব্দুর রেজ্জাক মোল্লা প্রয়াত হয়েছেন। শুক্রবার দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের বাঁকড়ি গ্রামে নিজের বাসভবনেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি।*

*প্রাক্তন মন্ত্রী আব্দুর রেজ্জাক মোল্লার প্রয়াণের জন্য রাজ্য সরকারের তরফে শুক্রবার অর্ধদিবস ছুটি ঘোষণা করা হয়। রাজ্য অর্থ দফতরের তরফে এই নিয়ে এক বিজ্ঞপ্তি জারি করা হয়। রাজ্য সচিবালয় নবান্নে এদিন দুপুরে তা স্বাক্ষর করেন অতিরিক্ত মুখ্যসচিব প্রভাত কুমার মিশ্র। ঘোষণা মতো এদিন সমস্ত সরকারি দফতর, শিক্ষা প্রতিষ্ঠান-সহ অন্যান্য সরকার পোষিত, পুরসভা, কর্পোরেশন ও সরকার অধিগৃহীত অফিসেও দুপুর দু'টোর পর ছুটি ঘোষণা করা হয়।*

*রেজ্জাক মোল্লা'র প্রয়াণে আমি শোকাহত", বার্তা মমতার।*

# সিপিএমের অফিসে নাশকতার আগুন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল।।** গতকাল গভীর রাতে সাব্রুমের সোনাই অঞ্চলে সিপিএমের পার্টি অফিসে হামলা চালিয়েছে দুষ্কৃতিরা। পার্টি অফিস ভাঙচুর করে আগুন লাগিয়ে দিয়েছে। সিপিএম কর্মীদের অভিযোগে বিজেপির দুষ্কৃতিরা হামলা চালায়। ওই ঘটনায় গোটা এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে। ঘটনার বিবরণে জানা

☛ ৬ এর পাতায় দেখুন

### অনলাইন প্রতারণা

# ২২ হাজার খোয়ালেন বধূ

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ এপ্রিল।।** ৫০০০ টাকার লোভ দেখিয়ে ২২০০০ টাকা হাতিয়ে নিল অনলাইন প্রতারক। অসহায় গৃহবধূ থানার দারস্ত হলেন। কথায় আছে লোভে পাপ, পাপে মৃত্যু, ভারত সরকার প্রতিনিয়ত বিভিন্ন প্রযুক্তির মধ্যে দিয়ে সাইবার ক্রাইমের হাত থেকে ভারতের জনগণকে সচেতন করার লক্ষ্যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু তথাপিও সে সমস্ত প্রচেষ্টার ফলেও লোভে পড়ে একাংশ জনগণ

☛ ৬ এর পাতায় দেখুন

### তেলিয়ামুড়া কল্যাণপুরে একাধিক প্রকল্পের উদ্বোধন

# প্রধানমন্ত্রীর মার্গদর্শনে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে রাজ্যে ঃ মুখ্যমন্ত্রী




**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর / তেলিয়ামুড়া,১১ এপ্রিল।।** ভারতীয় জনতা পার্টি নেতৃত্বাধীন সরকার মানব দরদী সরকার। এই সরকার সবসময় মানুষের কল্যাণে নিরন্তর কাজ করে যাচ্ছে। রাজ্যে আরো ২০,৪৮৫ হেক্টর জমিতে রাবার চাষ বৃদ্ধি করা হবে। ১০টি নতুন রাবার প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করা হবে।

শুক্রবার খোয়াই জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। প্রথমে তেলিয়ামুড়া মোটরস্ট্যান্ডে উদ্বোধন হওয়া প্রকল্পগুলির মধ্যে রয়েছে - নবনির্মিত তেলিয়ামুড়া মোটরস্ট্যান্ডের উদ্বোধন, ভার্চুয়ালি ৩টি স্কুল ভবনের উদ্বোধন - তেলিয়ামুড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী স্কুল, কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী স্কুল এবং মুঙ্গিয়াবাড়ি দ্বাদশ শ্রেণী স্কুল।

দ্বিতীয় উদ্বোধন পর্বের আয়োজন করা হয় খোয়াই জেলার কল্যাণপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে। এদিন মুখ্যমন্ত্রীর হাত ধরে উদ্বোধন হয় - কল্যাণপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দ্বিতল ভবন, ভার্চুয়ালি উদ্বোধন হয় কল্যাণপুর বিডিও আবাস ও বীরচন্দ্রপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবন। এছাড়া ২টি ব্লাড কালেকশন ট্রান্সপোর্টেশন ভ্যানের ফ্ল্যাগ অফ করেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, গত পরশুদিন ধর্মনগরে গিয়ে প্রায় ৪৬টি প্রকল্পের উদ্বোধন করেছি। এভাবে প্রায় প্রতিদিনই এধরণের কর্মসূচি রয়েছে। আজ এখানে তিনটি স্কুল ও মোটরস্ট্যান্ডের উদ্বোধন করলাম। এছাড়াও বিভিন্ন জায়গা থেকে আমার সময় দিতে পারা নিয়ে জিজ্ঞেস করা হচ্ছে। এতে প্রমাণ করে সারা রাজ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মার্গদর্শনে আমরা উন্নয়নের কর্মযজ্ঞ চালিয়ে যাচ্ছি। ত্রিপুরা পূর্ণরাজ্য হওয়ার এত বছর পর তেলিয়ামুড়ায় একটা মোটরস্ট্যান্ড হলো। যা কোনদিন ভাবা যায় না। অথচ এই সড়ক ধরে আমাদের প্রতিনিয়ত আসা যাওয়া করতে হয়। কিন্তু কেউ এবিষয়ে

☛ ৬ এর পাতায় দেখুন

# ঝড়-বৃষ্টি ও ব্রজপাতে বিহার-উত্তর প্রদেশে মৃত্যু ৫৮ জনের

**পাটনা ও লখনউ, ১১ এপ্রিল (হি.স.)।।** ঝড়-বৃষ্টি ও বজ্রপাতে বিহার ও উত্তর প্রদেশে প্রাণ হারিয়েছেন কমপক্ষে ৫৮ জন। বিহারের নালন্দাতেই সর্বাধিক মৃত্যু হয়েছে, সেখানে প্রাণ হারিয়েছেন ২২ জন। বিহারে বজ্রপাত, গাছ উপড়ে পড়া এবং দেওয়াল ধসে মোট ৩৫ জনের প্রাণহানি হয়েছে। ভোজপুরে পাঁচজন এবং গয়া জেলায় তিনজনের মৃত্যু হয়েছে। পাটনা, গোপালগঞ্জ, মুঙ্গের, সমস্তিপুর, জেহানাবাদ, মুজাফফরপুর, আরারিয়া এবং বেগুসরাই-সহ আরও বেশ কয়েকটি জেলায় হতাহতের খবর পাওয়া গিয়েছে।

উত্তর প্রদেশে ২২ জনের মৃত্যু, শোকাহত মুখ্যমন্ত্রী বিহারের প্রতিবেশী রাজ্য উত্তর প্রদেশে গত ২৪ ঘণ্টায় বৃষ্টিপাতজনিত ঘটনায় কমপক্ষে ২২ জন মারা গিয়েছেন। ত্রাণ কমিশনারের কার্যালয়ের তথ্য অনুসারে, প্রবল বাতাসের কারণে দেওয়াল অথবা ছাদ ভেঙে ও বজ্রপাতে ১৩ জন মারা গিয়েছেন এবং অনেকেই আহত হয়েছেন। কানপুর দেহাত, ফতেহপুর, ফিরোজাবাদ, কনৌজ, সন্ত কবির

☛ ৬ এর পাতায় দেখুন

# জমি সংক্রান্ত বিবাদকে ঘিরে সুপারি বাগান পুড়িয়ে দিল দুষ্কৃতিরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল।।** জমি সংক্রান্ত বিবাদকে কেন্দ্র করে সুপারি বাগানে আগুন দিল দুষ্কৃতিকারীরা। সঙ্গে মারধরের অভিযোগ জানিয়ে কদমতলা থানার দ্বারস্থ হল অসহায় পরিবার। ওই ঘটনায় উত্তর ত্রিপুরা জেলার কদমতলা থানাধীন ইন্দো-বাংলা সীমান্তের প্রত্যেক রায় গ্রামের ২নং ওয়ার্ডে তীব্র উত্তেজনা বিরাজ করছে।

উক্ত ওয়ার্ডের বাসিন্দা আব্দুল মিয়া(৪৪) জানান, গত মঙ্গলবার বিকেল চারটা নাগাদ তারই প্রতিবেশী ভাই আব্দুল কালাম হঠাৎ উত্তেজিত হয়ে আব্দুল মিয়ার বাড়ির পাশের কুড়ি শতক জায়গা দখলের

☛ ৬ এর পাতায় দেখুন

### বিধ্বংসী আগুনে পুড়লো বসত ঘর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল।।** আগুনে পুড়ে ছাই হয়ে গেছে বসতঘর। ওই ঘটনা চন্ডিপুর বিধানসভার ভগবান নগর গ্রাম পঞ্চায়েতের দুই নম্বর ওয়ার্ডের তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। ওই অগ্নিকাণ্ডে ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক লক্ষাধিক টাকা হবে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, গতকাল রাতে চন্ডিপুর বিধানসভার ভগবান নগর গ্রাম পঞ্চায়েতের দুই নম্বর ওয়ার্ডের বাসিন্দা হান্নান মিয়ার বাড়িতে ভয়াবহ আগুন লাগে। সাথে সাথে এলাকাবাসী এবং পরিবারের সদস্যরা দমকলবাহিনীকে খবর দিয়েছেন। দমকলকর্মীরা ঘটনাস্থলে পৌঁছানোর আগেই ঘরে থাকা দুটি

☛ ৬ এর পাতায় দেখুন

# ছাত্রছাত্রীদের কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনের জন্য তৈরি হতে হবে ঃ কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল।।** রাজ্যের ছাত্র এবং তরুণ সমাজের মেধাকে বিকশিত করা ও আত্মনির্ভর হওয়ার ক্ষেত্রে তাদের দক্ষ করে তোলার জন্য রাজ্যের বর্তমান সরকার কাজ করে চলেছে। এই লক্ষ্যে নেওয়া হচ্ছে নানা কর্মসূচি। আজ মোহনপুর ব্লক অফিস সংলগ্ন শেল্টার হাউস প্রাঙ্গণে মেগা স্কিল অ্যাওয়ারনেস অ্যান্ড প্লেসমেন্ট ড্রাইভ প্রোগ্রামের আনুষ্ঠানিক উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশ পরিচালনার দায়িত্ব হাতে নেওয়ার পর তরুণ প্রজন্মকে আত্মনির্ভর করার লক্ষ্যে স্কিল ডেভেলপমেন্টের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। কৃষিমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের শুধুমাত্র ভালো নম্বর নিয়ে পাশ করলেই চলবে না। কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনের জন্য সেভাবে তাদের তৈরি হতে হবে। এই বিষয়টির উপর কেন্দ্র এবং রাজ্যের বর্তমান সরকার বিশেষভাবে কাজ করে চলেছে। তিনি বলেন, বর্তমান তরুণ প্রজন্ম যাতে আর্থিক দিক দিয়ে স্বনির্ভর হয়ে উঠতে পারে সে লক্ষ্যে প্রধানমন্ত্রী স্কিল ডেভেলপমেন্ট স্কিম চালু করা হয়েছে। যারা কর্মসংস্থানের জন্য চেষ্টা করছেন তাদের দক্ষ করে তোলা এই স্কিমের লক্ষ্য। তিনি বলেন, স্কুল কলেজে পাঠদান পর্ব সম্পন্ন করার পর ছেলেমেয়েরা যাতে বাড়িতে বসে না থেকে কর্মসংস্থানের জন্য নিজেদের দক্ষ করে তুলতে পারে সেজন্য এই প্রকল্প চালু করা হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। সভাপতিত্ব করেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব। অনুষ্ঠানে

☛ ৬ এর পাতায় দেখুন

# পুত্রবধূর হাতে নির্যাতনের শিকার বৃদ্ধ শাশুড়ি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল।।** পুত্রবধূর হাতে নির্যাতনের শিকার হয়েছেন বৃদ্ধা শাশুড়ি। ওই ঘটনায় কাঞ্চনমালা এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। বৃদ্ধা সন্ধ্যা মজুমদারের অভিযোগ পুত্রবধূ দিপালী দাসের তাঁকে বেধড়ক মারধর করেন।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, গোলাঘাটি বিধানসভার অন্তর্গত কাঞ্চনমালা এলাকার ২ নং ওয়ার্ডের মৃত নিতাই মজুমদারের ছোট ছেলে কর্ণজিৎ মজুমদার গত বেশ কয়েক বছর আগে দিপালী দাস নামে এক বিবাহবিচ্ছেদ হওয়া মহিলাকে বিবাহ করেছিলেন। বিয়ের পর বেশ অনেকদিন ভালো থাকলেও কর্ণজিৎ মজুমদারের বৃদ্ধা মা সন্ধ্যা মজুমদারের উপর শারীরিক ও মানসিক নির্যাতন শুরু করে পুত্রবধূ দিপালী দাস এবং পুত্র। তাদের পারিবারিক এইসব বিষয় নিয়ে এলাকায় একাধিকবার মীমাংসা সভাও বসেছিল কিন্তু পুত্রবধূ দিপালী দাসের জন্য এলাকার মাতব্বরেরা সঠিকভাবে মীমাংসা করতে পারেনি। এরই মধ্যে আজ

☛ ৬ এর পাতায় দেখুন

# বর্ষার আগে বেহাল রাস্তার সংস্কার চাই, জোরালো দাবি জনতার

**নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ১১ এপ্রিল।।** গন্ডাছড়া মহকুমা এলাকার নিখিল সরকার পাড়ায় অবস্থিত সদানন্দ সেবা আশ্রমে যাওয়ার রাস্তার অবস্থা দীর্ঘদিন ধরে অত্যন্ত বেহাল। মাত্র ৪০০ মিটার দীর্ঘ এই রাস্তার মধ্যে দুই বছর আগে মাত্র ২০০ মিটার অংশে ইট সলিং করে সাময়িক সংস্কার করা হলেও, বাকি অংশটি আজও অবহেলিত রয়ে আছে। বর্ষার আগে এই রাস্তা সংস্কারের দাবি জোরালো ভাবে তুলেছেন এলাকার সাধারণ মানুষ।

তাদের দাবি, অবশিষ্ট ২০০ মিটার রাস্তার একাংশে প্রায় দশ মিটার দীর্ঘ একটি রিটার্নিং ওয়াল নির্মাণ করে মাটি ভরাট করা না হলে রাস্তা নির্মাণ সম্ভব নয়। এর ফলে রাস্তা তৈরির কাজ থমকে আছে। স্থানীয়রা জানান, এই রাস্তার বেহাল অবস্থার কারণে তাঁদেরকে আশ্রমের ভেতর দিয়ে যাতায়াত করতে হচ্ছে, যা একদিকে যেমন অস্বস্তিকর, অন্যদিকে তা সাধু-সন্ন্যাসীদের নিরিবিলি পরিবেশে বিঘ্ন ঘটাচ্ছে। এছাড়াও, এলাকাবাসীরা দীর্ঘদিন ধরে পানীয় জলের সমস্যায় ভুগছেন। সদানন্দ সেবা আশ্রম সংলগ্ন অন্তত পাঁচটি পরিবারকে প্রায় ৩০০ মিটার দূর থেকে জল সংগ্রহ করতে হয়। যদিও সরকার পক্ষ থেকে জল জীবন মিশনের আওতায় ঘরে ঘরে পানীয় জল সরবরাহের দাবি করা হচ্ছে, কিন্তু বাস্তব চিত্র তার বিপরীত। এলাকাবাসীর প্রশ্নতাহলে এ

☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা,১২ এপ্রিল, ২০২৫ ইং
২৯ চৈত্র, শনিবার ১৪৩১ বঙ্গাব্দ

# বদলাইয়া যাইবে পৃথিবীর আবহাওয়া

বিশ্ব আবহাওয়ার বড় ইঙ্গিত। ২০২৫ সালের আবহাওয়ার ক্ষেত্রে আসিতে চলিয়াছে বিরাট রদবদল। লা নিনার প্রভাবের কারণে বিজ্ঞানীরা আশা করিয়াছিলেন, ২০২৫ সালে তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে কম হইবে। কিন্তু সেই পূর্বাভাস সম্পূর্ণ ভুল প্রমাণ করিয়াছে রেকর্ড তাপ।

ইউরোপের জলবায়ু পর্যবেক্ষণকারী সংস্থা কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিসের প্রতিবেদনে আবহাওয়ার তাপমাত্রা সম্পর্কে চমকপ্রদ দাবি করা হইয়াছে। বিজ্ঞানীরা অনুমান করিয়াছেন যে এই গড় তাপমাত্রা প্রাক-শিল্প যুগের (১৮৫০-১৯০০) তুলনায় আরও ১.৭৫ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল।ঐতিহাসিক তথ্যের দিকে তাকাইলে দেখা যাইবে, এল নিনোর প্রভাব শেষ হওয়ার পরেও জানুয়ারিতে তাপমাত্রার রেকর্ড বৃদ্ধি এই প্রথম। নতুন তথ্যের পর, বিজ্ঞানীরা অন্যান্য আর কোন কোন কারণগুলি তাপকে এই ভাবে সর্বোচ্চ স্তরে ঠেলিয়া দিতে পারে তাহা নিয়া চিন্তাভাবনা শুরু করিয়াছেন। বার্কলে আর্থ জলবায়ু বিজ্ঞানী জ্যাক হাউসফাদারের মতে, ২০২৫ সালের জানুয়ারি অপ্রত্যাশিতভাবে সবচাইতে উষ্ণতম জানুয়ারি , যাহা ২০২৪ সালের পূর্ববর্তী রেকর্ডকেও ছাড়াইয়া গিয়াছে। বিশ্ব বর্তমানে এল নিনো থেকে সরিয়া গিযয়া শীতল লা নিনা আবহাওয়ার দিকে ধাবিত হইতেছে। তারপরও বিশ্ব উষ্ণায়ন দেখা যাইতেছে সর্বদিকে।এল নিনো বিশ্বের গড় তাপমাত্রা বৃদ্ধি করে, আর লা নিনা তাহা কিছুটা হ্রাস করে। তবে এবারের পরিস্থিতি ব্যতিক্রম। এল নিনোর প্রভাব কমিয়া আসিলেও আমরা এখনও রেকর্ড পরিমাণ উষ্ণতা দেখিতেছি, যাহা অবাক করিবার মতো।কোপার্নিকাসের জলবায়ু বিজ্ঞানী জুলিয়ান নিকোলাস বলেন, 'জানুয়ারিতে বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধির এই বিষয়টি নিঃসন্দেহে অবাক করার মতো। এল নিনোর প্রভাব শেষ হওয়ার পরেও, আমরা বৈশ্বিক তাপমাত্রার উপর যে প্রভাব বা অন্তত সাময়িক বিরতি আশা করিয়াছিলাম তাহা দেখিতে পাইতেছি না।চলতি বছরের গরম অন্যবারের তুলনায় অনেক বেশি হইবে সেকথা আর বলিবার অপেক্ষা রাখে না। সেদিক থেকে দেখিতে হইলে গরম নিয়া আগে থেকেই সতর্ক থাকিতে হইবে। না হইলে হঠাৎ করিয়া গরম থেকে হওয়া নানা ধরণের রোগের শিকার হইতে পারেন।

## অসমে প্রকাশিত মাধ্যমিকের ফলাফল, পাশের হার ৬৩.৯৮ শতাংশ, শতাংশের হারে ছেলেদের দাপাদাপি

## ৮৫.৫৫ শতাংশ পাশ করে শীর্ষ স্থানে শিবসাগর, সর্বনিম্ন শ্রীভূমি জেলায় ৪৭.৯৬ শতাংশ

গুয়াহাটি, ১১ এপ্রিল (হি.স.) : প্রকাশ করা হয়েছে 'অসম রাজ্য স্কুল শিক্ষা পর্ষদ' (আসাম স্টেট স্কুল এডুকেশন বোর্ড সংক্ষেপে এএসএসইবি), (পূর্ববর্তী সেকেন্ডারি এডুক্যাশন বোর্ড অব আসাম, সংক্ষেপে এসইবিএ বা সেবা) পরিচালিত মাধ্যমিক (দশম শ্রেণি) পরীক্ষা (এইচএসএলসি) ২০২৫-র ফলাফল। আজ শুক্রবার সকাল সাড়ে দশটায় এএসএসইবি-র চারটি ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী সার্বিকভাবে পাশের হার ৬৩.৯৮ শতাংশ। শতাংশের হারে এবার মেয়েদের টেক্কা দিয়েছে ছেলেরা। এবার উল্লেখযোগ্যভাবে মাধ্যমিকের পাশের হার হ্রাস হয়েছে। গতবার পাশের হার ছিল ৭৫.৭ শতাংশ।

৪,২৯,৪৪৯ জন রেজিস্টার্ড শিক্ষার্থীর মধ্যে ৪,২২,৭৩৭ জন পরীক্ষায় বসেছিল। তাদের মধ্যে ছাত্র ১,৮৭,৭৫২ এবং ছাত্রী ছিল ২,৩৪,৯৮৫ জন। পরীক্ষায় অনুপস্থিত ছিল ৬,৭১২ জন। সরকারি রেকর্ড অনুযায়ী ২২ জনের ফলাফল স্থগিত রাখা হয়েছে এবং ১০১ জন পরীক্ষার্থীকে পরীক্ষা প্রক্রিয়া চলাকালীন বহিষ্কার করা হয়েছে।

বিভাগভিত্তিক ফলাফল এ রকম - ৮৯,০৪১ জন পরীক্ষার্থী প্রথম বিভাগে, ১,৩৫,৫৬৮ জন শিক্ষার্থী দ্বিতীয় বিভাগে এবং ৪৫,৮৬২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। এবার প্রথম বিভাগে পাশ করেছে ৮৯,০৪১ জন। এর মধ্যে ডিশটিংশন মার্কস পেয়েছে ৫,৩৩৬ শিক্ষার্থী। স্টার মার্কস ১৬,৫১৭ জন এবং লেটার মার্কস পেয়েছে ১,৬৮,৩১২ জন শিক্ষার্থী।

লিঙ্গ এবং জেলাভিত্তিক পরীক্ষার ফলাফল : ছেলেরা এবা মহিলা পরীক্ষার্থীদের পেছনে ফেলে এগিয়ে গিয়েছে। ছেলেদের পাশের হার ৬৭.৫৯ শতাংশ এবং মেয়েদের হার ৬১.০৯ শতাংশ। ৪,২২,৭৩৭ জন শিক্ষার্থীর মধ্যে ১,৮৭,৭৫২ জন ছেলে এবং ২,৩৪,৯৮৫ জন মেয়ে এবার পরীক্ষায় বসেছিল।

জেলাভিত্তিক পাশের হার এ রকম : ৮৫.৫৫ শতাংশ পাশের হার নিয়ে শীর্ষ স্থান দখল করেছে শিবসাগর। তার পরেই দ্বিতীয়স্থানে ডিব্রুগড়। ডিব্রুগড়ে পাশের ৮১.১০ শতাংশ এবং ধেমাজিতে ৮০.৬৪ শতাংশ পাশ করে তৃতীয়স্থান দখল করেছে। অন্যদিকে শ্রীভূমি জেলার ফলাফল সর্বনিম্ন। মাত্র ৪৭.৯৬ শতাংশ শিক্ষার্থী পাশ করেছে শ্রীভূমি জেলায়। প্রসঙ্গত, এবারের মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল চলতি বছর ২০২৫ সালের ১৫ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ পর্যন্ত। প্র্যাকটিক্যাল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল ২১ এবং ২২ জানুয়ারি।

## পুলিশের গুলিতে গুলিবিদ্ধ দুষ্কৃতী , উদ্ধার ৫০টি গবাদি পশু

মির্জাপুর, ১১ এপ্রিল (হি.স.) : উত্তর প্রদেশের মির্জাপুর জেলার পুলিশ শুক্রবার এক বড় সাফল্য অর্জন করেছে। পুলিশের সঙ্গে গুলি বিনিময়ের সময় এক কুখ্যাত গরু পাচারকারীকে গুলিবিদ্ধ অবস্থায় গ্রেফতার করা হয়েছে।

অহরৌরা থানার এলাকার অন্তর্গত ফারহাদা গ্রামের নদীর তীরে এক সন্দেহভাজন ব্যক্তিকে থামাতে গেলে সে পুলিশের উপর গুলি চালায়। অভিযুক্ত, মহম্মদ আকরাম পুলিশের পাল্টা গুলিতে ডান পায়ে গুলিবিদ্ধ হয়। এরপর তাকে গ্রেফতার করে চিকিৎসার জন্য পুলিশ হেফাজতে হাসপাতালে পাঠানো হয়।

এক পুলিশ আধিকারিক জানান, অভিযুক্তের কাছ থেকে ৫০টি গরু ও বাছুর, একটি অবৈধ দেশি পিস্তল, দুটি খালি কার্তুজ এবং একটি তাজা কার্তুজ উদ্ধার হয়েছে।

## মোদী সরকারের অধীনে ঐক্যের চেতনা জম্মু ও কাশ্মীরে শাসন করছে : অমিত শাহ

নয়াদিল্লি, ১১ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীর থেকে সুখবর দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুক্রবার এক্স মাধ্যমে অমিত শাহ জানিয়েছেন, হুরিয়তের আরেকটি সহযোগী সংগঠন, জম্মু ও কাশ্মীর গণ আন্দোলন, বিচ্ছিন্নতাবাদকে প্রত্যাখ্যান করেছে, ভারতের ঐক্যের প্রতি সম্পূর্ণ প্রতিশ্রুতি ঘোষণা করেছে। অমিত শাহ আরও জানান, আমি তাদের এই পদক্ষেপকে আন্তরিকভাবে স্বাগত জানাই। এখনও পর্যন্ত ১২টি হুরিয়ত-সংশ্লিষ্ট সংগঠন বিচ্ছিন্নতাবাদ থেকে বিচ্ছিন্ন হয়েছে, ভারতের সংবিধানের উপর আস্থা রেখে। এটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজির এক ভারত, শ্রেষ্ঠ ভারত-এর দৃষ্টিভঙ্গির বিজয়।'

# বিদ্যুৎ, ডিএনএ, টিকাসহ যে ১০ বৈজ্ঞানিক উদ্ভাবন বদলে দিয়েছিল বিশ্বকে

**ডিএনএঃ**-ডিএনএ হলো সেই অণু, যার মধ্যে জীবের জিনগত তথ্য পাওয়া যায়। মা---বাবার বৈশিষ্ট্য সন্তানদের মধ্যে দেখার ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি ক্রোমোজোমের প্রধান উপাদান। অনেকেই মনে করেন, ১৯৫০-এর দশকে বিজ্ঞানী জেমস ওয়াটসন ও ফ্রান্সিস ক্রিক ডিএনএ আবিষ্কার করেন। তবে সত্যিকার অর্থে ১৮৬৯ সালে সুইজারল্যান্ডের চিকিৎসক ফ্রিদরিশ মিশচার এটি প্রথম শনাক্ত করেছিলেন। তিনি একে শনাক্ত করেছিলেন রক্তকণিকায় থাকা 'নিউক্লিন' হিসেবে। ওয়াটসন ও ক্রিক ডিএনএ শনাক্ত করার আগপর্যন্ত আরও বেশ কয়েকজন গবেষক এ নিয়ে কাজ করেছেন। সুইজারল্যান্ডের চিকিৎসক ফ্রিদরিশ মিশচারের শনাক্ত করা নিউক্লিনই পরবর্তী সময়ে ডিএনএ নাম পায়। ডিএনএ হলো ডিঅক্সিরাইবোনিউক্লিক অ্যাসিডের সংক্ষিপ্ত রূপ। জার্মান জৈবরসায়নবিদ আলব্রেখ কোসেলকে এ নামকরণের জন্য কৃতিত্ব দেওয়া হয়। কোসেল পরবর্তী সময়ে নোবেল পুরস্কারও পেয়েছিলেন। ১৯৫৩ সালে দ্বিসূত্রক ডিএনএর গঠন আবিষ্কার করেন জেমস ওয়াটসন ও ফ্রান্সিস ক্রিক। এ আবিষ্কারের জন্য তাঁরা দুজন ১৯৬২ সালে নোবেল পুরস্কার পেয়েছিলেন। তবে নোবেল পুরস্কার পেলেও কয়েক বছর পর অভিযোগ ওঠে, রসায়নবিদ রোজালিন্ড ফ্রাঙ্কলিনের অনুমতি না নিয়ে তাঁরা তাঁর গবেষণার তথ্য ব্যবহার করেছেন। তাঁর গবেষণার সূত্রেই দ্বিসূত্রক ডিএনএ সম্পর্কে ধারণা পেয়েছিলেন তাঁরা।

**পৃথিবীর ঘূর্ণন ঃ**- পৃথিবী নিজ অক্ষে এবং সূর্যের চারপাশে ঘোরেএ ধারণা এখন খুবই সাধারণ একটি বিষয়। তবে শুরুর দিকে বিজ্ঞানীদের দেওয়া এ ঘূর্ণন তত্ত্ব অনেকেই মেনে নিতে পারছিলেন না। তাঁরা বলছিলেন, পৃথিবী ঘুরছেএটা কীভাবে সম্ভব? পৃথিবী ঘুরলে কি টের পাওয়া যেত না? তবে বিচক্ষণ বিজ্ঞানীদের ক্রমাগত প্রচেষ্টায় পর তা ধীরে ধীরে গ্রহণযোগ্যতা পায়। পৃথিবীর ঘূর্ণন তত্ত্ব আবিষ্কার ও ক্রমান্বয়ে এটিকে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে বেশ কয়েকজন বিজ্ঞানীর ভূমিকা আছে। পৃথিবী সূর্যকে প্রদক্ষিণ করে বলে প্রথম যাঁরা ধারণা দিয়েছিলেন, তাঁদেরই একজন প্রাচীন গ্রীক জ্যোতির্বিদ আরিসতারকুস। তবে তাঁর সময়ে এ তত্ত্ব ব্যাপকভাবে গ্রহণযোগ্য হয়নি। কারণ, বিশ্বাস করা হতো যে মহাবিশ্বের কেন্দ্র, নক্ষত্র, গ্রহ ও সূর্যসবাই আমাদের পৃথিবী গ্রহের চারপাশে ঘোরে। গণিতবিদ ও জ্যোতির্বিদ নিকোলাস কোপার্নিকাসকে মহাবিশ্বের প্রথম সূর্যকেন্দ্রিক মডেল প্রস্তাব করার জন্য কৃতিত্ব দেওয়া হয়ে থাকে। ১৫৪৩ সালে তিনি তাঁর মহান রচনা 'অন দ্য রেভল্যুশনস অব দ্য হেভেনলি স্ফিয়ারস' প্রকাশ করেন। এখানে তাঁর তত্ত্বগুলোকে ব্যাখ্যা করা হয়েছে। এর মধ্যে একটি তত্ত্ব ছিল, পৃথিবী তার অক্ষের ওপর ঘূর্ণায়মান হওয়ার মাধ্যমে দিন ও রাত তৈরি হয়। কোপার্নিকাসের সূর্যকেন্দ্রিক মডেলটি পুরোনো টলেমীয় তত্ত্বকে নাকচ করে দেয়। ওই তত্ত্বে দাবি করা হয়েছিল, পৃথিবী স্থির। কোপার্নিকাসের কাজগুলো তাঁর জীবদ্দশায় তেমন একটা পরিচিতি পায়নি। পরে তা গ্রহণযোগ্যতা পায়। গ্যালিলিও গ্যালিলি কোপার্নিকাসের তত্ত্বের সঙ্গে একমত হয়েছিলেন। তিনি একটি টেলিস্কোপ ব্যবহার করে পর্যবেক্ষণের মাধ্যমে তা প্রমাণ করেছিলেন। ১৬১০ সালে গ্যালিলিও শুক্র গ্রহের পর্যায় এবং বৃহস্পতি গ্রহের চাঁদগুলোকে পর্যবেক্ষণ করেছিলেন। এর মধ্য দিয়ে মহাবিশ্বের পৃথিবীকেন্দ্রিক মডেলের বিরুদ্ধে শক্তিশালী প্রমাণ সংগ্রহ করেছিলেন তিনি। গ্যালিলিও এটাও প্রমাণ করেছিলেন, শুক্র গ্রহ যে বিভিন্ন পর্যায় অতিক্রম করেছে, তা সূর্যের চারপাশে প্রদক্ষিণ করার কারণে হয়েছে। জার্মান গণিতবিদ জোহানেস কেপলার সূর্যের চারপাশে গ্রহগুলোর কক্ষপথের বিস্তারিত বিবরণ দিয়ে একাধিক সূত্র তৈরি করেছিলেন। এই সূত্রগুলো আজও প্রাসঙ্গিক। কোপার্নিকান তত্ত্বের সঙ্গে সংগতি রেখে যথার্থভাবে গ্রহের গতিবিধি নিয়ে ভবিষ্যদ্বাণী করার জন্য এ সূত্রগুলো গাণিতিক সমীকরণ দেয়।

**বিদ্যুৎ ঃ**-বেঞ্জামিন ফ্রাঙ্কলিন তাঁর বিখ্যাত ঘুড়ি পরীক্ষণের মাধ্যমে বিদ্যুৎ আবিষ্কার করেছিলেন বলে একটি ভুল ধারণা প্রচলিত আছে। অথচ ১৭৫২ সালে চাবি ও ঘুড়ি ব্যবহার করে করা পরীক্ষায় ফ্রাঙ্কলিন প্রমাণ করেছিলেন, বজ্রপাতও বিদ্যুতের একটি রূপ। আরেকটি মিথ হলো, ফ্রাঙ্কলিন বজ্রপাতের শিকার হয়েছিলেন। তিনি আসলে বজ্রপাতের শিকার হননি, ঝড়ের কারণে ঘুড়িটি বিদ্যুতায়িত হয়েছিল। প্রাচীন গ্রিক দার্শনিক থেলিসই প্রথম ৬০০ খ্রিষ্টপূর্বে পশমকে বাকলযুক্ত গাছের রসের সঙ্গে ঘষার মধ্য দিয়ে স্থির বিদ্যুৎ পর্যবেক্ষণ করেন। ব্রিটিশ বিজ্ঞানী ও চিকিৎসক উইলিয়াম গিলবার্ট প্রথম 'ইলেক্ট্রিক' বা বৈদ্যুতিক' শব্দটির প্রচলন করেন। গিলবার্টকে 'বিদ্যুতের জনক' হিসেবে অভিহিত করা হয়ে থাকে। গিলবার্টই প্রথম ব্যক্তি, যিনি 'চৌম্বক মেরু', বৈদ্যুতিক বল' ও বৈদ্যুতিক আকর্ষণ'এই শব্দগুলো ব্যবহার করেছিলেন। ১৬০০ সালে তাঁর ছয় খণ্ডের বইয়ের সেট 'ডি ম্যাগনেট' প্রকাশিত হয়েছিল।

**রোগের জীবাণু তত্ত্ব ঃ**-রোগের জীবাণু তত্ত্বটিকে চিকিৎসাশাস্ত্রের একটি বৈজ্ঞানিক নীতি হিসেবে ব্যবহার করা হয়। এ তত্ত্বে অনেক রোগের কারণ হিসেবে ব্যাকটেরিয়া ও ভাইরাসের মতো অণুজীবকে দায়ী করা হয়েছে। তত্ত্বটি রোগের কারণ সম্পর্কে পূর্ববর্তী বিশ্বাসে উল্লেখযোগ্য পরিবর্তন এনেছিল। রোগের জীবাণু তত্ত্বটি দিয়েছিলেন লুই পাস্তুর। তিনি দেখিয়েছিলেন, জীবন্ত অণুজীবগুলো পচন ঘটায়, এতে দুধ ও ওয়াইন টক হয়ে যায়। তিনি পরীক্ষা-নিরীক্ষা করে দেখিয়েছেন, তাপ প্রয়োগ করার মাধ্যমে এসব অণুজীব ধ্বংস করা সম্ভব। এ প্রক্রিয়াকে আমরা এখন পাস্তুরীকরণ হিসেবে চিনি। এ তত্ত্ব গেম চেঞ্জার হিসেবে কাজ করেছিল। পাস্তুরিত না করা খাবারে থাকা ব্যাকটেরিয়া থেকে মানুষের অসুস্থ হওয়া ঠেকাতে এটা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। লুই পাস্তুর তাঁর তত্ত্ব দেওয়ার আগপর্যন্ত মানুষ বিশ্বাস করত, শরীরের ভেতর থেকে রোগের জন্ম হয়। পাস্তুর তাঁর কাজের মধ্য দিয়ে প্রমাণ করেছিলেন, জীবাণু তত্ত্ব সত্য এবং শরীরে অণুজীবের আক্রমণের কারণে রোগ বাসা বাঁধে। পাস্তুরের চেষ্টায় মানুষের মনোভাবে পরিবর্তন এসেছিল এবং জীবাণু তত্ত্ব আরও বেশি করে গ্রহণযোগ্য হয়ে উঠেছিল।

**মাধ্যাকর্ষণ শক্তি ঃ**- গাছ থেকে আপেল পড়ার দৃশ্য দেখে গণিতবিদ ও পদার্থবিদ আইজ্যাক নিউটনের মাথায় একটি ভাবনা এসেছিল। আর সে ভাবনাকে ভিত্তি করে মাত্র ২৩ বছর বয়সে মাধ্যাকর্ষণ শক্তির অস্তিত্ব আবিষ্কার করেছিলেন তিনি। নিউটন ভাবছিলেন, কীভাবে কোনো একটি বল বা শক্তি বস্তুগুলোকে সরাসরি মাটিতে টেনে আনে। মাধ্যাকর্ষণই ছিল এর উত্তর। এটি এমন একটি শক্তি, যা বস্তুগুলোকে একে অপরের দিকে টেনে আনে। একটি বস্তুর ভর যত বেশি হয়, বল বা মহাকর্ষীয় টান তত বেশি হয়। যখন বস্তুগুলো বেশি দূরে থাকে, তখন বল তত দুর্বল হয়। নিউটনের কাজ এবং তাঁর মাধ্যাকর্ষণ-সম্পর্কিত তত্ত্বটি বেসবলের গতিপথ থেকে শুরু করে সূর্যের চারপাশে পৃথিবীর কক্ষপথ পর্যন্ত সবকিছু ব্যাখ্যা করার জন্য ব্যবহৃত হয়। কিন্তু নিউটনের আবিষ্কারগুলো এখানেই থেমে থাকেনি। ১৬৮৭ সালে নিউটন তাঁর 'প্রিন্সিপিয়া' বইটি প্রকাশ করেন। মাধ্যাকর্ষণ সূত্র ও গতির তিন সূত্র নিয়ে সেখানে বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়েছে। তাঁর কাজগুলো আধুনিক পদার্থবিজ্ঞানের ভিত্তি তৈরি করেছিল।

**অ্যান্টিবায়োটিক ঃ**-রোগের জীবাণু তত্ত্ব যেমন আধুনিক চিকিৎসায় বিপ্লব তৈরি করেছে, তেমনি এর হাত ধরে অ্যান্টিবায়োটিকের আবিষ্কার হয়েছে। আর এ আবিষ্কার অগণিত মানুষের জীবন রক্ষায় ভূমিকা রাখছে। মাইক্রোবায়োলজি সোসাইটির তথ্যমতে, মানুষ সহস্রাব্দ ধরে কোনো না কোনো ধরনের অ্যান্টিবায়োটিক ব্যবহার করে আসছিল। তবে নির্দিষ্ট কিছু সংক্রমণের জন্য যে ব্যাকটেরিয়া দায়ী, সেটা বোঝার পর আগে থেকে প্রস্তুত করা অ্যান্টিবায়োটিক ব্যবহার করে চিকিৎসা নিতে পারছে। ১৯০৯ সালে জার্মান চিকিৎসক পল এয়ালিশ লক্ষ করেন, কিছু রাসায়নিক রঞ্জক পদার্থ নির্দিষ্ট ব্যাকটেরিয়া কোষকে অন্যদের মতো রঞ্জিত করে না। এ কারণে তিনি বিশ্বাস করতেন, আশপাশের অন্য কোষগুলোকে না মেরে নির্দিষ্ট ব্যাকটেরিয়াকে মেরে ফেলা সম্ভব। সিফিলিসের চিকিৎসাপদ্ধতি আবিষ্কার করেন এয়ালিশ, যেটিকে বৈজ্ঞানিক সম্প্রদায়ের অনেকেই প্রথম অ্যান্টিবায়োটিক বলে উল্লেখ করে থাকেন। তবে এয়ালিশ তাঁর আবিষ্কারকে কেমোথেরাপি বলে উল্লেখ করেন। কারণ, এ পদ্ধতিতে চিকিৎসার ক্ষেত্রে রাসায়নিক ব্যবহার করা হতো। এয়ালিশের আবিষ্কারের জন্য তাঁকে 'ইমিউনোলজির জনক' বলে অভিহিত করা হয়ে থাকে। মাইক্রোবায়োলজি সোসাইটির তথ্যমতে, ইউক্রেনীয় বংশোদ্ভূত মার্কিন অনুজীববিজ্ঞানী সেলম্যান ওয়াক্সম্যান প্রায় ৩০ বছর পর 'অ্যান্টিবায়োটিক' শব্দটির প্রচলন করেন।

বর্তমানে পরিচিত সবচেয়ে স্বীকৃত অ্যান্টিবায়োটিকগুলোর একটি পেনিসিলিন। চিকিৎসকেরা প্রতিবছর লাখ লাখ রোগীকে এই অ্যান্টিবায়োটিক লিখে দেন। তবে সুপরিচিত এই অ্যান্টিবায়োটিক আবিষ্কার হয়েছে আকস্মিকভাবে। ১৯২৮ সালে স্কটিশ অণুজীববিজ্ঞানী আলেক্সান্ডার ফ্লেমিং কিছুদিন বিরতির পর পরীক্ষাগারে গিয়ে দেখেন, পেনিসিলিয়াম নোটাটাম নামের একটি ছত্রাক একটি কালচার প্লেট থেকে স্ট্যাফ ব্যাকটেরিয়াকে সরিয়ে দিয়েছে। ফ্লেমিং দেখেন, ছত্রাকটি প্লেটে ব্যাকটেরিয়ামুক্ত জায়গা তৈরি করেছে। একাধিক পরীক্ষার পর ফ্লেমিং সফলভাবে প্রমাণ করতে সক্ষম হন, পি. নোটাটাম ছত্রাক স্ট্যাফ ব্যাকটেরিয়ার বিস্তার ঠেকিয়েছে। দ্রুতই পেনিসিলিন অ্যান্টিবায়োটিকটির ব্যাপক উৎপাদন শুরু হয়। এটি ব্যবহার করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় অনেক মানুষের জীবন বাঁচানো সম্ভব হয়েছে।

**বিগ ব্যাং তত্ত্ব ঃ**- মহাবিশ্বের সৃষ্টি কীভাবে হলো, তা নিয়ে দেওয়া তত্ত্বগুলোর মধ্যে সবচেয়ে গ্রহণযোগ্য তত্ত্ব হলো বিগ ব্যাং। এ তত্ত্ব অনুযায়ী, ১ হাজার ৩৭০ কোটি বছর আগে মহাবিশ্বের সব পদার্থ একটি ছোট বিন্দুতে পুঞ্জীভূত ছিল। একটি বিশাল বিস্ফোরণের পর মহাবিশ্বের সৃষ্টি হয়। বিগ ব্যাংয়ের কথা প্রথম উল্লেখ করেন বেলজিয়ামের মহাবিশ্ব তত্ত্ববিদ ও ক্যাথলিক ধর্মযাজক জর্জেস লেমাইত্রে। প্রাথমিকভাবে ১৯২৭ সালে লেমাইত্রে সাধারণ আপেক্ষিকতা এবং একে ঘিরে তৈরি হওয়া সমীকরণগুলোর সমাধান সম্পর্কে একটি প্রবন্ধ প্রকাশ করেছিলেন। তবে এটা অনেকটাই অলক্ষিত ছিল। যদিও অনেক বিজ্ঞানী বিশ্বাস করতেন না, মহাবিশ্ব সম্প্রসারিত হচ্ছে। তবু একদল মহাজাগতিক বিজ্ঞানী সে ধারণার বিরুদ্ধে গিয়ে তাঁদের কাজ চালিয়ে গিয়েছিলেন। তেমনই একজন এডউইন হাবল। তিনি যখন দেখলেন, আমাদের থেকে অনেক দূরে অবস্থিত ছায়াপথগুলো আমাদের কাছাকাছি থাকা ছায়াপথগুলোর তুলনায় দ্রুত সরে যাচ্ছে, তখন মহাবিশ্বের সম্প্রসারণের ধারণাটি আরও যুক্তিসংগত হয়ে উঠল। লেমাইত্রের ১৯২৭ সালের গবেষণাপত্রটি পরে স্বীকৃতি পায়। লেমাইত্রের ১৯৩১ সালের গবেষণাপত্রে 'বিগ ব্যাং' শব্দটি উপস্থাপন করা হয়েছিল।

**টিকা ঃ**- বেঞ্জামিন ফ্রাঙ্কলিন একসময় বলেছিলেন, 'এক আউন্স পরিমাণ সুরক্ষায় এক পাউন্ড পরিমাণ নিরাময়।' এর মানে হলো, সামান্য পূর্বসতর্কতায় বড় ক্ষতি এড়ানো সম্ভব। শহরগুলোকে দাবানলের ক্ষতি থেকে বাঁচাতে ফ্রাঙ্কলিন এমন উপদেশ দিয়েছিলেন। তবে স্বাস্থ্য সুরক্ষার ক্ষেত্রেও কথাটি প্রযোজ্য। টিকার আবিষ্কার বেশ কিছু গুরুতর রোগ প্রতিরোধ এবং মানুষকে নিরাপদ রাখতে সাহায্য করেছে। টিকার কারণে মানুষের পোলিওর মতো রোগে আক্রান্ত হওয়ার ঘটনা অনেকটাই কমে গেছে এবং গুটিবসন্ত নির্মূল করা সম্ভব হয়েছে। যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের (সিডিসি) তথ্য অনুসারে, টিকা হলো এক সুরক্ষাপদ্ধতি। এ প্রক্রিয়ায় মানবদেহে অল্প পরিমাণে কোনো রোগের জীবাণু প্রবেশ করানো হয়, যাতে রোগটি আবার প্রবেশের চেষ্টা করলে তা প্রতিরোধ করার ক্ষমতা শরীরে তৈরি হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুসারে, ১৯৭৬ সালে ড. এডওয়ার্ড জেনার প্রথম টিকা তৈরি করেন। গোবসন্তের ক্ষত থেকে সংক্রমিত উপাদান ব্যবহার করে এ টিকা তৈরি করেছিলেন তিনি। গোবসন্ত হলো গুটিবসন্তের মতো রোগ।

জেমস ফিপস নামের আট বছর বয়সী এক আক্রান্ত শিশুর শরীরে ড. এডওয়ার্ড টিকাটি প্রয়োগ করেছিলেন। এতে দেখা যায়, টিকা প্রয়োগের শুরুর দিকে শিশুটি ভালো বোধ না করলেও পরে সে অসুস্থতা থেকে সেরে ওঠে। কয়েক মাস পর গুটিবসন্তের ক্ষত থেকে সংক্রমিত উপাদান ব্যবহার করে ফিপসের শরীরে পরীক্ষা চালান এডওয়ার্ড। এতে দেখা যায়, ফিপস সংক্রমিত হয়নি। তখন থেকে গুটিবসন্তের টিকা ব্যবহার করে অগণিত মানুষকে মৃত্যুর হাত থেকে বাঁচানো সম্ভব হয়েছে।

**বিবর্তন তত্ত্ব ঃ**- বিবর্তনবাদ হলো এমন এক তত্ত্ব, যেখানে বলা হয়েছে, প্রাণীদের এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মে জেনেটিক স্তরে পরিবর্তন ঘটে এবং তারা পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নেয়। সময়ের সঙ্গে সঙ্গে পরিবেশের পরিবর্তনের ওপর নির্ভর করে প্রাণীর রং বা ঠোঁটের পরিবর্তন হতে পারে। এর সাহায্যে তারা শিকারিদের থেকে লুকিয়ে থাকতে পারে বা শিকারকে আরও ভালোভাবে ধরতে পারে। গালাপাগোসে বসবাসকারী প্রাণীদের নিয়ে বিশেষ করে ফিঞ্চ পাখিদের নিয়ে গবেষণা করার পর প্রকৃতিবিদ চার্লস ডারউইন একটি তত্ত্ব দেন। তিনি বলেন, গালাপাগোসের ভিন্ন ভিন্ন দ্বীপে বসবাসকারী পাখিগুলো একই প্রজাতির হলেও তাদের বৈশিষ্ট্য স্বতন্ত্র। ডারউইন উল্লেখ করেছিলেন, প্রতিটি দ্বীপের ফিঞ্চদের ঠোঁট দেখতে আলাদা আলাদা ছিল। এই ঠোঁটগুলোর সাহায্যে ফিঞ্চরা তাদের নির্দিষ্ট দ্বীপে প্রধান খাদ্য উৎস খুঁজে বের করত। কিছু পাখির বাদাম ও বীজ ফাটানোর মতো বড় ঠোঁট ছিল, আবার কারও কারও ঠোঁট ছিল ছোট ও সরু। এর মধ্য দিয়ে তারা পোকামাকড় খুঁজে বের করত। এই পর্যবেক্ষণগুলোর মধ্য দিয়ে বিবর্তনের জনক উপাধি পেয়েছিলেন চার্লস ডারউইন। ১৮৫৯ সালে ডারউইনের 'অন দ্য অরিজিন অব স্পেসিজ' প্রকাশের পর বিবর্তন তত্ত্ব পরিবর্তিত হয়েছে। তিনি আধুনিক বিজ্ঞানীদের কাজের রূপরেখা তৈরিতে সহায়ক ভূমিকা পালন করেছেন।

**সিআরআইএসপিআর প্রযুক্তি ঃ**- জীবন্ত অণুজীবের ডিএনএ সম্পাদনার জন্য গবেষকেরা সিআরআইএসপিআর প্রযুক্তি ব্যবহার করে থাকেনছবি: রয়টার্স ফাইল ছবি ন্যাশনাল হিউম্যান জিনোম রিসার্চ ইনস্টিটিউটের তথ্য অনুসারে, সিআরআইএসপিআরের মানে হলো ক্লাস্টার্ড রেগুলারলি ইন্টারস্পেসড শর্ট প্যালিনড্রোমিক রিপিটস। জীবন্ত প্রাণীর ডিএনএ সম্পাদনার জন্য গবেষকেরা এ প্রযুক্তি ব্যবহার করে থাকেন। সিআরআইএসপিআর আবিষ্কারের ক্ষেত্রে কয়েকজন মানুষের অবদান আছে। কয়েক দশকের গবেষণার পর এ প্রযুক্তি আবিষ্কার সম্ভব হয়েছে। গবেষকদের মধ্যে আছেন ইয়োশিজুমি ইশিনো, ফ্রান্সিসকো মোজিকা, জেনিফার ডাউডনা এবং ইমানুয়েল শারপঁসিয়ে। সিআরআইএসপিআর আবিষ্কারের ক্ষেত্রে অবদান রাখায় ডাউডনা ও শারপঁসিয়ে ২০২০ সালে রসায়নে নোবেল পুরস্কার পেয়েছেন। গবেষকেরা সিআরআইএসপিআর প্রযুক্তিকে আণবিক কাঁচি হিসেবে উল্লেখ করেছেন, যা ডিএনএকে আলাদা করার পর জিন সম্পাদনা করে। ২০১৮ সালের এক গবেষণায় দেখা যায়, বিজ্ঞানীরা ক্যানসারের মতো রোগ বা বংশগত রোগের কারণ হতে পারে, এমন কিছু জিন এই প্রযুক্তি ব্যবহার করে প্রতিস্থাপন করতে পারেন।



সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



শুক্রবার আগরতলায় ক্ষেত মজদুর ইউনিয়নের প্রতিষ্ঠা দিবস পালিত হয়।

# মেঘালয়ের শিলংএ দুই দিনের জাতীয় পর্যায়ের পর্যালোচনা সভার উদ্বোধনী অধিবেশনে ভাষণ দিয়েছেন সমবায় মন্ত্রকের সচিব ড. আশীষ কুমার ভুটানি

নয়াদিল্লি, ১১ এপ্রিল ২০২৫, পিআইবি।। সমবায় খাতকে আরও শক্তিশালী ও আধুনিক করার উদ্যোগ ও কৌশল প্রণয়নের জন্য মেঘালয়ের শিলংয়ে অনুষ্ঠিত হয়েছে দু''দিনের জাতীয় পর্য্যায়ের পর্য্যালোচনা বৈঠক। এই বৈঠকের উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রেখেছেন সমবায় মন্ত্রকের সচিব ড. আশীষ কুমার ভুটানি। ১০-১১ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত এই পর্য্যালোচনা সভায় সারা দেশের সমবায়ের বর্তমান অবস্থা নিয়ে আলোচনা হয়েছে।

উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রাখতে গিয়ে ডঃ আশীষ কুমার ভুটানি বলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহের নির্দেশনায় মন্ত্রক 'সহকার সে সমৃদ্ধি' র দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের জন্য আন্তঃরাজ্য সহযোগিতার মাধ্যমে সমবায়-নেতৃত্বাধীন অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধির জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তিনি জাতীয় জিডিপিতে সমবায় খাতের পক্ষ থেকে আরও বেশি অবদান রাখার জন্য দেশের সমস্ত সমবায় সমিতির প্যান নম্বর একত্রিত করার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

দেশের সমবায় বাস্তুতন্ত্রকে শক্তিশালী ও এগিয়ে নিয়ে যাওয়ার প্রতি সরকারের অবিচল প্রতিশ্রুতির কথাও পুনরায় তুলে ধরেন তিনি।

সমবায় মন্ত্রকের সচিব বলেছেন, দুগ্ধ খাতের মাধ্যমে গ্রামীণ উন্নয়নের লক্ষ্যে শ্বেত বিপ্লব ২.০ হল একটি প্রধান উদ্যোগ। তিনি বলেন, দুগ্ধ খাত মহিলাদের ক্ষমতায়ন এবং শিশু পুষ্টির উন্নতির একটি উজ্জ্বল উদাহরণ। তিনি আরও বলেন, আসাম, ঝাড়খন্ড, উত্তরপ্রদেশ এবং অন্যান্য রাজ্যের দুগ্ধ পরিকাঠামো সম্প্রসারণে সহায়তা করার জন্য আমুল এবং এনডিডিবির মতো প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতা করা হচ্ছে। বর্তমানে পশুপালনের অর্থনৈতিক সম্ভাবনা ঐতিহ্যবাহী ফসল চাষের তুলনায় বেশি বলে উল্লেখ করেন তিনি।

ড. আশীষ কুমার ভুটানি বলেন, ভারতের প্রথম ত্রিভুবন সহকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা বিল পাস করা একটি ঐতিহাসিক পদক্ষেপ। এই বিশ্ববিদ্যালয়টি রাজ্যগুলোর মধ্যে সমবায় শিক্ষার মান নির্ধারণ করবে এবং ২৫০টিরও বেশি বিদ্যমান সমবায় প্রতিষ্ঠানের উন্নতি সাধন করবে।

সমবায় মন্ত্রকের সচিব এবং মেঘালয় সরকারের মুখ্যসচিব সহ অন্যান্য ঊর্ধতন কর্মকর্তারা আন্তর্জাতিক সমবায় বর্ষে ''এক পেড় মা কে নাম'' উদ্যোগের আওতায় বৃক্ষরোপণ অভিযানেও অংশগ্রহণ করেন।

দুই দিনের এই বৈঠকে বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির প্রতিনিধি, সমবায় ফেডারেশনের কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান এবং নীতি নির্ধারকদের মতো মূল অংশীদাররা একত্রিত হয়েছিলেন, যেখানে পারস্পরিক জ্ঞান বিনিময় এবং কৌশলগত সমন্বয়ের জন্য একটি সহযোগিতামূলক প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছিল।

রাজ্যস্থরীয় পর্য্যালোচনা অধিবেশনে এনসিইএল, এনসিওএল, বিবিএসএসএল, এনসিসিএফ এবং নাফেডের মতো জাতীয় স্তরের সমবায় প্রতিষ্ঠানগুলির সমবায় বাস্তুতন্ত্রকে উন্নীত করা এবং উদ্ভাবন ও অন্তর্ভুক্তিকে উৎসাহিত করার ক্ষেত্রে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর আলোকপাত করা হয়েছে।

আইআরএমএ এর অধিকর্তা আনন্দ (গুজরাট), ত্রিভুবন সহকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দর্শন, কৌশলগত লক্ষ্য এবং প্রস্তাবিত এই প্রতিষ্ঠানটির কাঠামো সম্পর্কে বিশদভাবে আলোচনা করেন। অধিবেশনে সমবায় মন্ত্রকের বিশ্বমানের শিক্ষা ও গবেষণা পরিকাঠামো উন্নয়নের মত দীর্ঘমেয়াদী প্রতিশ্রুতির বিষয়গুলি তুলে ধরা হয়।

এখানে আন্তর্জাতিক সমবায় বর্ষ ২০২৫ উপলক্ষে একটি কর্মশালারও আয়োজন করা হয়েছে, যেখানে কৌশলগত অগ্রাধিকার যেমন সমবায় সমিতিগুলোর বেঞ্চমার্কিং, এর প্রভাব মূল্যায়ন এবং আগামী অর্থবছরের জন্য একটি ব্যবসায়িক সংস্কার কর্ম পরিকল্পনা প্রণয়নের উপর বিশেষ নজর দেওয়া হয়েছে। মহারাষ্ট্র, গুজরাট এবং উত্তরাখণ্ডের প্রতিনিধিদলগুলি সমবায় উন্নয়নের সেরা পন্থা ও উদ্ভাবনের অভিজ্ঞতাগুলি এখানে শেয়ার করেছেন।

দু''দিনের আলোচনার মূল ক্ষেত্রগুলি ছিল সমবায় সমিতিগুলির জন্য ব্যাংকিং পরিষেবার সম্প্রসারণ এবং মাইক্রো-এটিএমের মাধ্যমে ডোরস্টেপ ব্যাংকিং পরিষেবা নিশ্চিতকরণ, প্রাথমিক কৃষি ঋণ সমিতি (পিএসিএস), দুগ্ধ সমবায় সমিতি এবং অন্য সমবায় প্রতিষ্ঠানের সদস্যদের রুপে কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে বিনা সুদে ঋণ প্রদান ও গ্রামীণ সমবায় ব্যাংকিংকে শক্তিশালী করা। মাল্টি-পারপাস এগ্রিকালচার কো-অপারেটিভ সোসাইটি (এমপিএসিএস), দুগ্ধ ও মৎস্য সমবায় স্থাপন, শস্য সংরক্ষণ পরিকল্পনা, প্যাকস এবং কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাংক (এআরডিবি) এর ডিজিটাল রূপান্তর সম্পর্কেও আলোচনা করা হয়েছে, যার লক্ষ্য ছিল স্বচ্ছতা, পরিচালন দক্ষতা, এবং পরিষেবার সুযোগ বৃদ্ধি করা। এনসিডিসির প্রকল্পগুলির প্রভাব এবং বৃহত্তর জাতীয় উন্নয়ন অগ্রাধিকারের সাথে এর কৌশলগত দিকনির্দেশনার পুনর্বিন্যাস সম্পর্কেও একটি বিশ্লেষণাত্মক আলোচনা অনুষ্ঠিত হয়েছিল।

## 'মঙ্গল শোভাযাত্রা' থেকে 'মঙ্গল' বাদ, নয়া নাম 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'

ঢাকা, ১১ এপ্রিল (হি.স.): বাংলাদেশে নববর্ষ উদযাপনের 'মঙ্গল শোভাযাত্রা' থেকে বাদ পড়ল 'মঙ্গল' শব্দটি। নয়া নাম হলো 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'।

হাসিনা পরবর্তী বাংলাদেশে পরিবর্তনের ঢেউয়ের তোড়ে অবশেষে ভেসেই গেল নববর্ষের 'মঙ্গল শোভাযাত্রা'। ইউনুসের বাংলাদেশে মৌলবাদীদের দাবি মেনে হিন্দুত্বের গন্ধমাখা 'মঙ্গল শোভাযাত্রা'র নাম বদলে হল 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের আয়োজনে রাজধানী ঢাকায় বাংলা নববর্ষের যে শোভাযাত্রা বের হয়, তার নতুন নামকরণ করা হয়েছে। বাংলা নববর্ষ উদযাপনের কোনও আয়োজনে 'ইসলাম অসমর্থিত' কিছু থাকা যাবে না বলে আগেই উল্লেখ করেছিলেন ইসলামি আন্দোলন বাংলাদেশের সিনিয়র নায়েবে আমির মুফতি সৈয়দ মহম্মদ ফয়জুল করিম। তিনি 'মঙ্গল শোভাযাত্রা' নামে কোনও কিছু করা যাবে না বলে দাবি করেন।

এই পরিস্থিতিতে শুক্রবার 'মঙ্গল শোভাযাত্রা'র নাম পরিবর্তন প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান বলছেন, "আমরা আলাদা করে নাম পরিবর্তন করছি না। আমরা পুরনো নাম এবং ঐতিহ্যে ফেরত যাচ্ছি, যেটা দিয়ে চারুকলার এই কার্যক্রম শুরু হয়েছিল।"

## মঙ্গল শোভাযাত্রার নামবদল, ইউনূসকে কটাক্ষ তসলিমার

কলকাতা, ১১ এপ্রিল (হি.স.): কয়েকদিন ধরেই বাংলাদেশে পয়লা বৈশাখ উদযাপন নিয়ে নানা আলোচনা চলছিল। শেষ পর্য্যন্ত নাম বদলেই গেল। শুক্রবার এর উল্লেখ করে দেশের তত্ত্বাবধায়ক সরকারের প্রধান মুহাম্মদ ইউনূসকে কটাক্ষ করলেন নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিন।

সামাজিক মাধ্যমে তসলিমা লিখেছেন, "ইউনুস বাহিনী দেশের কোনও মঙ্গল চায় না বলে মঙ্গল শোভাযাত্রা থেকে মঙ্গল শব্দটি ডিলিট করে দিয়েছে। এসবে আর অবাক হচ্ছি না। শুনেছি একজন অসুস্থ মুক্তিযোদ্ধাকে গ্রেফতার করেছে ইউনুস বাহিনী।

ইউনুস সাহেব তাঁর সাঙ্গপাঙ্গকে দিয়ে চারদিকে বলাচ্ছেন যে তাঁরা ইউনুস সাহেবকে আরও ৫ বছর ক্ষমতায় চাইছেন। আসলে ক্ষমতায় থাকতে চাইছেন ইউনুস। নির্বাচন দিলে ক্ষমতা চলে যাবে বলে নির্বাচন দিতে চাইছেন না।

চরম চরম অপরাধ করেও ইউনুস সাহেব কোনও ভয় পাচ্ছেন না। কারণ তিনি নাস্তিক। তিনি জানেন পরকাল বলে কিচ্ছু নেই। আল্লাহ বলে কিচ্ছু নেই। শাস্তি টাস্তি বিচার টিচার বলে কিচ্ছু নেই। মরণের আগ পর্য্যন্ত তিনি শাহেনশাহ হয়ে থাকতে চান। আমার মতো আদর্শবান বা মানববাদী নাস্তিক নন ইউনুস। তিনি আদর্শহীন নাস্তিক। সে কারণে স্বার্থটাই দেখছেন, মানুষের জন্য নিঃস্বার্থভাবে কিছু করতে তিনি নারাজ।"

# মালিগাঁওয়ে এনএফ রেলওয়ের সেন্ট্রাল হাসপাতালে অনুষ্ঠিত নবজাতক পুনর্জীবন কর্মসূচি

গুয়াহাটি, ১১ এপ্রিল (হি.স.) : উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের কর্মচারীদের পরিবার এবং সাধারণ জনগণের জন্য স্বাস্থ্য পরিষেবা উন্নত করতে অটল প্রতিশ্রুতি প্রদর্শন করে চলেছে। গত ৯ এপ্রিল মালিগাঁওয়ে অবস্থিত সেন্ট্রাল হাসপাতালে নবজাতক পুনর্জীবন প্রশিক্ষণ কর্মসূচি (এনআরপি)-র আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণটি ইন্ডিয়ান অ্যাকাডেমি অব পেডিয়াট্রিক্স (আইএপি) এবং ন্যাশনাল নিওনাটোলজি ফোরাম (এনএনএফ) যৌথভাবে ফাস্ট গোল্ডেন মিনিট প্রোজেক্টের অংশ হিসেবে আয়োজন করা হয়েছে। এর লক্ষ্য সময়োপযোগী এবং দক্ষ পুনর্জীবন পদ্ধতির মাধ্যমে নবজাতকের বেঁচে থাকার হার উন্নত করার এক প্রচেষ্টা।

আজ শুক্রবার উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা এক প্রেস বার্তায় এ খবর দিয়ে জানান, অনুষ্ঠানটির প্রাথমিক উদ্দেশ্য ছিল স্বাস্থ্যসেবা পেশাদারদের প্রয়োজনীয় জ্ঞান এবং ব্যবহারিক দক্ষতার সাথে সজ্জিত করা, যা নবজাতককে কার্যকরভাবে পুনর্জীবিত করার জন্য প্রয়োজনীয়, বিশেষ করে জন্মের পর প্রথম মিনিটে। প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল প্রাণঘাতী পরিস্থিতিতে দ্রুত প্রতিক্রিয়ার জন্য প্রস্তুতি নিশ্চিত করে নবজাতকের অসুস্থতা এবং মৃত্যুহার উল্লেখযোগ্যভাবে হ্রাস করার চেষ্টা করা। পেডিয়াট্রিক পরিষেবার ওপর আরও জোর দিয়ে হাসপাতালটি অন্যান্য ক্ষেত্রের পাশাপাশি শিশু চিকিৎসার বিশেষ বিভাগ চালু করেছে। ফলে রোগীদের এই অঞ্চল থেকে বাইরে গিয়ে যত্ন নেওয়ার প্রয়োজনীয়তা কম হয়েছে।

প্রশিক্ষণে মোট ১৬ জন অংশগ্রহণ করেন, যার মধ্যে ব্যাপক হ্যান্ড-অন সেশন এবং সিমুলেশন-ভিত্তিক লার্নিং মডিউল অন্তর্ভুক্ত ছিল। এই অনুষ্ঠান কেন্দ্রীভূত পদ্ধতির মাধ্যমে, নবজাতকের জরুরি অবস্থা ব্যবস্থাপনায় চিকিৎসাকর্মীদের আত্মবিশ্বাস ও দক্ষতাকে বৃদ্ধি করেছে। এই পদক্ষেপ স্বাস্থ্যসেবার ফলাফল উন্নত করা এবং তার নেটওয়ার্কের অধীনে প্রদান করা চিকিৎসা পরিষেবার মান উন্নত করার প্রতি উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অবিরত দায়বদ্ধতাকে প্রতিফলিত করে।

জানুয়ারি, ২০২৫-এ নতুন আয়ুষ এবং আরইএলএইচএস ক্লিনিকের উদ্বোধন, বর্ধিত রোগীদের ঘরের সুবিধা সহ রোগীর যত্নের জন্য একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটায়। এই বিকাশ ডিজিটাল ইন্ডিয়া পদক্ষেপের সাথে সামঞ্জস্য রেখে ইলেক্ট্রনিক হেলথ রেকর্ডস (ইএইচআর) গ্রহণের সাথে রোগীর ব্যবস্থাপনাকে সুশৃঙ্খলিত করে এবং পরিষেবা সরবরাহকে উন্নত করে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের সক্রিয় কমিউনিটি আউটরিচের মধ্যে স্বাস্থ্য শিবির এবং সচেতনতামূলক কার্য্যসূচি রয়েছে, যা আঞ্চলিক স্বাস্থ্যসেবা অগ্রগতিতে অন্যতম পথপ্রদর্শক হিসেবে এর ভূমিকা অধিক দৃঢ় করে

## ডিমা হাসাও জেলায় অসমিয়া ভাষাকে অফিশিয়াল ভাষা হিসেবে ব্যবহার করার নির্দেশ

হাফলং (অসম), ১১ এপ্রিল (হি.স.) : ডিমা হাসাও জেলায় অসমিয়া ভাষাকে অফিশিয়াল ভাষা হিসেবে ব্যবহার করার নির্দেশ জারি করেছে জেলা প্রশাসন। নির্দেশিকা অনুসারে, এখন থেকে ডিমা হাসাও জেলায় সরকারি কার্য্যালয়গুলিতে সরকারি কাজকর্মে অসমিয়া ভাষা ব্যবহার করার জন্য নির্দেশ জারি করা হয়েছে।

গত ১ এপ্রিল রাজ্য সরকারের শিল্প ও বাণিজ্য এবং সরকারি উদ্যোগ বিভাগের ডেপুটি সেক্রেটারির নির্দেশ জেলা কমিশনার কার্য্যালয়ে আসার পর ডিমা হাসাও জেলার অতিরিক্ত জেলা কমিশনার এ কে ইলিয়াস নসিম আহমেদ জেলার সব সরকারি কার্য্যালয়ের বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দিয়েছেন, এখন থেকে সরকারি সব কাজকর্মে অসমিয়া ভাষা ব্যবহার করার জন্য এবং ১১ এপ্রিলের মধ্যে তা কার্য্যকর করে জেলা কমিশনার কার্য্যালয়ে রিপোর্ট দাখিল করার নির্দেশ জারি করেছেন অতিরিক্ত জেলা কমিশনার।

## ছাত্রীর সঙ্গে অশ্লীল আচরণের অভিযোগ, গ্রেফতার শিক্ষক

সোলান, ১১ এপ্রিল (হি.স.) : হিমাচল প্রদেশের সোলান জেলার এক স্কুলে ১৪ বছর বয়সি এক ছাত্রীর সঙ্গে অশ্লীল আচরণের অভিযোগে এক শিক্ষককে গ্রেফতার করা হয়েছে। অভিযোগ, দীর্ঘদিন ধরে ওই শিক্ষক তাকে অশোভনভাবে স্পর্শ করতেন এবং তার ফলে সে মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ছিল। অভিযোগের ভিত্তিতে পুলিশ শুক্রবার অভিযুক্ত নাগেশ কুমার (৩৯)-কে গ্রেফতার করে। এক পুলিশ আধিকারিক জানিয়েছেন, অভিযুক্তের বিরুদ্ধে তদন্ত শুরু হয়েছে।


### সন্ধান চাই

Ref- Garjee G.P. GDE No-II dated- 07-04-2025

পাশের থবিটি শ্রী পার্থ গোপ (৪৬) পিতা- শ্রী কেশব গোপ উচ্চতা- ৫ ফুট ৪ ইঞ্চি, গত্রোয়র বর্ণ - শ্যামলা, পরনে - সাদা রং এর হাফ সার্ট এবং দুই রং এর ফুলপেন্ট, সাং- গর্জি পোস্ট, ব্যক্তিটি গত ০৩-০৪-২০২৫ইং তারিখে আনুমানিক ৩ টায় নিজ বাড়ি হইতে কাউকে কিছু না বলিয়া চলে যায়। এখন পর্যন্ত উক্ত ব্যক্তিটির কোন খোঁজ পাওয়া যায়নি।

উপরে উল্লেখিত পুরুষ ব্যক্তির মৃতদেহ সম্বন্ধে কাহারো কোন তথ্য জানা থাকলে বা আত্মীয়-স্বজন থাকলে নিম্নলিখিত ঠিকানায় ও ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল

১) এস পি (ডি, আই,বি) গোমতী
৯০৮৯৪০৮৩১০ / ৯৪০২১১৯৬১৩
২) ও সি রাধাকিশোরপুর থানা
৯৪৩৬৭৭৩৫৯৫ / ৯৪৩৬৪৬৭৬৩৩
ICA/D-053/25



পুলিশ সুপার
গোমতী ত্রিপুরা, উদয়পুর




শুক্রবার আগরতলায় কংগ্রেসের ওবিসি সেলের উদ্যোগে এক ডেপুটেশন প্রদান করা হয়।



### অপরিচিত পুরুষ ব্যক্তির মৃতদেহের সনাক্তকরণ চাই

Ref:-GB TOP G.D Entry No. 12– dated 10-04-2025

পাশের ছবিটি অপরিচিত পুরুষ ব্যক্তির মৃতদেহ, বয়স- আনুমানিক ৪৫ বছর, উচ্চতা- ৫ ফুট ৫ ইঞ্চি, গায়ের রঙ- শ্যামলা, মুখমন্ডল- গোলাকার, চুল- সাদা ও কালো। গত ০৫/০৪/২০২৫ ইং তারিখ সংজ্ঞাহীন অবস্থায় জিবিপি হাসপাতালে ভর্তি হয় এবং চিকিৎসা চলাকালীন, গত ১০/০৪/২০২৫ ইং তারিখ সকাল ৮ টা ৩০ মিনিটে জিবিপি হাসপাতালে মারা যায়। বর্তমানে মৃতদেহটি আগরতলা জিবিপি হাসপাতালের মর্গে রাখা আছে সনাক্তকরন করার জন্য, আজ পর্য্যন্ত কোন ব্যক্তি বা আত্মীয়-স্বজন মৃতদেহের দাবী করেনি।

উপরে উল্লেখিত মৃতদেহ সম্বন্ধে কাহারো কোন তথ্য জানা থাকলে বা আত্মীয়-স্বজন থাকলে নিম্নলিখিত ঠিকানায় ও ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল

১) পুলিশ সুপার (পশ্চিম ত্রিপুরা) ০৩৮১-২৩২৩৫৮৬
২) সিটি কন্টোল- ৬০৩৩২৩৭৫১৪/১০০
৩) জিবি টিওপি-০৩৮১-২৩৫৫০৯৫
ICA/D-054/25



পুলিশ সুপার
পশ্চিম ত্রিপুরা

**PNIT NO: e-PT-XXV /EE/ RDD/GNT-DIV/GNT/2024-25 Dt. 09/04/2025**

On behalf of the 'Governor of Tripura' the Executive Engineer, R.D Gonda Twisa Division, Gonda Twisa, Dhalai District, Tripura invites e-tender from eligible bidders up to 3.00 P.M. on 22/04/2025 for i) Establishment of 15(Fifteen) MT Capacity Solar powered cool Chamber for Storing of Mango Fruit along with all necessary civil works like Side Development, Foundation, Fencing etc. on "Turn Key" basis including 03 years operation and running maintenance at Gonda Twisa. Sub-Head:- Construction of cold Storage/Chamber for Gandachara Market at 60 card Pachim Gandachara ADC Village.(03 Unit). (3RD CALL). For details visit website https:// tripuratenders.gov.in and contact at M-9862972916 (during office hours only). Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C-197/25

**(Er A. Tripura)**
**Executive Engineer**
**R.D. Gonda Twisa Division**

**PNIe-T No- 02/EE/KCP/2025-2026.**
**Dated, the, 09.04.2025**

The Executive Engineer, PWD(R&B), Kanchanpur Division, Kanchanpur, North Tripura, invites tender from the eligible bidders up to 15:00 hours on 23.04.2025 for 20 (twenty) Nos. work against

DNIe-T No.- 35/EE/KCP/2025-26, DNIe-T No.- 36/EE/KCP/2025-26, DNIe-T No.-37 /EE/KCP/2025-26, DNIe-T No.- 38/EE/KCP/2025-26, DNIe-T No.- 39/EE/KCP/2025-26, DNIe-T No.-40 / EE/KCP/2025-26, DNIe-T No.- 41/EE/KCP/2025-26, DNIe-T No.- 42/ EE/KCP/2025-26, DNIe-T No.-43 /EE/KCP/2025-26, DNIe-T No.- 44/EE/KCP/2025-26, DNIe-T No.- 45/EE/KCP/2025-26, DNIe-T No.-46/EE/KCP/2025-26, DNIe-T No.- 47/EE/KCP/2025-26, DNIe-T No.- 48/EE/KCP/2025-26, DNIe-T No.- 49/EE/KCP/ 2025-26, DNIe-T No.- 50/EE/KCP/2025-26, DNIe-T No.- 51/ EE/KCP/2025-26, DNIe-T No.- 52/EE/KCP/2025-26, DNIe-T No.- 53/EE/KCP/2025-26, DNIe-T No.- 54/EE/KCP/2025-26.

For details visit https://tripuratenders.gov.in for contact at Mobile No-8974460076 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

ICA/C/151/25

**Executive Engineer**
**Kanchanpur Division, PWD(R&B)**
**Kanchanpur, North Tripura.**

**NOTICE INVITING TENDER**

Sealed Tenders are invited by the undersigned on behalf of the Governor of
Tripura in two bids system i.e. Commercial Bid & Technical Bid separately from the bonafied Suppliers/Manufacturers/ Firms for supply of Stationery articles, Binding and Printing articles for use in the Office of the SP (Procurement), A. D Nagar, Agartala, Tripura for the financial
year 2025-26.

Detailed Tender Notice and terms & condition may also be seen or download from the Website - www.tripurapolice.nic.in & www.tripura.nic.in.

ICA/C-157/25

**Supdt. of Police**
**(Procurement) Tripura :: Agartala**

**PRESS NOTICE INVITING TENDER NO:- 02/EE-IED/AMB/2025-26**

The Executive Engineer, Internal Electrification Division, Ambassa, Dhalai Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender(s). The details are given below:

| SL NO | DNIeT No. | ESTIMATED COST | EARNEST MONEY | DEADLINE FOR ONLINE BIDDING | DATE OF OPENING |
|---|---|---|---|---|---|
| 1 | 04/EE-IED/AMB/2025-26 | ₹ 14,71,415.00 | ₹ 29,428.00 | Upto 17.00 Hrs on 23/04/2025 | At 10.00 Hrs on 24/04/2025 |

Detailed Tender Notice/Forms/Terms & Conditions is available at https://tripuratenders.gov.in/

ICA/C-164/25

**For and on behalf of Governor of Tripura.**
**(Er. Sujit Das)**
**Executive Engineer**
**Internal Electrification Division, PWD**
**Ambassa Dhalai Tripura**

**NOTICE INVITING e-TENDER**

The Supdt. Of Fisheries, Panisagar, North Tripura Govt. of Tripura invites 2nd call of e-Tender for HIRINGOFONEMARUTI (having commercial registration/permit) VEHICLE FOROFFICIAL USE through e-procurement website of Government of Tripura, https://tripuratenders.gov.in

| Sl. No | Scope of Work | Tender Value | EMD (Rs) | Tender Fee (Rs) | Closing Date |
|---|---|---|---|---|---|
| 1 | HIRINGOFONEMARUTI(having commercial registration/permit) VEHICLE FOROFFICIAL USE | Rs.3,69,840/- | Rs.7,400/- | Rs.1,000/- (Non- refundable) | 03-05-2025 upto 4.00 PM |

Corrigendum / Addendum, if any, will be published only on the abovewebsite.

ICA/C/171/25

**(K. Hossain)**
**Supdt. Of Fisheries.**
**Panisagar, North Tripura**

**PRESS NOTICE INVITING e-TENDER**

The e-tender vide No. 1(29)-GA(P&S)-Estt./2023/2nd Call/ 7864 dated 08.04.2025 is hereby invited by the undersigned from the registered NGOs/Co-Operative Society/Self Help Group/ Firms/Agencies having office at Agartala for providing Manpower, Materials etc towards execution the Sweeping and Cleaning Works only on government working days in the GA(Printing & Stationery) Department. The detail of the works is given below.

| Name of the work | Earnest Money and Tender Fee | Contract period | Approx. Tender Value/ Estimated cost |
|---|---|---|---|
| For execution of the Sweeping and Cleaning works which includes providing of Manpower and Materials in the Directorate of GA(Printing &Stationery) Department, Bordowali, Agartala | Earnest Money Rs. 20,000/- only Tender Fee Rs. 1000/- only | 11 (eleven) months from the date of issue AOC | Rs.4,00,000/- (Rs. four lakhs) only |

The Pre Bid Meeting will be held on 22.04.2025 at 12.30 PM and the last date for online submission of Bids is 07.05.2025 upto 6PM. For more details please visit the e-procurement website: https://tripuratenders.gov.in. (Tender ID: 2025_GA_60219_1)

ICA/C-174/25

**(Ratan Biswas, IAS)**
**Director**
**GA(Printing & Stationery) Department**



শুক্রবার আগরতলায় মেয়র দীপক মজুমদারের নেতৃত্বে জলছত্রের আয়োজন করা হয়।

# হার্টের বড় সমস্যায় চিকিৎসা মিলবে কলকাততেও, দাবি বিশেষজ্ঞের

কলকাতা, ১১ এপ্রিল (হি.স.): হার্টের মারাত্মক সমস্যা 'মাইট্রাল ভালভ'-এর ত্রুটি। এর অত্যাধুনিক প্রযুক্তির চিকিৎসা শুরু হয়েছে কলকাতায়। শুক্রবার এই খবর জানালেন বিশেষজ্ঞ-চিকিৎসক শুভ্র বন্দ্যোপাধায়।

'হেলথ কেয়ার ফাউন্ডেশন' নামে এক স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে মাইট্রাল রিগার্জিটেশন এর অত্যাধুনিক চিকিৎসা পদ্ধতি সম্পর্কে কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছিল। সেখানে তিনি এ কথা জানান।

বিশেষজ্ঞ-চিকিৎসকের কথায়, মাইট্রাল ভালভে ছিদ্র থাকলে শারীরিক সমস্যা বাড়তে বাড়তে রোগীর আস্তে আস্তে মারা যাওয়ার আশঙ্কাও থাকে। হৃৎপিণ্ডের এই সমস্যার ডাক্তারি নাম মাইট্রাল রিগার্জিটেশন (এম আর)। সম্প্রতি অত্যাধুনিক প্রযুক্তির মাইট্রাক্লিপের সাহায্যে ঞ্চক্কক্ট নামে মধ্যস্থতার বিশেষ পদ্ধতিতে অত্যাধুনিক যন্ত্রের সাহায্যে ছিদ্র বন্ধ করে মরণাপন্ন রোগীকে সুস্থ করে তোলা হয়েছে।

এর আগে এই ধরণের রোগীর ওপেন হার্ট সার্জারি করা ছাড়া কোনও উপায় থাকত না, কিন্তু বেশীরভাগ ক্ষেত্রে এই সার্জারি ছিল ঝুকিপূর্ণ। মাইট্রাক্লিপ এমআর-এর রোগীদের ক্ষেত্রে এক যুগান্তকারী চিকিৎসা। সম্প্রতি কলকাতায় শুরু হয়েছে, এর জন্যে আর রোগীদের ভিন রাজ্যে পাড়ি দিতে হবে না। ডা বন্দ্যোপাধ্যায় জানান, ''আমাদের হার্টে মোট চারটি ভালভ। এর অন্যতম 'মাইট্রাল ভালভ'। হার্টের স্বাভাবিক কাজকর্ম বজায় রাখতে এর ভূমিকা গুরুত্বপূর্ণ। ভালভ হল এমনই এক ব্যবস্থা যা কেবলমাত্র একদিকে খোলে। বাম অলিন্দ ও বাম নিলয়ের মাঝখানে থাকা মাইট্রাল ভালভ হার্টের দুটি প্রকোষ্ঠকে আলাদা করে রাখে। শুদ্ধ ও অশুদ্ধ রক্ত মিশে গেলে মানুষ অসুস্থ হয়ে পড়ে।

সেক্ষেত্রে শরীরের পুরো পদ্ধতিটাই গড়বড় হয়ে যায়। এই ব্যপারটাকে আটকায় মাইট্রাল ও অন্যান্য ভালভ। জন্মগত ত্রুটি বা পেশির সমস্যার জন্যে এই ভালভের লিফলেট বা ফ্ল্যাপ রক্ত চলাচল সম্পূর্ণ বন্ধ করতে পারে না। ফলে বাম নিলয় থেকে বাম অলিন্দে রক্ত চলে আসে। এই সমস্যার ডাক্তারি নাম মাইট্রাল রিগার্জিটেশন। আসলে আমাদের হার্টের অন্যান্য ভালভে তিনটি করে ফ্ল্যাপ থাকে। অন্যদিকে মাইট্রাল ভালভে থাকে মোটে দুটি ফ্ল্যাপ। তাই চট করে সমস্যা হয়। মাইট্রাল ভালভের সমস্যা হলে প্রাথমিক অবস্থায় হার্ট বিট বেড়ে যায়। এম আর থাকলে ফুসফুসে ও শরীরের অন্যান্য অংশে জল জমতে পারে। এছাড়া নিঃশ্বাসের কষ্ট হয়, সময় সময় ক্লান্ত লাগে, ঘুম পায়, পা ফুলে ওঠে। এই অবস্থাতেও সঠিক চিকিৎসা না হলে অ্যাট্রিয়াল ফিব্রিলেশন অর্থাৎ হার্টের ছন্দ বিঘ্নিত হয়, যকৃত ও কিডনির কর্মক্ষমতা কমতে থাকে। হৃদযন্ত্র বিকল হয়ে রোগীর মৃত্যু হয়।

এই সমস্যার মোকাবিলায় ওপেনহার্ট সার্জারির সাহায্যে মাইট্রাল ভালভ মেরামত করা হত। কিন্তু বেশীরভাগ ক্ষেত্রে রোগীর শারীরিক অবস্থা এতোটাই খারাপ থাকে যে অস্ত্রোপচার করা ঝুঁকিপূর্ণ হয়। কেননা রোগীকে অবশ করে বুকের হাড় কেটে অস্ত্রোপচার করা রোগীর পক্ষে নিরাপদ নয়।

ডা সুমন্ত মুখোপাধ্যায় জানান, অত্যাধুনিক ইন্টারভেনশনাল পদ্ধতিতে কুঁচকিতে ছোট্ট ছিদ্র করে সেখান দিয়ে ক্যাথিটারের সাহায্যে মাইট্রাল ভালভের ছিদ্রের জায়গায় মাইট্রাক্লিপ বসিয়ে মেরামত করা হয়। মধ্যস্থতার এই পদ্ধতির ডাক্তারি নাম মাইট্রাল ট্র্যান্সক্যাথিটার এজ টু এজ রিপেয়ার (ঞ্টক্কক্ট)। এই চিকিৎসার অঙ্গ হিসেবে রোগীকে ক্যাথল্যাবে নিয়ে গিয়ে অত্যাধুনিক পদ্ধতির ট্র্যান্স ইসোফেজিয়াল ইকো-র সাহায্যে এক্স রে ও ইকোর ছবি দেখে সুনির্দিষ্ট ভাবে ভালভের ছিদ্রে 'মাইট্রা ক্লিপ' আটকে মেরামত করা হয়। ১ - ২ দিনের মধ্যেই রোগী সুস্থ হয়ে বাড়ি ফিরে যান।

দুই বিশেষজ্ঞর মতে এই পদ্ধতি সব থেকে নিরাপদ ও ফলপ্রসু। এম আর এর ইন্টারভেনশনাল চিকিৎসায় জীবনের আলোয় ফিরে আসা দুজন রোগী সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

## ৩০ এপ্রিল থেকে রাজ্যের স্কুলগুলিতে গরমের ছুটি

কলকাতা, ১১ এপ্রিল (হি.স.): গরমের ছুটি নিয়ে নির্দেশিকা জারি। নির্দেশিকা জারি করল স্কুল শিক্ষা দফতর। আগামী ৩০ এপ্রিল থেকে পরবর্তী নির্দেশ না হওয়া পর্যন্ত গরমের ছুটি চলবে। মধ্যশিক্ষা পর্ষদ, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদকে এমনটাই জানিয়েছে স্কুল শিক্ষা দফতর।

শুক্রবার স্কুল শিক্ষা দফতর নির্দেশ দিয়েছে, আগামী ৩০ এপ্রিল থেকে পরবর্তী নির্দেশ না হওয়া পর্যন্ত গরমের ছুটি চলবে। মধ্যশিক্ষা পর্ষদ, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদকে এমনই নির্দেশ দিয়েছে স্কুল শিক্ষা দফতর। শুধুমাত্র দার্জিলিং ও কালিম্পং জেলায় গরমের ছুটির এই নির্দেশ কার্যকর হবে না। ওই জেলার স্কুলগুলিতে আগের মতোই নির্দেশ কার্যকর হবে। স্কুল বন্ধ থাকলে সিলেবাস শেষ করতে যে সমস্যা হবে, সেটাও কী ভাবে মিটিয়ে নেওয়া যাবে, সেই নির্দেশও দেওয়া হয়েছে এই বিজ্ঞপ্তিতে। স্কুল খোলার পরে অতিরিক্ত ক্লাস করিয়ে সিলেবাস শেষ করানোর ব্যবস্থা করতে হবে বলে জানানো হয়েছে।

## বজ্রপাতে লাউদোহায় ৩টি বাড়িতে ক্ষয়ক্ষতি

পশ্চিম বর্ধমান, ১১ এপ্রিল (হি.স.) : কালবৈশাখীর দাপটে বৃহস্পতিবার সন্ধ্যারাতে বজ্রপাতে ক্ষতিগ্রস্ত হল গোগলা গ্রামের নতুনডাঙ্গা এলাকার ৩টি বাড়ি। সন্ধ্যাতে আচমকা ঝড়বৃষ্টির সময় হাটতলা সংলগ্ন এলাকায় বজ্রপাত হয়। ফলে বাড়িগুলির ছাদ ও দেওয়ালে ফাটল ধরে। পুড়ে যায় বিদ্যুৎ এর সঙ্গে সংযুক্ত সামগ্রী। তবে কেউ আহত হননি।

ঘটনার খবর পেয়েই তৃণমূলের অঞ্চল সভাপতি গৌতম ঘোষ ঝড় উপেক্ষা করে ঘটনাস্থলে পৌঁছন। তিনি জানান, ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হলেও কেউ আহত হননি। বিদ্যুৎ দফতর দ্রুত মেরামতির কাজ শেষ করে পরিষেবা স্বাভাবিক করেছে।

## ঝাড়খণ্ডে রাস্তার পাশে যুবকের মৃতদেহ উদ্ধার

হাজারিবাগ, ১১ এপ্রিল (হি.স.) : ঝাড়খণ্ডের হাজারিবাগ জেলায় রাস্তার পাশে যুবকের রক্তাক্ত দেহ উদ্ধার। ঘটনাটি ঘটেছে শুক্রবার হাজারিবাগের বড়বাজার থানা এলাকার খীরগাঁওয়ে। নিহত যুবক প্রভাত কুমার (২৫)-এর শরীরে ধারালো অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে।

দেহ উদ্ধারের পর স্থানীয় বাসিন্দা ও আত্মীয়রা বিক্ষোভ শুরু করেন। পরিস্থিতি উত্তপ্ত হওয়ায় ঘটনাস্থলে বিপুল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়। পুলিশ দেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে।

## শ্রীভূমির আদমটিলায় উদ্ধার জনৈক ব্যক্তির পচাগলা লাশ, চাঞ্চল্য

পাথারকান্দি (অসম), ১১ এপ্রিল (হি.স.) : আজ শুক্রবার সকালে শ্রীভূমি জেলার অন্তর্গত পাথারকান্দি থানাধীন আদমটিলা বাগান লাগোয়া একটি জঙ্গলে জনৈক ব্যক্তির পচাগলা লাশ উদ্ধার হয়েছে। এ ঘটনায় সংশ্লিষ্ট এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতদহটি আদমটিলা বস্তি লাইনের বিলাটিলার বাসিন্দা বছর ৫২-এর অতুলরায় ঘাটোয়ারের বলে শনাক্ত করা হয়েছে।

জানা গেছে, গত সোমবার বাসন্তী পূজার দশমীর দিন থেকে নিজের বাড়ি থেকে নিখোঁজ ছিলেন অতুলরায় ঘাটোয়ার। নিখোঁজ হওয়ার পর তাঁর পরিবারের সদস্যরা তাঁকে বিভিন্ন স্থানে খোঁজখবর করেছেন, কোনও হদিশ পাওয়া যায়নি।

আজ শুক্রবার সকালে নিখোঁজ অতুলরায় ঘাটোয়ারের বাড়ি থেকে প্রায় এক কিলোমিটার দূরবর্তী লঙ্গাইকোণা এলাকার জঙ্গলে একটি মৃতদেহ পড়ে রয়েছে দেখেন কয়েকজন শ্রমিক। শ্রমিকরা ঘটনাটি জানান স্থানীয়দের। তাঁরা ঘটনাস্থলে গিয়ে মৃতদেহটি অতুলরায়ের বলে শনাক্ত করেন।

খবর দেওয়া হয়ে পাথারকান্দি থানায়। খবর পেয়ে থানা থেকে পুলিশের দল ঘটনাস্থলে গিয়ে মৃতদেহের প্রাথমিক ইনকুয়েস্ট করে ময়না তদন্তের জন্যে শ্রীভূমি সিভিল হাসপাতালে পাঠিয়েছে। প্রসঙ্গত, মৃত অতুলরায় ঘাটোয়ারের স্ত্রী, বিবাহিত পুত্র ও কন্যা রয়েছেন।

এদিকে স্থানীয় বাসিন্দা এবং মৃতের পরিবারের সদস্যদের সন্দেহ, অতুলরায়কে পরিকল্পিতভাবে খুন করা হয়েছে। তাঁর শরীরের বিভিন্ন অংশ সহ গোপনাঙ্গে আঘাতের স্পষ্ট চিহ্ন দেখা গেছে।

চাঞ্চল্যকর এ ঘটনা সম্পর্কে পাথারকান্দি থানার ওসি ইনস্পেক্টর সোমেশ্বর কোঁওর জানান, ময়না তদন্তের রিপোর্ট হাতে আসার পরই এ ব্যাপারে নিশ্চিত হতে পারবেন তাঁরা। অতুলরায়কে খুন করা হয়েছে বলে যদি তদন্তে প্রকাশ পায়, তা-হলে খুনের সঙ্গে জড়িতদের গ্রেফতার করা হবেই। তবে ঘটনার পেছনে রহস্য আছে বলে ধারণা করছেন ওসি।

## ওয়াকফ এবং চাকরিহারাদের নিয়ে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ শিক্ষাবিদের

কলকাতা, ১১ এপ্রিল (হি.স.): ওয়াকফ এবং চাকরিহারাদের নিয়ে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করলেন শিক্ষাবিদ ডঃ অচিন্ত্য বিশ্বাস।

শুক্রবার তিনি সামাজিক মাধ্যমে 'প্রথম বৃত্ত থেকে' শিরোনামে লিখেছেন, ''মনে হচ্ছে সব তালগোল পাকিয়ে গেছে। কিছুই আর নিয়ন্ত্রণে নেই! ওয়াকফ বিলের বিরোধিতার জন্য শীর্ষ আদালত আছে। পশ্চিমবঙ্গ সরকারের কিছু কি করার আছে? অথচ শোনা যাচ্ছে, মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন, পশ্চিমবঙ্গের এক ফোঁটা জমি অন্য কেউ নিতে পারবেন না!

জমি কি তাঁর ব্যক্তিগত মালিকানার? সৌরভ কে এক টাকায় দেবেন, বি এস এফ কে দেবেন না! মন্ত্রী সিদিকুল্লা যা বলছেন তা তাঁর অধিকারের বাইরের বিষয়।

আপনি তাঁকে উৎসাহ দিচ্ছেন! আসলে এই আন্দোলন চাকরিহারা শিক্ষকদের আন্দোলনকে দমাবার আন্দোলন। অদ্ভুত অমানবিক ঘৃণ্য কৌশল।

চাকরিহারাদের অনেকেই তো মুসলমান! তাঁদের বিভ্রান্ত করার উদ্দেশ্য স্পষ্ট হচ্ছে মাদ্রাসা শিক্ষার কমিটির প্রধানের বিবৃতিতে। উনি বলছেন, আন্দোলন ছাড়ুন, শীর্ষ আদালত ছাড়া গতি নেই।

সত্যিই তো। কিন্তু এই অবস্থার জন্য দায়ী কে? এস এস সি আর মন্ত্রিসভা। স্কুল সার্ভিস কমিশন যোগ্য অযোগ্য ভাগ করেন নি। মন্ত্রিসভা ''সুপার নিউমেরারি'' বলে একটি উদ্ভট ক্যাটিগরি ভেবেছেন, যাতে যোগ্য অযোগ্য মিশে যায়। এর বিরুদ্ধে গণ আন্দোলন গড়ার সময়ই পথ আটকানোর অপচেষ্টা ওয়াকফ বিলের বিরোধিতার বিক্ষোভ।

বুঝছেন সবাই কিন্তু পথে নামতে দ্বিধা! কারণ ১. রাজ্যটা বৃদ্ধা- শ্রম হয়ে গেছে। শহরের তরুণ তরুণীরা বাইরে দূরে। গ্রামের যুবক পরিযায়ী শ্রমিক। ২. সদ্য তরুণদের ধারনা, রাজনীতি ধান্দাবাজি ছাড়া কিছু নয়। ৩. অনেকের ধারনা, অন্য কোনও নতুন নেতৃত্ব নেই।

মানছি। কিন্তু অবস্থা দিন দিন অতলতর হচ্ছে। আমরা দান্তের নরকের প্রথম বৃত্তে আছি। বের হতেই হবে।

কী বলেন?''

## উত্তরপাড়ায় শিশু পাচার চক্রের হদিশ, মুম্বই পুলিশের হাতে গ্রেফতার মহিলা চিকিৎসক

হুগলি, ১১ এপ্রিল (হি.স.): উত্তরপাড়ায় আন্তঃরাষ্ট্রীয় শিশু পাচারের একটি চক্রের হদিশ পাওয়া গিয়েছে! গ্রেফতার হলেন এক মহিলা চিকিৎসক। অভিযান চালিয়ে তাঁকে গ্রেফতার করে মুম্বই পুলিশ। ধৃতের হেফাজত থেকে থেকে দুই শিশুকে উদ্ধার করেন তদন্তকারীরা। অভিযুক্ত চিকিৎসককে অন্তর্বর্তী হেফাজতে মুম্বই নিয়ে যাওয়া হচ্ছে বলে জানা গেছে।

জানা গিয়েছে, অভিযুক্ত চিকিৎসকের নাম মৌসুমী বন্দ্যোপাধ্যায়। তিনি জ্ঞানেন্দ্র এভিনিউ এলাকার বাসিন্দা। মৌসুমী ওড়িশার একটি হাসপাতালে দাঁতের চিকিৎসক হিসাবে কাজ করেন বলে দাবি করেছেন। কয়েকদিন আগে, মুম্বই পুলিশের ওয়াডরা ট্রাক টার্মিনাল থানার পুলিশ শিশু পাচারের সঙ্গে যুক্ত তিনজনকে গ্রেফতার করে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে উঠে আসে উত্তরপাড়ার এই মহিলা চিকিৎসকের নাম। এরপরই মুম্বই পুলিশের চার সদস্যের দল মৌসুমীর খোঁজে রাজ্যে পৌঁছয়। উত্তরপাড়া থানার পুলিশের সাহায্য নিয়ে জ্ঞানেন্দ্র এভিনিউ এলাকায় অভিযান চালান তাঁরা। সেখান থেকে অভিযুক্তকে গ্রেফতার করা হয়। ধৃতের বাড়ি থেকে দুই শিশুকে উদ্ধার করা হয়। তাদের মধ্যে একজনের বয়স পাঁচ বছর। অন্যজনের বয়স দুই বছর।

## ব্যাডমিন্টন এশিয়া চ্যাম্পিয়নশিপ ২০২৫ : ধ্রুব-তানিশা জুটির কোয়ার্টার ফাইনালে হেরে ভারতীয় চ্যালেঞ্জ শেষ

নাংবো, ১১ এপ্রিল (হি.স.) : শুক্রবার চিনের নিংবোতে ব্যাডমিন্টন এশিয়া চ্যাম্পিয়নশিপের মিশ্র দ্বৈত কোয়ার্টার ফাইনালে ধ্রুব কপিলা এবং তানিশা ক্রাস্টো সরাসরি গেমে হেরে গেছেন। তাদের বিদায়ের সঙ্গে সঙ্গে টুর্নামেন্টে ভারতীয় চ্যালেঞ্জও শেষ হয়ে গেল। বিশ্বের ১৮ নম্বর ধ্রুব-তানিশা জুটি ৪১ মিনিটে পঞ্চম বাছাই হংকং-চিন জুটির তাং চুন মান এবং সে ইং সুয়েটের কাছে ২০-২২, ১৩-২১ ব্যবধানে হেরে গেছেন।

প্রথম খেলায় ৮-০ ব্যবধানে এগিয়ে ছিল ভারতীয় জুটি, কিন্তু তাদের প্রতিপক্ষ, যারা বিশ্বে ৫ম স্থানে রয়েছে, তারা ফিরে এসে ১০-১০ সমতা ফেরান। প্রথমার্ধের দ্বিতীয়ার্ধে ১৯-১৯ পর্যন্ত দুই জুটি সমান তালে খেলেছিল। সেখান থেকে, তাং এবং সে ইং জুটি শুধুই এগিয়ে যান। দ্বিতীয় খেলায় ভারতীয়রা ট্যাং এবং সে-এর কাছাকাছি ছিল। কিন্তু ৯-৯ ব্যবধানের সময় হংকং, চিনের এই জুটি টানা ৮ পয়েন্ট জিতেছিল। ধ্রুব এবং তানিশার পক্ষে ব্যবধানটি পূরণ করা খুব বেশি ছিল না।

## বাড়ল সূচক, পয়লা বৈশাখের আগে লগ্নিকারীদের মুখে হাসি

মুম্বই, ১১ এপ্রিল (হি.স.): শুক্রবার, চলতি সপ্তাহের শেষ লেনদেনের দিনে ফের লাফিয়ে বাড়ল সূচক। ফলে পয়লা বৈশাখের আগে লগ্নিকারীদের মুখে ফুটেছে হাসি।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পারস্পরিক শুল্ক নীতিতে ৯০ দিনের স্থগিতাদেশ জারি করতেই এশিয়ার শেয়ার বাজারে ঝড় ওঠে। এ বার সেই ছবি দেখা গেল বম্বে স্টক এক্সচেঞ্জে এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জেও। এ দিন ৭৫,১৫৭.২৬ পয়েন্টে উঠে বন্ধ হয় সেনসেক্স। বম্বে স্টক এক্সচেঞ্জের (বিএসই) শেয়ার সূচকে ১,৩১০.১১ পয়েন্টের বৃদ্ধি দেখা গিয়েছে, যেটা ১.৭৭ শতাংশ। অন্য দিকে, নিফটি-৫০ উঠেছে ২২,৮২৮.৫৫ পয়েন্টে। ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের (এনএসই) সূচক বেড়েছে ১.৯২ শতাংশ বা ৪২৯.৪০ পয়েন্ট।

দু'টি বাজার মিলিয়ে মোট ৩,০০৬টি শেয়ারের দাম বৃদ্ধি পেয়েছে। দর পড়েছে ৮০৭টি স্টকের। পাশাপাশি, ১১০টি শেয়ারের দামের কোনও পরিবর্তন হয়নি।

## মোথাবাড়ির আক্রান্তদের পাশে দাঁড়ালেন শুভেন্দু

মালদা, ১১ এপ্রিল (হি.স.): মালদা জেলার মোথাবাড়িতে কয়েকদিন আগে জেহাদিরা ভয়ঙ্কর অত্যাচার করেছে বলে অভিযোগ উঠেছে। শেষ পর্যন্ত কলকাতা হাইকোর্টের শর্তসাপেক্ষ অনুমতি পেয়ে শুক্রবার মোথাবাড়িতে গেলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আক্রান্তদের পাশে দাঁড়ালেন তিনি।

তিনি আগেই আসতে চেয়েছিলেন মোথাবাড়িতে। গোষ্ঠী সংঘর্ষের পরপরই। তাঁর অভিযোগ, মোথাবাড়িতে আসতে চেয়ে তিনি তিনবার মালদার পুলিশ সুপারকে চিঠি দেন। কিন্তু কোনওবার তাঁর আবেদন গ্রাহ্য করেননি পুলিশ সুপার।

বিজেপি-র মিডিয়া হোয়াটসঅ্যাপ গ্রুপে জানানো হয়েছে, সংঘর্ষে ক্ষতিগ্রস্ত এক গোষ্ঠীর পরিবারগুলিকে তিনি এদিন আর্থিক সাহায্যও দেন। পুলিশ কিংবা রাজ্য সরকার না পারলেও মোথাবাড়িতে শান্তি রক্ষার দায়িত্ব তিনি নিজের কাঁধে তুলে নিচ্ছেন বলে জানিয়ে দেন শুভেন্দুবাবু।

প্রায় ৮৬ টি পরিবার সেখানে আক্রান্ত হয়েছে। মা বোনেরা আক্রান্ত হয়েছেন। কারোও হাত ভেঙ্গে দেওয়া হয়েছে, কারোও পা। দোকান, বাড়ি লুটপাট করা হয়েছে। আদালতের নির্দেশ মেনে আজ মালদার মোথাবাড়িতে চৌরঙ্গী, পাল পাড়া, হালদার পাড়া সহ অন্যান্য এলাকায় যান। জেহাদিদের হাতে আক্রান্ত হিন্দু পরিবারগুলির সাথে দেখা করে প্রত্যেকের সাথে কথা বলে, ক্ষতিগ্রস্থদের হাতে কিছু আর্থিক সাহায্য তুলে দেন। সর্বতোভাবে সকলের পাশে থাকার আশ্বাস দেন শুভেন্দু অধিকারী।''

প্রসঙ্গত, কিছুকাল আগে মোথাবাড়িতে দুই গোষ্ঠীর সংঘর্ষ বাধে। এক গোষ্ঠীর লোকজনের বিরুদ্ধে অন্য গোষ্ঠীর লোকজনের ঘরবাড়ি, দোকানপাট ভাঙচুর করার অভিযোগ ওঠে। সেদিন অভিযুক্ত গোষ্ঠীর লোকজন নাকি মোথাবাড়ি থানার পুলিশকেও আক্রমণ করেছিল। এই ঘটনায় পুলিশ প্রায় ৭০ জনকে গ্রেফতার করে।

## হনুমান জয়ন্তী পালনে হাই কোর্টের সিঙ্গলের পর ডিভিশন বেঞ্চেও ধাক্কা হিন্দু সেবা দলের

কলকাতা, ১১ এপ্রিল (হি.স.): শনিবার হনুমান জয়ন্তী। হিন্দু সেবা দল ওইদিন ভোর পাঁচটা থেকে বেলা ১১টা পর্যন্ত রেড রোডে বসে হনুমান চালিশা পাঠ করতে চায়। কিন্তু শুক্রবার হাই কোর্টের সিঙ্গল বেঞ্চের পর ডিভিশন বেঞ্চেও ধাক্কা খেলেন আহ্বায়করা।

কমপক্ষে ৩ হাজার মানুষ ওই কর্মসূচিতে অংশ নেওয়া কথা ছিল। সেনার তরফে কর্মসূচির অনুমতি দেওয়া হয় হিন্দু সেবা দলকে। যদিও পুলিশি অনুমতি পাওয়া যায়নি। সে কারণে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয় হিন্দু সেবা দল।

সিঙ্গল বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ করে প্রধান বিচারপতির দ্বারস্থ হয় হিন্দু সেবা দল। মামলা দায়ের করার অনুমতিও পায় তারা। এদিন তাতেও অনুমতি মেলেনি।

প্রসঙ্গত, এর আগে সম্প্রতি শুক্রবার শুভেন্দু অধিকারীকে শর্তসাপেক্ষে হনুমান জয়ন্তী পালনের অনুমতি দিয়েছিল হাই কোর্ট।

## অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ ও পরিচয়পত্রের দাবিতে ডেপুটেশন বাঁকুড়া সম্মিলনী মেডিক্যালে

বাঁকুড়া, ১১ এপ্রিল (হি.স.) : অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ,পরিচয়পত্র প্রদান ও অন্যান্য দাবিকে কেন্দ্র করে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালের সুপারের কাছে শুক্রবার ডেপুটেশন দিল পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারী ইউনিয়ন।

ইউনিয়নের সম্পাদক বিশ্বজিৎ ঘোষ জানান, এই হাসপাতালে বর্তমানে ৬৯ জন অস্থায়ী কর্মী রয়েছেন। অনেকেই বহুদিন ধরে কাজ করলেও এখনও স্থায়ী স্বীকৃতি পাননি। প্রাপ্য ভাতাও কম। এই মূল্যবৃদ্ধির সময়ে এত কম পারিশ্রমিকে সংসার চালানো সম্ভব নয়। তিনি আরও বলেন, অস্থায়ী কর্মীদের জন্য পরিচয়পত্র থাকা জরুরি। এটি শুধু হাসপাতালের নিরাপত্তার দিক থেকেই নয়, কর্মীদের স্বার্থেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। হাসপাতালের সুপার তথা এমএসভিপি ডেপুটেশন গ্রহণ করে সমস্ত দাবি-দাওয়া বিবেচনার আশ্বাস দিয়েছেন।

## জম্মু ও কাশ্মীরের কিশতওয়ারে এনকাউন্টার, গুলিতে নিহত এক জঙ্গি

শ্রীনগর, ১১ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের কিশতওয়ার জেলায় পুলিশ ও সুরক্ষা বাহিনীর যৌথ অভিযানে এক সন্ত্রাসবাদী নিহত হয়েছে। গুলির লড়াই এখনও চলছে। বিশ্বস্ত সূত্রে খবর পাওয়া যায় কিশতওয়ার জেলার ছাত্রু বনাঞ্চলে লুকিয়ে রয়েছে কয়েকজন জঙ্গি, সেই খবর পাওয়া পর বৃহস্পতিবার থেকে ওই এলাকায় অভিযান চালায় জম্মু ও কাশ্মীর পুলিশ ও সেনাবাহিনী। ওই দিনই সন্ধ্যায় সুরক্ষা বাহিনী ও জঙ্গিদের মধ্যে গুলির লড়াই শুরু হয়। জঙ্গিরা যাতে পালিয়ে যেতে না পারে, তাই চারিদিক থেকে গোটা এলাকা ঘিরে রাখা হয়। শুক্রবার দুপুরে সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, এনকাউন্টারে নিহত হয়েছে এক জঙ্গি। এখনও অভিযান জারি রয়েছে।




শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে পেনশনার্স এসোর তৃতীয় রাজ্য সম্মেলনের আয়োজন করা হয়।

## বিহারে মদ ও নগদ—সহ চোরাকারবারি গ্রেফতার

আরারিয়া, ১১ এপ্রিল (হি.স.) : বিহারের আরারিয়া জেলায় বৃহস্পতিবার রাতে মেহতা টোলার কাছে এক চোরাকারবারিকে ৩৬০ বোতল নেপালি মদ ও ১০ হাজার ২০০ টাকা সহ গ্রেফতার করা হয়। ভারত-নেপাল সীমান্তে এই অভিযান চালানো হয়। অভিযুক্ত রাতের অন্ধকারে নেপাল থেকে ভারতে মদ আনার চেষ্টা করছিল। পুলিশ তাকে পাকড়াও করে।

## বিহারে অপরাধ ক্রমেই বাড়ছে, আইনশৃঙ্খলা নিয়ে প্রশ্ন তেজস্বীর

পাটনা, ১১ এপ্রিল (হি.স.): বিহারের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আবারও উদ্বেগ প্রকাশ করলেন আরজেডি নেতা তেজস্বী যাদব। বিহারের আইনশৃঙ্খলা নিয়ে নিজের সাম্প্রতিক টুইটের পরিপ্রেক্ষিতে শুক্রবার আরজেডি নেতা তেজস্বী যাদব বলেছেন, 'আমি ইতিমধ্যেই বিহারের আইনশৃঙ্খলা নিয়ে কথা বলেছি। এখানে অপরাধমূলক ব্যাধি রয়েছে। অপরাধীরা অস্থিরভাবে দৌড়াচ্ছে। অপরাধের ঘটনা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।'তেজস্বী যাদব আরও বলেছেন, 'স্বরাষ্ট্র বিভাগ মুখ্যমন্ত্রীর অধীনে আসে। অপরাধীদের জন্য নতুন আইন তৈরি করা হয় এবং তাদের মুক্ত করার জন্য, দুর্নীতিবাজদের পদোন্নতি দেওয়া হয়। বিহারে এমন একটি দিনও যায় না যখন গুলি চালানো হয় না, যখন খুন, অপহরণ এবং লুটপাটের ঘটনা ঘটে না। এখানে অরাজকতা রয়েছে।'

## পাটনায় কংগ্রেসের মিছিলে জলকামান, কানহাইয়া-সহ অনেকেই আটক

পাটনা, ১১ এপ্রিল (হি.স.): পাটনায় কংগ্রেসের 'পলায়ন রোকো, চাকরি দো' মিছিল রুখে দিল পুলিশ। এই মিছিলে অংশগ্রহণকারীদের ছত্রভঙ্গ করতে জলকামান ব্যবহার করা হয়। কংগ্রেস নেতা কানহাইয়া কুমার-সহ বেশ কয়েকজনকে আটক করে গাড়িতে তোলা হয়। ডিএসপি (আইন ও শৃঙ্খলা) কৃষ্ণ মুরারি প্রসাদ বলেন, 'আমরা ইতিমধ্যেই সকলকে শান্তিপূর্ণভাবে মিছিল করার জন্য অনুরোধ করেছিলাম, কিন্তু তারা শোনেনি এবং বেশ আক্রমণাত্মক হয়ে উঠেছিল। এরপর, আমরা জলকামান ব্যবহার করেছি এবং বেশ কয়েকজনকে আটক করেছি।'
রাজাপুর ব্রিজের কাছে বিক্ষোভ চলাকালীন পুলিশ কংগ্রেস কর্মীদের আটক করে এবং জলকামান ব্যবহার করে তাদের ছত্রভঙ্গ করে দেয়। বিক্ষোভ চলাকালীন কানহাইয়া কুমার-সহ বেশ কয়েকজন নেতাকে আটক করা হয়। আটক হওয়ার প্রাক্কালে কংগ্রেস নেতা কানহাইয়া কুমার বলেছেন, 'এই যাত্রা বিহারের বিভিন্ন জেলা পেরিয়ে গেছে এবং স্থানীয় মানুষ তাদের নির্দিষ্ট সমস্যাগুলি তুলে ধরেছে।' উল্লেখ্য, যুব কংগ্রেসের অধীনে "পলায়ন রোকো, চাকরি দো" যাত্রার আওতায় শচীন পাইলট ও অন্যান্য কংগ্রেস নেতারা মুখ্যমন্ত্রীর বাসভবনের দিকে একটি প্রতিবাদ মিছিল বের করেন। কংগ্রেস নেতা কানহাইয়া কুমার, সুপ্রিয়া সুলে, এনএসইউআই জাতীয় সভাপতি বরুণ চৌধুরী এবং আরও বেশ কয়েকজন দলীয় কর্মী উপস্থিত ছিলেন।

## বিহারে ঝড়-বৃষ্টি ও বজ্রপাতের পূর্বাভাস, জারি কমলা সতর্কতা

পাটনা, ১১ এপ্রিল (হি.স.): ঝড়-বৃষ্টি ও বজ্রপাতে বিহারের বিভিন্ন জেলায় ইতিমধ্যেই বহু মানুষের মৃত্যু হয়েছে। এমতাবস্থায় আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ৪-৫ দিন বিহারের বেশ কিছু অংশে বজ্রপাত ও শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবার ভারী থেকে মাঝারি বৃষ্টিপাতও প্রত্যাশিত। এই মর্মে বিহারে কমলা সতর্কতা জারি করা হয়েছে। আগামী দিনগুলিতে উত্তর-পূর্ব থেকে পশ্চিম বিহার পর্যন্ত অঞ্চলভিত্তিক বৃষ্টিপাতের ওঠানামা দেখা দিতে পারে, বজ্রপাতের পাশাপাশি দমকা হাওয়াও বইবে। বৃষ্টির সময় খোলা স্থানে যেতে বারণ করা হয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (**টোলফ্রি :** ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## প্রশ্ন উঠতেই 'লাথি মারা এসআই-কে' সরানো হল তদন্তের দায়িত্ব থেকে

কলকাতা, ১১ এপ্রিল (হি.স.): কসবায় চাকরিহারা প্রার্থীকে লাথি মারার ঘটনায় অভিযুক্ত এসআই-কে তদন্তের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে। দায়িত্ব পেয়েছেন অন্য এক এসআই।
লালবাজার সূত্রে খবর, কসবার ঘটনার তদন্ত করবেন সঞ্জয় সিংহ। কসবা থানায় এসআই পদে আছেন তিনি। এর আগে এই দায়িত্ব দেওয়া হয়েছিল এসআই রিটন দাসকে। অভিযোগ, গত বুধবার চাকরিহারাদের বিক্ষোভের ভাইরাল ভিডিয়োয় এক আন্দোলনকারীর পেটে লাথি মারতে দেখা গিয়েছিল তাঁকে। পরে ওই দিনের ঘটনার তদন্তকারী অফিসার (আইও) হিসাবে নিযুক্ত হন সেই রিটনই।
বিষয়টি নিয়ে বিতর্ক শুরু হয়। তার মাঝেই শুক্রবার কসবাকাণ্ডের তদন্তকারী অফিসার বদলে দেওয়া হয়।

## রেড রোডে হনুমান জয়ন্তীর কর্মসূচিতে সায় নেই আদালতের, প্রধান বিচারপতির কাছে আর্জি

কলকাতা, ১১ এপ্রিল (হি.স.): রেড রোডে হনুমান জয়ন্তীর কর্মসূচির অনুমতি দিল না কলকাতা হাই কোর্ট। শুক্রবার বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এই নির্দেশ দেন। এই নির্দেশকে চ্যালেঞ্জ করে প্রধান বিচারপতির দ্বারস্থ হয়েছে হিন্দু সেবা দল।
শনিবার হনুমান জয়ন্তী। হিন্দু সেবা দল ওইদিন ভোর পাঁচটা থেকে বেলা ১১টা পর্যন্ত রেড রোডে বসে হনুমান চালিশা পাঠ করতে চায়। কমপক্ষে ৩ হাজার মানুষ ওই কর্মসূচিতে অংশ নেওয়া কথা। সেনার তরফে কর্মসূচির অনুমতি দেওয়া হয় হিন্দু সেবা দলকে। যদিও পুলিশি অনুমতি পাওয়া যায়নি। সে কারণে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয় হিন্দু সেবা দল। মামলা দায়ের করার অনুমতি দেওয়া হয়েছে তাঁদের। শীঘ্রই শুনানির সম্ভাবনা।

## নাশকতার আগুন

● প্রথম পাতার পর

গিয়েছে, গতকাল গভীর রাতে সিপিআইএম সোনাই অঞ্চল অফিসে আগুন লাগিয়ে দিয়েছে দুস্কৃতিকারীরা। সাথে সাথে স্থানীয়রা ঘটনাটি দেখতে পেয়ে খবর দিয়েছেন মনুবাজার দমকলবাহিনীকে। দমকলকর্মীরা খবর পেয়ে একটি ইঞ্জিন নিয়ে ঘটনাস্থলে ছুটে গিয়ে আগুন আয়ত্তে আনে। ওই ঘটনায় গোটা এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে। এদিকে, আজ সকালে খবর পেয়ে অফিস পরিদর্শনে যান মহকুমা সম্পাদক মন্ডলীর সদস্য দীপক দে। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি ওই ঘটনায় দোষীদের শাস্তির দাবী জানিয়েছেন।

## হতে হবে ঃ কৃষিমন্ত্রী

● প্রথম পাতার পর

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব, লেফুঙ্গা বি.এ.সি.-র চেয়ারম্যান রণবীর দেববর্মা, মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুভাষ চন্দ্র দাস প্রমুখ। অনুষ্ঠানে বেসরকারি বিভিন্ন সংস্থার ২৯৮টি পদের জন্য ২৬৩ জন আবেদন করেন। রায় কনস্ট্রাকশন, প্রাণ, এভারগ্রিন, লংতরাই, ডি.এস. গ্রুপ ইত্যাদি সংস্থা এই অনুষ্ঠানে অংশ নেয়। প্রশিক্ষণের জন্য ৩,১৪৩ জন যুবক-যুবতী তাদের নাম নথিভুক্ত করেছে। উল্লেখ্য, মোহনপুর মহকুমা প্রশাসন, মোহনপুর আর.ডি. ব্লক, লেফুঙ্গা আর.ডি. ব্লক, মোহনপুর পুরপরিষদ ও স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের উদ্যোগের আজকের এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## শিকার বৃদ্ধ শাশুড়ি

● প্রথম পাতার পর

সকালে দিপালী দাস তার বৃদ্ধা শাশুড়ি সন্ধ্যা মজুমদারকে মারধর শুরু করেন। এতে কর্ণজিত মজুমদারের সম্পূর্ণ ইশারা ছিল বলে অভিযোগ করেন নির্যাতিতা শাশুড়ি সন্ধ্যা মজুমদার। পরে স্থানীয় এলাকাবাসীদের পক্ষ থেকে খবর দেওয়া হয়েছে আমতলী থানায়। খবর পেয়ে আমতলী থানার পুলিশ ঘটনাস্থলে দ্রুত ছুটে গিয়ে সম্পূর্ণ ঘটনাটি সরজমিনে প্রত্যক্ষ করে এবং কর্ণজিত মজুমদার ও তার স্ত্রী দিপালী দাসকে কড়া হুঁশিয়ারি দেন যে বৃদ্ধা মায়ের উপর আক্রমণের ঘটনাটি সামাজিক এবং আইনের চোখে কোনমতেই মানানসই নয়।
নির্যাতিতা বৃদ্ধা সন্ধ্যা মজুমদার পুলিশের সামনে দুই চোখের জল ফেলতে ফেলতে এই নির্যাতনের ঘটনাটি বিস্তারিতভাবে জানান এবং তিনি জানিয়েছেন এই নিয়ে বেশ কয়েকদিন তাকে মারধর করেছে পুত্রবধু। খবর পেয়ে ছুটে গিয়েছেন কাঞ্চনমালা গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ডের সদস্য সুধীর চৌধুরী। জানা গেছে এই ব্যাপারে আমতলী থানার পুলিশ নির্দিষ্ট ধারায় মামলা গ্রহণ করবে পুত্র কর্ণজিৎ মজুমদার এবং পুত্রবধূ দিপালী দাসের বিরুদ্ধে।

## পুড়লো বসত ঘর

● প্রথম পাতার পর

সিলিন্ডার বিস্ফোরণে আগুন ভয়াবহ আকার ধারণ করে। আগুনের লেলিহান শিখায় বসত ঘরটি সম্পূর্ণরূপে ভস্মীভূত হয়ে যায়। এদিকে, বাড়ির রাস্তা প্রশস্ত না হওয়ায় দমকলের গাড়ি পৌঁছতে পারেনি। এলাকাবাসীদের সহযোগিতায় দমকলের একটি পাম্প মেশিন কাঁধে করে ঘটনাস্থলে নিয়ে গিয়ে পাশের পুকুর থেকে জল দিয়ে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। কিন্তু ততক্ষণে বসত ঘরটি সম্পূর্ণরূপে ভস্মীভূত হয়ে যায়।

## জোরালো দাবি জনতার

● প্রথম পাতার পর

পরিবারগুলি কেন আজও জলসেবা থেকে বঞ্চিত?
এবিষয়ে আশ্রমের এক ভক্ত জানান, রাস্তা নির্মাণের স্বার্থে আশ্রমের পক্ষ থেকে স্বেচ্ছায় জমি দান করেছেন সন্ন্যাসী শ্রী মহন্ত দিব্যানন্দ গিরিজি মহারাজ। অথচ সেই জমি ব্যবহার করে আজ পর্যন্ত রাস্তা নির্মাণের কোনও পদক্ষেপ প্রশাসনের তরফে নেওয়া হচ্ছে না। ভক্তরা জানান, বর্ষাকালে এই রাস্তা দিয়ে নিখিল সরকার পাড়া, এম আর দাস পাড়া প্রভৃতি এলাকার মানুষ চরম দুর্ভোগে পড়েন।
উল্লেখ্য শ্রী মহন্ত দিব্যানন্দ গিরিজি মহারাজ একজন তান্ত্রিক চিকিৎসা বিশেষজ্ঞ। সাপে কামড় বা ভূতের উপদ্রবের মতো সমস্যায় বহু মানুষ তাঁর আশ্রমে এসে সহায়তা পান। ফলে আশ্রমে দ্রুত পৌঁছানো অনেকের কাছে জরুরি হয়ে ওঠে। এমন এক গুরুত্বপূর্ণ স্থানে যাতায়াতের রাস্তা যদি বেহাল থাকে, তাহলে সাধারণ মানুষের বিপদ আরও বাড়বে বলেই আশঙ্কা করছেন স্থানীয়রা।
তাই এলাকাবাসীর দাবিবর্ষা আসার আগেই অবিলম্বে এই গুরুত্বপূর্ণ রাস্তাটির পূর্ণ সংস্কার করতে হবে এবং সংশ্লিষ্ট পরিবারগুলিকে পানীয় জল সুবিধার আওতায় আনতে হবে। এখন প্রশাসনের সক্রিয় হস্তক্ষেপই একমাত্র সমাধান।

## মৃত্যু ৫৮ জনের

● প্রথম পাতার পর

নগর, সীতাপুর, সিদ্ধার্থনগর, আজমগড়, আমেঠি, বারাবাঁকি এবং বালিয়া-সহ রাজ্যের ৩৬টি জেলার মধ্যে ১১টিতেই হতাহতের খবর পাওয়া গিয়েছে। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ মৃতদের পরিবারকে ৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ ঘোষণা করেছেন। তিনি ভারী বৃষ্টিপাত এবং বজ্রপাতের কারণে জীবন ও ফসলের ক্ষয়ক্ষতি নিরূপণের জন্য একটি সমীক্ষা পরিচালনা করার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

## মাধ্যমিকে ৫৯১ নম্বর পেয়ে মেধা-তালিকার শীর্ষে অমিশ্রী শইকিয়া, দ্বিতীয় এবং তৃতীয়স্থানে যোরহাট এবং গুয়াহাটি

গুয়াহাটি, ১১ এপ্রিল (হি.স.) : 'অসম রাজ্য স্কুল শিক্ষা পর্ষদ' (আসাম স্টেট স্কুল এডুকেশন বোর্ড সংক্ষেপে এএসএসইবি) পরিচালিত মাধ্যমিক (দশম শ্রেণি) পরীক্ষা (এইচএসএলসি) ২০২৫-র ঘোষিত ফলাফলে শীর্ষ মেধা-তালিকার প্রথম তিনের প্রথম স্থান দখল করেছে যোরহাটের অমিশ্রী শইকিয়া এবং দ্বিতীয় গুয়াহাটি এবং তৃতীয় যোরহাটের শিক্ষার্থী। এবারের মাধ্যমিক পরীক্ষায় শীর্ষস্থান দখল করেছে যোরহাটের প্রজ্ঞা অ্যাকাডেমির সিনিয়র সেকেন্ডারি স্কুলের ছাত্রী অমিশ্রী শইকিয়া। ৬০০-এর মধ্যে অমিশ্রী পেয়েছে ৫৯১ নম্বর। তাঁর প্রাপ্ত নম্বরে শতাংশের হার ৯৮.৫০। দ্বিতীয় স্থান লাভ করেছে গুয়াহাটির নুনমাটিতে অবস্থিত অসম জাতীয় বিদ্যালয়ের ছাত্র সপ্তর্ষ বরদলৈ। মোট ৫৯০ নম্বর পেয়েছে সপ্তর্ষ। শতাংশের হার ৯৮.৩৩। এছাড়া প্রজ্ঞা অ্যাকাডেমির আরেক ছাত্র অনির্বাণ বর্মণ ৬০০ নম্বরের মধ্যে লাভ করেছে ৫৮৯ নম্বর। তাঁর প্রাপ্ত নম্বরের শতকরা হার ৯৮.১৭ শতাংশ। এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডা. রণোজ পেগু তাঁর অফিশিয়াল সোশ্যাল মিডিয়ায় শীর্ষস্থানীয়দের অভিনন্দন জানিয়ে অধ্যবসায়ে তাঁদের নিষ্ঠার প্রশংসা করেছেন। আগামী শিক্ষা যাত্রায় তাঁদের সাফল্য কামনা করেছেন শিক্ষামন্ত্রী।

## ২২ হাজার খোয়ালেন বধূ

● প্রথম পাতার পর

সাইবার প্রতারণার শিকার হচ্ছেন। এবারে সাইবার ক্রাইমের অনলাইন প্রতারণা শিকার হলেন দক্ষিণ চড়িলাম কৃষ্ণ সংঘ এলাকার গৃহবধূ মহামায়া আচার্য্য। বুধবার রাতে দক্ষিণ চড়িলাম কৃষ্ণ সংঘ এলাকার রাজু আচার্য্যের স্ত্রী মহামায়া আচার্য্যকে সাইবার ক্রাইম প্রতারক ফোন করে বলেন উনার গুগল পে ৫০০০ টাকা লটারি লেগেছে। সেই টাকা ওনাকে পেতে হলে কিছু প্রসেস করতে হবে। ৫০০০ টাকার লোভে সার্ভার ক্রাইম প্রতারকের টিম যেভাবে মহামায়া আচার্য্যকে বলেছেন ঠিক সেভাবে উনি ওটিপি পর্যন্ত দিয়ে দেন সঙ্গে সঙ্গে উনার উজ্জীবন একাউন্ট থেকে ২২ হাজার টাকা বৃহস্পতিবার সন্ধ্যা রাতে হাতিয়ে নেয় প্রতারকের টিম।
অবশেষে সে টাকা ফিরে পেতে বৃহস্পতিবার গভীর রাতে বিশ্রামগঞ্জ থানায় দারস্ত হয় অসহায় মহামায়া আচার্য্য সহ উনার স্বামী রাজু আচার্য্য। বর্তমানে প্রত্যেকের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করার পূর্বে ভারত সরকার সকলকে সচেতন করার লক্ষ্যে সাইবার ক্রাইমের হাত থেকে বাঁচাতে বিভিন্ন মাধ্যমে সতর্ক করছেন। কিন্তু তারপরেও জনগণের মধ্যে সচেতনতার অভাব দেখা দিচ্ছে। সাইবার ক্রাইম দপ্তর এখন প্রতারকদের হদিশ পান কিনা সেটাই দেখার।

## রাজ্যে ঃ মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

নজর দেয়নি। আমাদের সরকার আসার পর আমরা প্রতিটি দপ্তরে উন্নয়নের চেষ্টা করছি। শুধু স্কুল বিল্ডিং নয়, স্কুলের অভ্যন্তরের চেহারাও বদলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। ছাত্রছাত্রীরা যাতে গুণগতমানের শিক্ষা পরিষেবা পায় সেদিকেও নজর দেওয়া হচ্ছে। শিক্ষকের স্বল্পতা নিরসনে রাজ্য সরকার প্রয়াস জারি রেখেছে। টিচার্স রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে এখন ভালো ভালো শিক্ষকরা আসছেন।
অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, এই সরকার আসার পর ৭ বছরে প্রায় ১৬ থেকে ১৭ হাজার সরকারি চাকরি দেওয়া হয়েছে। আমরা চাইছি আরো যেসব চাকরি রয়েছে সেগুলি প্রদান করার। শুধু সময়ের অপেক্ষা। আজ তেলিয়ামুড়ায় উন্নয়নের ক্ষেত্রে আরো একটি নতুন পালক যুক্ত হলো। এতে যাত্রী স্বাচ্ছন্দ্য বৃদ্ধির সাথে সাথে পরিবহন শ্রমিকদেরও অনেক সুবিধা হবে। সারা দেশেই সবকা সাথ, সবকা বিকাশ, সবকা প্রয়াস ও সবকা বিশ্বাস এর কর্মযজ্ঞ চালিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আমরাও সেই দিশায় কাজ করছি। প্রধানমন্ত্রীর চিন্তাভাবনাকে সামনে রেখে রাজ্য সরকারও মানুষের কল্যাণে কাজ করছে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি সহ সবক্ষেত্রেই অগ্রাধিকার দিয়ে কাজ করছে সরকার। মানুষের যাতে দক্ষতা বৃদ্ধি হয় সেদিকেও নজর দেওয়া হয়েছে। পরিসংখ্যান দিয়ে মুখ্যমন্ত্রী গত এক বছরে খোয়াই জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের খতিয়ান তুলে ধরেন। ডাঃ সাহা জানান, কেন্দ্রীয় প্রকল্পতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রকের অধীনে এই জেলায় খোয়াই থেকে তেলিয়ামুড়া পর্যন্ত প্রায় ২৬ কিমি জাতীয় সড়ক (এনএইচ ২০৮) নির্মাণের কাজ চলছে। মুঙ্গিয়াকামী থেকে চম্পকনগর পর্যন্ত জাতীয় সড়ক (এনএইচ ০৮) চার লেনের প্রশস্তকরণের জন্য জমি অধিগ্রহণের কাজ চলছে। রাজ্য সরকারের প্রকল্পের মধ্যে রয়েছে - গত ১২ ফেব্রুয়ারি তেলিয়ামুড়ায় জেলা পরিবহন কার্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন, খোয়াই পুরান বাজারে পার্কিং কমপ্লেক্সের উদ্বোধন, খোয়াই সরকারি উচ্চতর মাধ্যমিক বালক স্কুল মাঠে সিন্থেটিক টার্ফ ফুটবল গ্রাউন্ডের উদ্বোধন, খোয়াই ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নবনির্মিত ভবনের উদ্বোধন, খোয়াইয়ের সিঙ্গিছড়া শরৎ চন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নবনির্মিত ভবনের উদ্বোধন, তুলাশিখর ব্লকের আশারাম বাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ক্লাশরুম, ল্যাবরেটরি উদ্বোধন। সেই সঙ্গে খোয়াইয়ে ডিস্ট্রিক্ট পঞ্চায়েত রিসার্চ সেন্টার নির্মিত হয়েছে। ঠাকুর পাড়ায় হোস্টেল বিল্ডিং নির্মিত হয়েছে। এছাড়াও আরো বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন হওয়ার পর্যায়ে রয়েছে।
মুখ্যমন্ত্রী বলেন, এবারের বাজেটে অনেক সুন্দর সুন্দর প্রকল্প রাখা হয়েছে। মুখ্যমন্ত্রী শস্য শ্যামলা যোজনায় যাতে আরো ভালো ফলনশীল জাতের ফসল উৎপাদন করা যায় এজন্য বাজেটে আর্থিক সংস্থান রাখা হয়েছে। এর পাশাপাশি মুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা, চিফ মিনিস্টার স্কিম ফর মেন্টালি চ্যালেঞ্জড পার্সন, মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনা, চিফ মিনিস্টার এসিস্ট্যান্স ফর ডটার সান ফর আর্মি সিআরপিএফ সহ আরো বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প এবারের বাজেটে রাখা হয়েছে। আমাদের সরকার প্রতিনিয়ত প্রতিটি বিষয়ে নজর রাখে। এই সরকার যে মানুষের সরকার সেটা বারবার প্রমাণিত হয়েছে। এবারের বাজেটে ভারত মাতা ক্যান্টিন কাম নাইট সেন্টার গড়ে তোলার ব্যবস্থা রাখা হয়েছে। সমস্ত মহকুমায় স্পেশাল কোচিং সেন্টার তৈরি করার ব্যবস্থা রাখা হয়েছে। প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য আগরতলা, উদয়পুর, আমবাসায় কম্পিটিটিভ এক্সামিনেশন সেন্টার চালুর প্রস্তাব রাখা হয়েছে। যানজটের সমস্যা নিরসনে আগরতলা ও উদয়পুরে দুটি ফ্লাইওভার নির্মাণের জন্য বাজেটে আর্থিক বরাদ্দ রাখা হয়েছে।
বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্যে আরো ২০,৪৮৫ হেক্টর জমিতে রাবার চাষ নতুন করে বাড়ানো হবে। ১০টি নতুন রাবার প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করা হবে। ৩টি ১০০ শয্যা বিশিষ্ট জনজাতি হোস্টেল করা হবে। ৫০ শয্যা বিশিষ্ট ৭টি এসটি হোস্টেল গড়ে তোলা হবে। হাঁপানিয়ায় প্রায় ১৫ কোটি টাকা ব্যয়ে কম্পিউটার ভিত্তিক অনলাইন পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে। রাজ্যের বেশ কয়েকটি থানার আধুনিকীকরণের জন্য বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় এখন পর্যন্ত প্রায় ২২২ কোটি টাকার পরিমাণে বিনামূল্যে সেটেলমেন্ট হয়েছে। একইভাবে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় আমাদের রাজ্যে প্রায় ২ লক্ষ ২৮ হাজার পরিবারে কার্ড বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী সাহা রায়, খোয়াই জিলা সভাধিপতি অপর্ণা সিংহ রায়, পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া, খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ, শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা সহ অন্যান্য জনপ্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তিগণ। উল্লেখ্য, এদিন তেলিয়ামুড়ায় নির্মিত আধুনিক মোটরস্ট্যান্ডের জন্য ব্যয় হয়েছে ৪.৯০৫৮ কোটি। ৪.৪০৪৩ কোটি টাকা ব্যয়ে তেলিয়ামুড়া ইংরেজি মাধ্যম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ভবন, ২ কোটি টাকা ব্যয়ে কবি নজরুল বিদ্যাভবন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভবন এবং ৪.২৪০৮ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে মুঙ্গিয়াবাড়ি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ভবন। সেই সঙ্গে ৩.৬৭ কোটি টাকা ব্যয়ে কল্যাণপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দ্বিতল ভবন, ৫৫.৪১৬ লক্ষ টাকা ব্যয়ে বিডিও কোয়ার্টার ও ২.১৮ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে বীরচন্দ্রনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ভবন।

## খোয়াইয়ে মিড ডে মিল কর্মীদের রাজ্য সাংগঠনিক কনভেনশন

নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১১এপ্রিলঃ খোয়াইয়ে মিড ডে মিল প্রকল্পের কর্মীদের রাজ্য ভিত্তিক সাংগঠনিক কনভেনশন অনুষ্ঠিত হয়ে গেল।শুক্রবার এখানকার পুরোনো টাউন হলে অনুষ্ঠিত হয় মিড ডে মিল কুক কাম হেল্পার ওয়েলফেয়ার কমিটির রাজ্য কনভেনশন। উপস্থিত ছিলেন বিভিন্ন জেলার পাঁচ শতাধিক প্রতিনিধি।
নন্দ কুমার দেববর্মা ও জ্যোতিষ দেববর্মাকে নিয়ে গঠিত সভাপতিমণ্ডলী সাংগঠনিক কনভেনশনের কাজ পরিচালনা করেন।বক্তব্য রাখেন সংগঠনের রাজ্য আহ্বায়ক বীর কুমার দেববর্মা, যুগ্ম আহ্বায়ক সুচিত্রা দেববর্মা ও রাজ্য কমিটির সদস্যা পুতুল রাণী দাস।
সাংগঠনিক কনভেনশনে সংগঠনের আটটি জেলা কমিটির আহ্বায়কেরা নিজ নিজ জেলার পক্ষে রিপোর্টিং করেন।বক্তারা মিড ডে মিল প্রকল্পের কর্মীদের নিয়মিতকরণ করে ন্যুনতম আঠারো হাজার টাকা বেতন নির্ধারণ করা, অবসরকালীন পেনশন প্রদান করা, সারা বছর প্রতি মাসে বেতন প্রদানের প্রক্রিয়া নিশ্চিত করা, যখন তখন মিড ডে মিল প্রকল্পের কর্মীদের অনৈতিকভাবে ছাঁটাই না করা ও প্রকল্পের কর্মীদের বোনাস প্রদান করা ইত্যাদি দাবীতে সোচ্চার হয়ে সংগঠনকে শক্তিশালী করার ওপর গুরুত্ব আরোপ করেন।বক্তারা দাবী আদায়ে ধারাবাহিক আন্দোলনের কর্মসূচীর ওপরেও জোর দেন।জীবন জীবিকার মানোন্নয়নে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে লড়াই সংগ্রাম গড়ে তোলার আহ্বান জানান নেতৃবৃন্দ।কনভেনশনে সবশেষে নন্দ কুমার দেববর্মাকে সভাপতি করে মোট একচল্লিশজনের রাজ্য সাংগঠনিক কমিটি গঠন করা হয়।

## কৈলাসহর পিডব্লিউডি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান সিপিআইএম - র

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১১ এপ্রিল:** জনস্বার্থ সংশ্লিষ্ট দু দফা দাবির ভিত্তিতে শুক্রবার কৈলাসহর পিডব্লিউডি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছে সিপিআইএম কৈলাসহর শহরাঞ্চল কমিটি।
সিপিআইএম কৈলাসহর শহরাঞ্চল কমিটির উদ্যোগে কৈলাসহর জল সম্পদ বিকাশ দপ্তর ডিভিশন ৬ এর এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে দুই দফা দাবির ভিত্তিতে একটি ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশনে উপস্থিত ছিলেন সিপিআইএম কৈলাসহর মহকুমা কমিটির সম্পাদক অঞ্জন রায়, বিশ্বরূপ গোস্বামী, নিরঞ্জন রায় থেকে শুরু করে অন্যান্য নেতৃত্বরা উপস্থিত ছিলেন। এই দুই দফা দাবি হল কৈলাসহর পুরপরিষদ এলাকায় সমস্ত সুইস গেট ও পাম্প মেশিন দ্রুত সংস্কার করতে হবে, প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের অফিসের সামনে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন পাম্প মেশিন স্থাপন করতে হবে। উনাদের দাবি গুলির সাথে সহমত পোষণ করেন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার।

## পুড়িয়ে দিল দুষ্কৃতিরা

● প্রথম পাতার পর

জন্য আসে। এতে আব্দুল মিয়া বাঁধা দিলে তাদের মারধোর করে এবং উক্ত জায়গায় আগুন ধরিয়ে দেয় বলে অভিযোগ। এতে সুপারি বাগান সহ আম ও বিভিন্ন ফলজাতীয় গাছ পুড়ে ছাই হয়ে যায়। আব্দুল জানায় ওই জায়গা সে নিজের টাকায় খরিদ করলেও আব্দুল কালাম নামের তার এক কাকাতো ভাই এসে নিজের বলে দাবি করে এবং জবরদখল করতে চায়।
এ নিয়ে দীর্ঘদিন ধরে তাদের জমি সংক্রান্ত বিবাদ চলতে থাকে। কিন্তু সেদিনের ওই চরম অবস্থা দেখে সে কদমতলা থানার দ্বারস্থ হয়েছে এবং আব্দুল কালাম ও তার দুই স্ত্রী পিয়ারা বেগম, রাজিয়া বেগম এবং তার ছেলে আছাদ উদ্দিনের নামে লিখিত মামলা করেন। যদিও সংবাদ লেখা পর্যন্ত পুলিশ ঘটনাস্থলে যায়নি এবং ঘটনার কোন তদন্তই করেনি বলে অভিযোগ আব্দুল মিয়ার।

## কাঁপল ত্রিপুরা

● প্রথম পাতার পর

প্রশাসনের পক্ষ থেকে দ্রুত ব্যবস্থা নেওয়া হয়েছে এবং এখনো পর্যন্ত কোনো বড় ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। বিশেষজ্ঞরা জানিয়েছেন, এই অঞ্চলের ভূ-তাত্ত্বিক অবস্থানের কারণেই প্রায়শই এমন কম্পন অনুভূত হয়। বিশেষজ্ঞদের আরো অভিমত, উত্তর পূর্বাঞ্চল বড় ভূমিকম্পে কেঁপে উঠতে পারে। যার ফলে বড় ধরনের কোন প্রাকৃতিক দুর্যোগের আশঙ্কা করা যাচ্ছে। উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে এই ভূকম্পন তারই ইঙ্গিত কিনা, সে নিয়েও পর্যবেক্ষণ চলছে।
উল্লেখ্য কিছুদিন আগেই গত ২৮ মার্চ মায়ানমারে, ভয়াবহ ভূমিকম্পে হাজার হাজার মানুষ প্রাণ হারিয়েছেন। ক্ষয়ক্ষতি হয়েছে প্রচুর। খুঁজে পাওয়া যায়নি অনেককে।
২৮ মার্চ কয়েক মিনিটের ব্যবধানে জোড়া ভূমিকম্প হয়েছে মায়ানমারে। রিখটার স্কেলে প্রথম কম্পনের মাত্রা ৭.৭ এবং দ্বিতীয়টির মাত্রাও প্রায় ৭। এমনটাই জানিয়েছে ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি। এই ভূমিকম্পের প্রভাব পড়েছে ভারত-বাংলাদেশেও।
২৮ মার্চের মায়ানমারের ভূমিকম্পে প্রায় ৪০০০ জনগণের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৫ হাজারেরও বেশি জনগণ। প্রায় ৪৯ হাজার বাড়িঘর ধ্বংস হয়েছে, এছাড়াও মায়ানমার ধ্বংসের সম্মুখীন হয়েছেন। মায়ানমারের এই ভূমিকম্পের পর উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন জায়গায় হালকা কম্পন এর ফলে স্বভাবতই আতঙ্কের সৃষ্টি হয়েছে। মায়ানমারের ন্যায় বড় ধরনের কোন প্রাকৃতিক বিপর্যয়ের আশঙ্কা করা হচ্ছে উত্তর পূর্বাঞ্চলেও। যদিও বিশেষজ্ঞদের মতে এখনো পর্যন্ত সেই ধরনের কোন সতর্কতা জারি করা হয়নি। তবে এই ভূমিকম্প গুলির কারণ কি রয়েছে তা অনুসন্ধানে বিশেষজ্ঞরা চেষ্টা চালাচ্ছেন।
২০২৫ সাল শুরু হওয়ার পর থেকে, একাধিকবার উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য যেমন মেঘালয়, মনিপুর, মিজোরাম সহ আসামের বিভিন্ন এলাকা ভূকম্পনে কেঁপে উঠেছে। প্রতিবারই রিখটার স্কেলে এর তীব্রতা ৪ মাত্রার আশেপাশে লিপিবদ্ধ হয়েছে। যেমন, ৩১ মার্চ ২০২৫ বেলা ০২টা ৩৮ মিনিট ১৮ সেকেন্ডে মৃদু ভূমিকম্পে কেঁপেছে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য চীন ও মায়ানমার-ঘেঁষা অরুণাচল প্রদেশের শি ইয়োমি জেলা এবং পার্শ্ববর্তী এলাকা। রিখটার স্ক্যালে ভূকম্পনের তীব্রতা ছিল ৩.৫।
২৯ মার্চ ভূমিকম্পে কেঁপেছে মণিপুর। ঐদিন বেলা ০২-টা ৩১ মিনিট ২৯ সেকেন্ডে রিখটার স্ক্যালে ৩.৮ প্রাবল্যের মৃদু ভূমিকম্প হয়েছে মণিপুরের ননে জেলা এবং পার্শ্ববর্তী অঞ্চল। এছাড়া ২৮ মার্চ রাত পর্যন্ত নয়বার ভূমিকম্পের পর ২৯ মার্চ দুবার ভূমিকম্প হয়েছে মণিপুর সংলগ্ন মায়ানমারে।
হোলির সকালে অর্থাৎ ১৪ মার্চ ভূকম্পন অনুভূত হয়েছে দেশের উত্তর-পূর্বর রাজ্য অরুণাচল প্রদেশে। এদিন অরুণাচল প্রদেশে সকাল ৬টা ১ মিনিটে ভূমিকম্প অনুভূত হয়। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল মাটির ১০ কিলোমিটার গভীরে। অরুণাচল প্রদেশের পশ্চিম কামেং এলাকায় এই কম্পনের মাত্রা ছিল ৪.০।
৫ মার্চ ১২ ঘণ্টার ব্যবধানে দুবার ভূমিকম্প সংঘটিত হয়েছে মণিপুরে। প্রথমে সকাল ১১.০৬টায় মণিপুরের কামজং জেলায় ৫.৭ প্রাবল্যের ভূমিকম্পে কেঁপেছে গোটা রাজ্য। সে সময় কেঁপেছে গুয়াহাটি সহ অসমের বিভিন্ন প্রান্ত। কম্পন অনুভূত হয়েছে উত্তরপূর্বীয় রাজ্য নাগাল্যান্ড এবং মেঘালয়ের কিছু অঞ্চলে। এর পর বেলা ১২.২০টা আবারও কেঁপেছে মণিপুর। দুবারের ভূমিকম্পে মণিপুরের কয়েকটি ভবনে ফাটল দেখা গেছে। এভাবেই একাধিকবার কেঁপে উঠেছে গোটা উত্তর পূর্বাঞ্চল। এমনিতেই ভূমিকম্প প্রবণ এলাকা, তার ওপর এই মৃদু কম্পনগুলি আতঙ্ক বাড়িয়ে তুলছে জনমনে।

# টাটা আইপিএল ফ্যানপার্ক নিয়ে ক্রিকেটপ্রেমীদের মধ্যে দারুন উত্তেজনা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টাটা আই পি এল এখন আর আগের মত নেই। অনেকটা বড় এবং ক্রমশ চিত্তাকর্ষক হয়ে উঠেছে। চিয়ারিং, ফেস প্রিন্টিং এর পাশাপাশি দুঃসাহসিক দক্ষতার প্রদর্শন সহ এই সময়টা শুধু ক্রিকেটপ্রেমীদের জন্য একচেটিয়া। আইপিএল ২০২৫ ফ্যান পার্কের মাধ্যমে ক্রিকেট খেলোয়াড়, প্রিয় দল এবং আরও অনেক কিছুর প্রতি তাদের ভালোবাসা প্রকাশ করে ক্রিকেট ফ্যানদের মধ্যে ব্যাপক উন্মাদনা উদযাপন করে। ৫০ টি শহর জুড়ে বিস্তৃত ফ্যান পার্ক গুলি সারাদেশে আইপিএল জ্বর সংক্রমণের জন্য প্রস্তুত।

বিশাল স্ক্রিনে খেলা চলবে। প্রতিটি রুদ্ধশ্বাস মুহূর্তের সাথে প্রতিটি বলের লাইভ একশন সম্প্রচার করবে। যা ক্রিকেটপ্রেমীদের স্টেডিয়ামের ভেতরে থাকার অনুভূতি দেবে। ক্রিকেট অনুরাগীদের কেউ এদিকে অগ্রাহ্য করতে পারবেন না। কেননা বিনামূল্যে এবং আইপিএল এর অফিশিয়াল স্পন্সরের দ্বারা সংগীত পানীয় এবং কিছু মজাদার একটিভিশনের সাথে মজা এবং উত্তেজনা দ্বিগুণ অনুভূত হবে। আগরতলার আস্তাবলে স্বামী বিবেকানন্দ ময়দানে আগামীকাল থেকে অর্থাৎ ১২ ও ১৩ এপ্রিল পরপর দুদিন আইপিএল ২০২৫ এর দুটি করে চারটি ম্যাচের প্রদর্শন এবং প্রাসঙ্গিক সমস্ত ব্যবস্থাপনার আয়োজন করা হয়েছে। বেলা আড়াইটা থেকে আগামীকাল লক্ষ্ণৌ সুপার জায়েন্টস এবং গুজরাট টাইটানসের ম্যাচ। এরপর সানরাইজার্স হায়দ্রাবাদ ও পাঞ্জাব কিংস এর খেলা। ১৩ এপ্রিল আড়াইটায় রাজস্থান রয়েলস এবং রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর ম্যাচ। এরপর দিল্লি ক্যাপিটালস এবং মুম্বাই ইন্ডিয়ান্সের খেলা। আজ বিকেল পাঁচটায় ফ্যান পার্কে-ই এক সাংবাদিক সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত জানানো হয়। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সভাপতি তপন লোধ, সম্পাদক সুব্রত দে, কোষাধ্যক্ষ বাসুদেব চক্রবর্তী এবং টাটা আইপিএল ফ্যান পার্কের পক্ষ থেকে ইরফান দাদন প্রমুখ উপস্থিত ছিলেন।

# অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেটে আমবাসাকে হারিয়ে জয় দিয়ে লীগ শুরু খোয়াইয়ের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দীপ্তনূর বিধ্বংসী বোলিং। হ্যাটট্রিক সহ একাই ছয় উইকেট দখল। জয় দিয়ে দারুন লীগ অভিযান শুরু করেছে খোয়াই মহকুমা দল। হারিয়েছে আমবাসা মহকুমা দলকে। পাঁচ উইকেটের ব্যবধানে। খেলা ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেটের আসর। আজ, শুক্রবার টুর্নামেন্টের প্রথম দিনে তেলিয়ামুড়া মাঠে অনুষ্ঠিত খেলায় খোয়াই মহকুমা দল ৫ উইকেটের ব্যবধানে আমবাসা মহকুমা দলকে পরাজিত করেছে। সকাল ৯ টায় ম্যাচ শুরুতে টস জিতে আমবাসা প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পায়। ২৮.২ ওভার খেলে আমবাসা সব ক-টি উইকেট হারিয়ে ১০২ রান সংগ্রহ করে। জবাবে খেলে খোয়াই এর ব্যাটার্সরা ২২.৩ ওভার খেলে ৫ উইকেট হারিয়েই জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। দলের পক্ষে শুভজিৎ পালের অপরাজিত ৫০ রান রণবীর দাসের ২২ রান এবং দীপ্তনু দাসের ১৫ রান উল্লেখ করার মতো। শুভজিৎ ৬৫ বল খেলে আটটি বাউন্ডারি হাঁকিয়ে অপরাজিত থেকে ৫০ রান পায়। বোলিংয়ে খোয়াইয়ের দ্বীপ্তনু দাস একাই ছয়টি উইকেট তুলে নেয় ২৯ রানের বিনিময়ে। আরও কি, দুই ওভারের পরপর তিনটি বলে তিনটি উইকেট তুলে নিয়ে হ্যাটট্রিকের খেতাবও পায়। প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও দীপ্তনুর দখলে। এছাড়া শুভজিৎ পাল পেয়েছে তিনটি উইকেট দুই রানের বিনিময়ে। আমবাসার শুভ দাস ৪টি উইকেট পেয়েছিল ৫২ রান বিনিময়ে।

# মোহনপুরকে হারিয়ে জয় দিয়ে লীগ অভিযান শুরু বিশালগড়ের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দুর্দান্ত জয় দিয়ে বিশালগড় মহকুমা দল লীগ সূচনা করেছে। হারিয়েছে মোহনপুর মহকুমা দলকে। আট উইকেটের বড় ব্যবধানে।

খেলা টিসিএ আয়োজিত অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেট টুর্নামেন্টের। প্রথম দিনে বিলোনিয়ার এন বি গ্রাউন্ডে অনুষ্ঠিত ম্যাচে বিশালগড় মহকুমা দল আট উইকেট এর ব্যবধানে মোহনপুরকে পরাজিত করে লীগ সূচনা করেছে।

সকালে ম্যাচ শুরুতে টস জিতে মোহনপুর প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়।

২৮.৩ ওভার খেলে ৮৬ রানে ইনিংস শেষ করে। বিশালগড়ের বোলারদের দাপটে মোহনপুরের ব্যাটার্সরা তেমন প্রতিভা দেখাতে পারেনি।

সর্বাধিক কুড়ি রান পায় বিশ্বজিৎ সরকার।

বিশালগড়ের বোলার উদয় হোসেন ৬ রানে ৩টি এবং অরীশ মজুমদার ও অনিকেত লস্কর দুটি করে উইকেট পেয়েছে। পাল্টা ব্যাট করতে নেমে বিশালগড়ের ব্যাটার্সরা বিশেষ করে অরীশ মজুমদার (অপরাজিত ২৬) তৃষান দেব (অপরাজিত ২২) সন্দীপ দত্ত (১৭) ও শুভজিৎ দাস (১১) দলকে জয় এনে দেয়।

# ধোনিদের হারানোর আনন্দে চোনা ফেলে দিলেন ম্যাক্সওয়েল, কী করলেন পঞ্জাবের ক্রিকেটার

ব্যাটে রান নেই। একের পর এক ম্যাচে দায়িত্বজ্ঞানহীন শট খেলে আউট হচ্ছেন। যে কাজের জন্য তাঁকে খেলানো হচ্ছে তা করতে পারছেন না গ্লেন ম্যাক্সওয়েল। তাতে অবশ্য দলের জয় আটকাচ্ছে না। চেন্নাই সুপার কিংসকে হারিয়ে আইপিএলের পয়েন্ট তালিকায় আবার প্রথম চারের মধ্যে ঢুকেছে পঞ্জাব কিংস। তবে তাদের জয়ের আনন্দ মাটি করে দিয়েছেন ম্যাক্সওয়েল।চেন্নাইয়ের বিরুদ্ধে ব্যাট করতে নেমে মাত্র দু'বল খেলেন ম্যাক্সওয়েল। রবিচন্দ্রন অশ্বিনের বলে তাঁর হাতেই ক্যাচ তুলে দিয়ে ১ রানের মাথায় ফেরেন তিনি। আউট হয়ে ফেরার সময় ডাগআউটের কাছে গিয়ে একটি চেয়ারে লাথি মারেন অস্ট্রেলিয়ার ক্রিকেটার। ম্যাক্সওয়েলের এই আচরণ ভাল ভাবে নেয়নি আইপিএলের গভর্নিং কাউন্সিল। তাঁকে শাস্তি দেওয়া হয়েছে।আইপিএল একটি বিবৃতিতে জানিয়েছে, ম্যাক্সওয়েল ২.২ ধারার অধীনে লেবেল ১ অপরাধ করেছেন। তিনি তাঁর অপরাধ স্বীকার করে নিয়েছেন। তাই তাঁকে শাস্তি দেওয়া হয়েছে। ম্যাক্সওয়েলের ম্যাচ ফি-র ২৫ শতাংশ কেটে নেওয়া হয়েছে। পাশাপাশি তাঁকে একটি ডিমেরিট পয়েন্ট দেওয়া হয়েছে। পরবর্তী কালে আবার কোনও অপরাধ করলে আরও বড় শাস্তি পেতে পারেন তিনি।এ বারের আইপিএলে শৃঙ্খলা নিয়ে কড়াকড়ি করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড। পাশাপাশি মন্থর বোলিংয়ের দিকেও নজর রাখছে তারা। মন্থর বোলিং করায় ইতিমধ্যেই হার্দিক পাণ্ড্য, ঋষভ পন্থ ও রজত পাটীদারকে জরিমানা করা হয়েছে। শৃঙ্খলা ভাঙায় লখনউয়ের দিগ্বেশ রাঠী, গুজরাতের ইশান্ত শর্মা শাস্তি পেয়েছেন। এ বার শাস্তি পেতে হয়েছে ম্যাক্সওয়েলকে।চলতি আইপিএলে খুব খারাপ ফর্মে রয়েছেন ম্যাক্সওয়েল। চারটি ম্যাচে মাত্র ৩১ রান করেছেন তিনি। মিডল অর্ডারে ভাল ব্যাট করার জন্য তাঁকে নিয়েছিল পঞ্জাব। সেই কাজটাই করতে পারছেন না তিনি। তাতে অবশ্য দলের জয় আটকাচ্ছে না। চার ম্যাচের মধ্যে তিনটি জিতে ৬ পয়েন্ট নিয়ে তালিকায় চারে উঠেছেন শ্রেয়স আয়ারেরা।

# হঠাৎ নতুন দেহরক্ষী নিয়োগ করলেন রোনাল্ডো, কেন আতঙ্কিত ক্রিশ্চিয়ানো ?

সৌদি আরবে নিরাপত্তাহীনতায় ভুগছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। সমাজমাধ্যমে তাঁকে এবং তাঁর বান্ধবী জর্জিনা রদ্রিগেজকে কয়েক বার হুমকি দেওয়া হয়েছে। নিরাপত্তার জন্য নতুন দেহরক্ষী নিয়োগ করেছেন সিআর সেভেন।এত দিন যাঁরা নিরাপত্তার দায়িত্বে ছিলেন, তাঁদের সকলকে সরিয়ে দিয়েছেন রোনাল্ডো। তাঁর এবং পরিবারের নিরাপত্তা প্রধান হিসাবে নিয়োগ করেছেন স্বদেশীয় বিশেষজ্ঞ ক্লদিয়ো মিগুয়েল ভাজকে। তিনি রোনাল্ডোর ব্যক্তিগত দেহরক্ষী হিসাবেও কাজ করবেন। স্পেনের ক্রীড়া দৈনিক মার্কা এই খবর জানিয়েছে।পর্তুগালে বেসরকারি নিরাপত্তা বিশেষজ্ঞ হিসাবে পরিচিত ভাজ। তাঁর আধাসামরিক প্রশিক্ষণ রয়েছে। উপদ্রুত এলাকায় কাজের দক্ষতাও রয়েছে। পর্তুগালের একাধিক খ্যাতনামীর নিরাপত্তার দায়িত্ব সফল ভাবে সামলেছেন তিনি। তাই তাঁকেই দায়িত্ব দিয়েছেন পর্তুগিজ স্ট্রাইকার। স্পেনের সংবাদমাধ্যমটির প্রতিবেদন অনুযায়ী, জাতীয় দলের সতীর্থ রাফায়েল লিয়াওয়ের পরামর্শে ভাজকে বেছে নিয়েছেন রোনাল্ডো।রোনাল্ডো এখন খেলেন সৌদি আরবের ক্লাব আল নাসেরে। জর্জিয়া এবং পাঁচ সন্তানকে নিয়ে রিয়াধে থাকেন। কিছু দিন ধরে সমাজমাধ্যমে একের পর এক হুমকি পেয়েছেন রোনাল্ডো এবং তাঁর পরিবারের সদস্যেরা। হুমকির বিষয়টি ক্লাব কর্তৃপক্ষ এবং স্থানীয় পুলিশকেও জানিয়েছেন রোনাল্ডো। একই সঙ্গে নিজের নিরাপত্তা ব্যবস্থা নতুন করে সাজানোর সিদ্ধান্ত নেন। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সমাজমাধ্যম ব্যবহার কমিয়েছেন জর্জিনাও। সন্তানদের ছবি বা ভিডিয়ো কিছু দিন ধরে আগের মতো আর পোস্ট করছেন না তিনি। সন্তানদের নিয়ে রিয়াধের রাস্তায় হাঁটতে যাওয়া অনেক কমিয়ে দিয়েছেন রোনাল্ডোও।ভাজকে নিয়োগ করা নিয়েও সমস্যা হয়েছে। আগের নিরাপত্তাকর্মীদের তুলনায় ভাজ অনেক বেশি আগ্রাসী মানসিকতার। সাংবাদিকদেরও রোনাল্ডো বা জর্জিনার ধারেকাছে ঘেঁষতে দিচ্ছেন না তিনি। তা নিয়ে শুরু হয়েছে হালকা সমালোচনা।

## দৃষ্টিহীনদের ক্রিকেট এ বার বঙ্গে, জাতীয় ক্রিকেট প্রতিযোগিতায় অংশ নেবে বাংলা-সহ আটটি দল

দৃষ্টিহীনদের জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা এ বার বাংলায়। শনিবার থেকে শুরু হবে সেই প্রতিযোগিতা। ১২ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত হবে জাতীয় দৃষ্টিহীন ক্রিকেট প্রতিযোগিতা। যে প্রতিযোগিতার আয়োজক ভিজুয়ালি ইমপায়ার্ড ক্রিকেট অ্যাসোসিয়েসন অফ বেঙ্গল (ভিআইসিএবি)।দৃষ্টিহীনদের এই প্রতিযোগিতায় এ বারে অংশ নেবে আটটি দল। বাংলা ছাড়াও রয়েছে অসম, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, গোয়া, দিল্লি, মহারাষ্ট্র এবং রাজস্থান। খেলা হবে রাজস্থান গ্রাউন্ড, বাটা স্পোর্টস গ্রাউন্ড এবং দমদমের বিধানপার্কে। ভিআইসিএবি-র সঙ্গে এই প্রতিযোগিতা আয়োজনে থাকবে ব্লাইন্ড ক্রিকেট অ্যাসোসিয়েসন ইন ইন্ডিয়া (বিসিএআই)।দৃষ্টিহীনদের ক্রিকেটে ভারতীয় দল যথেষ্ট শক্তিশালী। তিন বার বিশ্বকাপ জিতেছে তারা। ভিআইসিএবি আয়োজিত প্রতিযোগিতা থেকে আগামী দিনের তারকা উঠে আসবে বলে মনে করছেন আয়োজকেরা।

## জিরানিয়াকে হারিয়ে জয়ে লীগ সূচনা সদর বি-র

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দুর্দান্ত জয় দিয়ে সদর-বি লীগ সূচনা করেছে। হারিয়েছে জিরানিয়া মহকুমা দলকে। আট উইকেটের বড় ব্যবধানে। খেলা টিসিএ আয়োজিত অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেট টুর্নামেন্টের। প্রথম দিনে বিশালগড়ের মাঠে অনুষ্ঠিত ম্যাচে সদর বি মহকুমা দল আট উইকেট এর ব্যবধানে জিরানিয়াকে পরাজিত করে লীগ সূচনা করেছে। সকালে ম্যাচ শুরুতে টস জিতে জিরানিয়া প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। ৩৮.৫ ওভার খেলে ১১২ রানে ইনিংস শেষ করে। সদর বি-র বোলারদের দাপটে জিরানিয়ার ব্যাটার্সরা তেমন প্রতিভা দেখাতে পারেনি। সর্বাধিক কুড়ি রান পায় জাহিদুল হক অপরাজিত ভূমিকায়। ময়ুখ চৌধুরী ২৭ রানে চারটি, ক্রীশ ভৌমিক পাঁচ রানে তিনটি এবং স্বর্ণাভ সাহা ২২ রানে দুটি উইকেট পেয়েছে। পাল্টা ব্যাট করতে নেমে সদর বি-র ব্যাটার্সরা বিশেষ করে শুভ্রজিৎ পাল, ময়ুখ চৌধুরী ও রনদীপ দাস অনবদ্য ব্যাট চালিয়ে সহজে দলকে জয়ের লক্ষ্যে পৌঁছায়। শুভ্রজিৎ ৪১ বল খেলে পাঁচটি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে অপরাজিত ভূমিকায় ৪৩ রান সংগ্রহ করে। ময়ুখ চৌধুরীর ২১ রান এবং রণদীপ দাসের অপরাজিত ২১ রান উল্লেখ করার মতো। জিরানিয়ার অভিজিৎ দেবনাথ ও দিবাকর দাস একটি করে উইকেট পেয়েছে। বলে ব্যাটে দারুন অলরাউন্ড পারফরম্যান্সের সুবাদে ময়ুখ চৌধুরী পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

## সন্দীপনের সেঞ্চুরি, সোনামুড়াকে হারিয়ে দুর্দান্ত জয় দিয়ে অভিযান শুরু সদর এ-র

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেটে সদর-এ মহকুমা দলও জয় দিয়ে লীগ অভিযান শুরু করেছে। হারিয়েছে সোনামুড়া মহকুমা দলকে। ১৫৩ রানের বিশাল ব্যবধানে। উদয়পুরের জামজুরি মাঠে টিসিএ আয়োজিত রাজ্য অনূর্ধ ১৫ ক্রিকেট টুর্নামেন্টের প্রথম দিনের খেলায় ম্যাচ শুরুতে টস জিতে সদর এ দল প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। ৩৯.৫ ওভার খেলে ২১৫ রানে ইনিংস শেষ করে। দলের পক্ষে সন্দীপন দাসের অনবদ্য শতরান বেশ উল্লেখযোগ্য। সন্দীপন ৯৯ বল খেলে ১৪ টি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ১০৭ রান পায়। এছাড়া, ওপেনার তানিষ্ক চক্রবর্তীর ৩২ রান এবং অয়ন দেবনাথের ৩১ রান উল্লেখযোগ্য। সোনামুড়ার বোলার মিনহাজ আহমেদ তিনটি এবং প্রীতম দেবনাথ ও কৌশিক দেবনাথ দুটি করে উইকেট পেয়েছে। পাল্টা ব্যাট করতে নেমে সোনামুড়ার ইনিংস ৯৭ রানে গুটিয়ে যায় ৩২.৫ ওভার খেলে। দলের পক্ষে সর্বাধিক ২১ রান আসে আরফান উদ্দিনের ব্যাট থেকে। সদর বি-র বোলার সন্দীপন দাস পাঁচ রানের বিনিময়ে তিনটি এবং আংশ ভাটনগর ও চন্দ্রস্নাত গোস্বামী দুটি করে উইকেট পেয়েছে। ব্যাটে সেঞ্চুরি এবং বিধ্বংসী বোলিংয়ের অলরাউন্ড পারফরম্যান্সের সুবাদে সন্দীপন পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# বিলোনিয়ায় ওয়াই এস সি কে হারিয়ে ফের জয় ফিরল ব্লাড মাউথ ক্লাব

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। দক্ষিণের বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে চলছে এখন সিনিয়র ক্লাব লীগ ক্রিকেট টুর্নামেন্ট। ইতিমধ্যেই এই টুর্নামেন্টের ১৭ টি ম্যাচ সম্পন্ন। বিলোনিয়া বিদ্যাপীঠ মাঠে আয়োজিত এই টুর্নামেন্টের পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী শুক্রবার ১৮ তম ম্যাচে মুখোমুখি হয় ব্লাড মাউথ ক্লাব ও ইয়থ স্কয়ার ক্লাব তথা ওয়াই এস সি। এক দিবসীয় ম্যাচে দিন প্রতিপক্ষকে ১৩১ রানের বিশাল ব্যবধানে হারিয়ে ফের জয় ফিরলো ব্লাডমাউথ। এদিন সকালে ব্লাড মাউথ টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয়। ইনিংসের দল নির্ধারিত ওভারের আগেই সব কয়টি উইকেট হারিয়ে প্রতিপক্ষের বোলারদের দেওয়া অতিরিক্ত ৩৪ রানের সাহায্যে সংগ্রহ করে ২১০ রান। ইনিংসের সাপু দাস (১৬), জয়ন্ত দাস(৭০), সুরজ কান্তি দাস(২৬), অলকেন্দু ভৌমিক(১৫), দীপঙ্কর মারাক(২২) ও ফারুক মিয়ার(১৬) হাত ধরেই ইনিংসে এই রান তুলে ব্লাডমাউথ। প্রতিপক্ষের বোলারদের মধ্যে রাহুল ত্রিপুরা একাই নেয় চারটি উইকেট।

এছাড়া দুটি করে উইকেট পেল রাজু দাস, অন্তরীক্ষ গোপ ও অজিত চক্রবর্তী। জবাবে জয়ের জন্য ২১১ রানের টার্গেট নিয়ে ওয়াই এস সি ব্যাট করতে নামলে জয়ী দলের দীপঙ্কর মারাক এর ধারাবাহিক বোলিং আক্রমণের সামনে কার্যত অসহায় ভাবেই আত্মসমর্পণ করে ব্যাটসম্যানরা। প্রতিপক্ষের বোলারদের দেওয়া অতিরিক্ত ২১ রানের সাহায্যে সবকয়টি উইকেট হারিয়ে মাত্র ৭৯ রান তুলতে সক্ষম হয় ইয়থ স্কয়ার ক্লাব। ইনিংসে রাহুল ত্রিপুরা (১৪), শুভঙ্কর সোম (১৬) ও অজিত চক্রবর্তী (১৫) ছাড়া পরাজিত দলের আর কোন ব্যাটসম্যানের পক্ষেই এক অঙ্কের রানের গণ্ডি টপকানো সম্ভব হয়নি। দুই দলের বোলারদের মধ্যে দীপঙ্কর ত্রিশ রান দিয়ে একাই তুলে নেয় আটটি উইকেট। এছাড়া দুটি উইকেট পেল অলকেন্দু ভৌমিক।

# *প্রত্যাশা ছাপিয়ে আয় পাকিস্তানের* চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজন করে কতটা লাভবান হল ক্রিকেট বোর্ড ?

ক্রিকেট মাঠে পাকিস্তানের দুর্দশা চলছেই। নিউ জিল্যান্ড সফরেও এক দিনের এবং টি-টোয়েন্টি সিরিজে হারতে হয়েছে। টানা ব্যর্থতায় জর্জরিত পাক ক্রিকেট লাভের মুখ দেখল চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজন করে। বাবর আজম, মহম্মদ রিজওয়ানেরা ব্যর্থ হলেও 'সফল' পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। বোর্ড কর্তাদের দাবি, প্রত্যাশা ছাপিয়ে গিয়েছে লাভের অঙ্ক।ক্রিকেট দলের ধারাবাহিক ব্যর্থতা নিয়ে কয়েক দিন আগে আলোচনা হয় পাকিস্তানের সংসদে। নিউ জিল্যান্ডের দ্বিতীয় সারির দলের বিরুদ্ধেও শোচনীয় হারে উদ্বেগ প্রকাশ করেন সাংসদেরা। আলোচনায় উঠে আসে চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজনের প্রসঙ্গও। পাকিস্তান ক্রিকেট বোর্ডের কাছে এই সব প্রসঙ্গে জানতে চায় সংসদ।উত্তরে পিসিবি জানিয়েছে, প্রাথমিক হিসাবে চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজন করে তাদের ৩০০ কোটি পাকিস্তানি টাকা (ভারতীয় মূল্যে প্রায় ৯২ কোটি ৩৫ লাখ টাকা) লাভ হয়েছে। যা প্রত্যাশার থেকে ১০০ কোটি পাকিস্তানি টাকা (ভারতীয় মূল্যে প্রায় ৩০ কোটি ৭৮ লাখ টাকা) বেশি।" পিসিবির পক্ষ থেকে আরও জানানো হয়েছে, "চ্যাম্পিয়ন্স ট্রফি সম্পূর্ণ ভাবে আইসিসির প্রতিযোগিতা। তারাই সব কিছু পরিচালনা এবং নিয়ন্ত্রণ করেছে। তাদের নির্দেশেই সব হয়েছে। কোনও রকম অতিরিক্ত খরচ বা অব্যবস্থা হয়নি। ঠিক কত আয় হয়েছে, তা আইসিসির বার্ষিক হিসাব পরীক্ষার পর বোঝা যাবে।"চ্যাম্পিয়ন্স ট্রফিতে দলের ব্যর্থতা নিয়ে পিসিবির বক্তব্য, "গুরুত্বপূর্ণ সময় আমাদের প্রধান খেলোয়াড়দের কয়েক জনের চোট ছিল। তার প্রভাব পড়েছে দলের ভারসাম্য রক্ষা এবং পরিকল্পনা তৈরির ক্ষেত্রে। ক্রিকেটারদের চোট-আঘাতের পরিমাণ কমানো এবং চোট পাওয়া ক্রিকেটারদের দ্রুত সুস্থ করে তুলতে পরিকল্পনা করা হচ্ছে।" আরও বলা হয়েছে, "নির্বাচন কমিটি ঘরোয়া ক্রিকেট, ফিটনেস ও আর্নজাতিক ক্রিকেটের অভিজ্ঞতার নিরিখে দল তৈরি করে। একটি সিরিজের সব কিছু পর্যবেক্ষণ করে পরের পরিকল্পনা তৈরি করা হয়।" তবে নিউ জিল্যান্ড সফরে দলের ভরাডুবি নিয়ে নির্দিষ্ট ভাবে কিছু জানায়নি পিসিবি।এ ছাড়াও জানানো হয়েছে করাচি, লাহোর এবং রাওয়ালপিন্ডির স্টেডিয়ামগুলির সংস্কারের জন্য ১৮০০ কোটি পাকিস্তানি টাকা বিনিয়োগ করা হয়েছে। ২০২৬ সালের মধ্যে কাজ সম্পূর্ণ হবে। প্রথম দফার সংস্কারের পর চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজিত হয়েছে। পাকিস্তান সুপার লিগের পর দ্বিতীয় পর্যায়ের সংস্কারের কাজ শুরু হবে। এই কাজের জন্য কোনও রকম বাড়তি খরচ করা হয়নি।

# ডর্টমুন্ডকে চার গোল বার্সেলোনার, চ্যাম্পিয়ন্স লিগের সেমিতে এক পা লেয়নডস্কিদের, জয়ী পিএসজি-ও

স্পেনের এক ক্লাব রিয়াল মাদ্রিদ যখন চ্যাম্পিয়ন্স লিগ থেকে ছিটকে যাওয়ার মুখে, তখন ছুটছে বার্সেলোনার জয়রথ। বুধবার রাতে নিজেদের মাঠে ডর্টমুন্ডকে ৪-০ গোলে উড়িয়ে দিল তারা। পুরনো ক্লাবের বিরুদ্ধে জোড়া গোল রবার্ট লেয়নডস্কির। সেমিফাইনালে কার্যত নিশ্চিত তারা। অ্যাস্টন ভিলাকে ৩-১ হারিয়েছে প্যারিস সঁ জরমঁ।২০১৯ সালের পর প্রথম বার চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে ওঠার মুখে দাঁড়িয়ে বার্সেলোনা। টানা ২৩টি ম্যাচে অপরাজিত তারা। বার্সেলোনাকে এগিয়ে দিয়েছিলেন রাফিনহা। এর পর দ্বিতীয়ার্ধে আগ্রাসী ফুটবল খেলে তারা। দু'টি গোল করেন লেয়নডস্কি। ডর্টমুন্ডের বিরুদ্ধে ২৮টি ম্যাচ খেলে ২৯টি গোল করলেন তিনি। বার্সেলোনার জার্সিতে ৯৯টি গোল হল। শেষ গোল লেমিনে ইয়ামালের।এখনও অবশ্য দলকে সেমিফাইনালে দেখছেন না বার্সেলোনার কোচ হান্সি ফ্লিক। বলেছেন, "আমরা ভাল খেলেছি। তবে এখনও একটা ম্যাচ বাকি। আমরা সব সময় নিজেদের মতো ফুটবল খেলতে চাই। জেতাই একমাত্র লক্ষ্য।

কী হবে আগে থেকে বলা যায় না। আমরা এখনও সেমিফাইনালে উঠিনি। পরের সপ্তাহেও এতটাই ভাল খেলতে হবে।"চ্যাম্পিয়ন্স লিগে অ্যাস্টন ভিলার স্বপ্নের দৌড় হয়তো কোয়ার্টারেই শেষ হতে চলেছে। বুধবার প্যারিসে তারাই এগিয়ে গিয়েছিল। মর্গান রজার্স গোল করেন। তবে ডিজায়ার ডুয়ে এবং খাভিচা কাভারাৎস্কেলিয়ার গোলে এগিয়ে যায় পিএসজি। সংযুক্তি সময়ে গোল করেন নুনো মেন্দেস। তবে খাভিচার গোল নিয়ে হইচই হচ্ছে বেশি। মাঝমাঠ থেকে বল নিয়ে এগিয়ে ভিলার রক্ষণকে নাস্তানাবুদ করে গোল করেন তিনি।কোচ লুই এনরিকে বলেছেন, "খাভিচার মতো ফুটবলারকে পাওয়া যে কোনও কোচের কাছেই সৌভাগ্যের। ম্যাচের ফলাফলই বলে দিচ্ছে বিপক্ষ দলের সঙ্গে আমাদের পার্থক্য কোথায়।"

# রাহানেদের পারফরম্যান্স নিয়ে মুখ খুললেন শাহরুখ, লখনউয়ের কাছে হারের পর বার্তা বলিউড বাদশার

গত বারের আইপিএল চ্যাম্পিয়নদের শুরুটা এ বার প্রত্যাশামতো হয়নি। প্রথম পাঁচ ম্যাচের তিনটিতেই হেরেছে কলকাতা নাইট রাইডার্স। মঙ্গলবার লখনউ সুপার জায়ান্টসের কাছে অজিঙ্ক রাহানেদের হারের পর দলের পারফরম্যান্স নিয়ে মুখ খুললেন কর্ণধার শাহরুখ খান। ক্রিকেটারদের সমালোচনা করেননি বলিউড বাদশা। বরং কঠিন সময় দলের পাশে দাঁড়িয়েছেন কেকেআরের মালিক। দিয়েছেন আবেগঘন বার্তা। তাঁর বার্তা ক্রিকেটারদের পড়ে শুনিয়েছেন সিইও বেঙ্কি মাইসোর। শাহরুখ বলেছেন, "এই হারটা দুঃখজনক। কারণ আমরা খুব কাছাকাছি পৌঁছোতে পেরেছিলাম। তবে অনেক ইতিবাচক দিক রয়েছে। আমরা লড়াই করতে পারি এবং বড় রান তুলতে পারি। অনেক সময় আমাদের সেরাটাও জয়ের জন্য যথেষ্ট হয় না। আমার মনে হয় এই দিনটা তেমনই একটা।" শাহরুখ আরও বলেছেন, "আমরা মাত্র একটা শট দূরে থেমেছি। একটা বল দূরে থেমেছি। এই হারকে পিছনে ফেলে এগিয়ে যেতে হবে আমাদের। অভিজ্ঞতা থেকে বলছি, বিপদে পড়লে দলের সংহতি বাড়ে।' লখনউয়ের বিরুদ্ধে হাড্ডাহাড্ডি ম্যাচে হার থেকে রাহানেদের শিক্ষা নেওয়ার বার্তাও দিয়েছেন শাহরুখ। সমাজমাধ্যমে শাহরুখের এই বার্তা পোস্ট করেছেন কেকেআর কর্তৃপক্ষ। যার শিরোনামে লেখা হয়েছে, "আমাদের মাথা উঁচু রাখতে হবে এবং পরের ম্যাচের জন্য প্রস্তুত হতে হবে।" উল্লেখ্য, আইপিএলে কেকেআরের পরের ম্যাচ আগামী ১১ এপ্রিল। চেন্নাইয়ের মাটিতে খেলতে হবে চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে।

# কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক প্রচেষ্টায় উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে: রাজ্যপাল



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল:** বিকশিত ভারত গঠনের লক্ষ্যে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নের জন্য আহ্বান জানিয়েছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। আজ বিকালে হোটেল পোলো টাওয়ারে আসাম রাইফেলস আয়োজিত "ফিউচার রোড ম্যাপ-নর্থইস্ট ইন্ডিয়া-২০৩০ এন্ড বিয়ন্ড" শীর্ষক সিম্ফোসিয়ামে অংশ নিয়ে তিনি এই আহ্বান জানান। রাজ্যপাল বলেন, উত্তরপূর্ব ভারত সমৃদ্ধ জৈব বৈচিত্র, প্রাকৃতিক সম্পদ, মানব সম্পদ, সমৃদ্ধ সাংস্কৃতিক বৈচিত্র এবং কৌশলগত ভৌগলিক অবস্থানের জন্য দেশের প্রবৃদ্ধির ক্ষেত্রে চালিকা শক্তি হতে পারে। কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক প্রচেষ্টায় উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। এই অঞ্চল সমৃদ্ধির পথে এগিয়ে চলেছে। রাজ্যপাল আশা প্রকাশ করেন এই সিম্ফোসিয়ামে বিভিন্ন ধরণের সম্ভাবনা ও সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা হবে এবং এই অঞ্চলের শান্তি ও সমৃদ্ধির জন্য গঠনমূলক বিভিন্ন প্রস্তাব সামনে আসবে। তিনি সিম্ফোসিয়ামের সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লুকে সংবর্ধনা জানান লেফটেনেন্ট জেনারেল এ এস পেনধারকার, এভিএসএম, ওয়াইএসএম, জিওসি-থ্রি ক্রপস সিম্ফোসিয়ামে বক্তব্য রাখেন প্রফেসর ড. প্রভু দে (আরআইএস), ড. শ্রীরাধা দত্ত (জিন্দাল গ্লোবাল ইউনিভারসিটি), ব্রিগেডিয়ার রাজদ্বীপ চন্দা (ন্যাশনাল ডিফেন্স কলেজ নিউদিল্লি)। সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রিগেডিয়ার মনিষ রানা, এস এম, কমান্ডার ২১-সেক্টার আসাম রাইফেলস।

## ভোটারদের আরও সচেতন করতে জিরানীয়ায় বাইসাইকেল র‍্যালি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল: "সিস্টেমেটিক ভোটারস এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন" প্রোগ্রামের অংশ হিসাবে আজ সকালে জিরানীয়া মহকুমায় এক বাইসাইকেল র‍্যালি অনুষ্ঠিত হয়। ভোটার সচেতনতামূলক এই কর্মসূচির অঙ্গ হিসেবে এই অনুষ্ঠানটি আয়োজন করা হয়।

সকালে এই বাইসাইকেল র‍্যালিটি জিরানীয়া মহকুমা প্রশাসনের অফিস প্রাঙ্গণ থেকে শুরু হয়ে মহকুমার বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় মহকুমা শাসকের অফিসে এসে সমাপ্ত হয়। প্রায় ৭০ জন বাইসাইকেল আরোহী এতে অংশগ্রহণ করেন। জিরানীয়া মহকুমা প্রশাসনের নির্বাচন বিভাগের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক অনিমেষ ধর, ডিসি জন্মজয় চাকমা, মহকুমার বিশিষ্ট মহিলা ক্রীড়াবিদ মিতালী দেবনাথ সহ মহকুমা শাসক অফিসের বিভিন্ন আধিকারিক ও কর্মচারিগণ।

# ১৪ মাসের শিশুর মৃত্যুকে ঘিরে বিতর্ক

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১১ এপ্রিল:** খোয়াই জেলা হাসপাতালে ১৪ মাসের এক শিশুর মৃত্যু ঘিরে শুরু হয়েছে চাঞ্চল্য ও বিতর্ক। শিশুটির পরিবারের অভিযোগ, সময়মতো রেফার না করায় শিশুটির মৃত্যু হয়েছে। যদিও এই অভিযোগ স্পষ্টভাবে অস্বীকার করেছেন কর্তব্যরত চিকিৎসক ও হাসপাতাল কর্তৃপক্ষ। পরিবারের অভিযোগ, শিশুটিকে শেষ মুহূর্তে তিনটি ইনজেকশন দেওয়ার পর থেকেই তার শারীরিক অবস্থার অবনতি হয়। শ্বাসকষ্ট শুরু হলে অক্সিজেন দেওয়া হয় এবং তখনই তাকে জিবি হাসপাতালে রেফার করা হয়। পরিবারের মতে, আগেভাগে রেফার করলে হয়তো শিশুটি প্রাণে বেঁচে যেত।

তবে ঘটনার ভিন্ন ব্যাখ্যা দিয়েছেন শিশু চিকিৎসক ডা. রাজেশ দেববর্মা। তিনি জানান, রবিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে শিশুটিকে খোয়াই জেলা হাসপাতালের ইমার্জেন্সিতে আনা হয় খিঁচুনি নিয়ে। তাৎক্ষণিকভাবে ওষুধ দিয়ে চিকিৎসা শুরু হয় এবং খিঁচুনি বন্ধও হয়ে যায়। রাতের শিফট শেষে হাসপাতাল ছাড়ার আগেও শিশুটি সুস্থ ছিল বলে দাবি তার। পরদিন সকালেও রাউন্ড ডিউটিতে শিশুটিকে দেখতে পান তিনি, তখনো শিশুটি মোটামুটি স্থিতিশীল ছিল, শুধু কিছুটা দুর্বলতা ও বমিভাব ছিল। দুপুর পর্যন্ত কেউ কোনো গুরুতর সমস্যার কথা জানাননি বলে জানান ডাক্তার বাবু। তবে রাতের দিকে হাসপাতাল থেকে ফোন পেয়ে তিনি ফের হাসপাতালে পৌঁছন এবং দেখেন শিশুর ফের খিঁচুনি শুরু হয়েছে। তখনই জরুরি ভিত্তিতে চিকিৎসা ও রেফারাল প্রক্রিয়া শুরু করা হয় বলে জানান তিনি।

তিনি বলেন, "শূন্য থেকে ছয় বছরের শিশুদের মধ্যে জ্বর বা ইনফেকশন হলে এমন খিঁচুনি হওয়াটা অস্বাভাবিক নয়। শেষদিকে শিশুটি চিকিৎসায় সাড়া দিচ্ছিল না বলেই জিবিতে রেফার করা হয়।" খোয়াই জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেন্ডেন্ট জানান, চিকিৎসায় কোনো ঘাটতি ছিল না। ডা. রাজেশ দেববর্মা ছাড়াও, ডা. বিশ্বজিৎ দেববর্মা এবং ডা. তৃণজিৎ দেববর্মা মিলেই যথাযথ চিকিৎসা দিয়েছিলেন। তবুও ভবিষ্যতে পরিষেবার মান আরও উন্নত করতে সবাইকে আরও দায়িত্বশীলভাবে কাজ করতে হবে বলে জানান তিনি। বিশেষ করে, চিকিৎসকদের হাসপাতালে বেশি সময় দেওয়ার ওপর গুরুত্ব দেন তিনি। অন্যদিকে, হাসপাতাল সূত্রে জানা গেছে, শিশুটির মৃত্যু ঘটে আগরতলার একটি বেসরকারি হাসপাতালে।

## স্বর্ণালঙ্কার সহ চোর পুলিশের জালে

আগরতলা, ১১ এপ্রিল: চুরি যাওয়া বিভিন্ন স্বর্ণালঙ্কার সহ এক জন কুখ্যাত চোরকে জালে তুলতে সক্ষম হয়েছে পূর্ব আগরতলা থানার পুলিশ। তাকে আটক করে জিজ্ঞাসাবাদ চালালে চোর চক্র সম্পর্কে নানা তথ্য জানা যাবে বলে জানিয়েছেন এস ডি পিও দেবপ্রসাদ রায়।

এসডিপিও দেবপ্রসাদ রায় জানিয়েছেন, গত মাসে ২৫ এপ্রিল চিত্তরঞ্জন এলাকার বাসিন্দা গৌতম দাসের বাড়িতে চোরের দল হানা দিয়েছিল। চোরের দল সব স্বর্ণালঙ্কার সহ নগদ টাকা নিয়ে যায়। পরবর্তী সময়ে ওই দোকানের মালিক স্বপন কুমার বণিক পূর্ব আগরতলা থানায় মামলা দায়ের করেছেন। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করেছিল। বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে একজন আটক করে পুলিশ। তাকে থানায় নিয়ে গিয়ে জোর জিজ্ঞাসাবাদ চালালে চুরি করার বিষয়টি স্বীকার করেন। তাঁদের কাছ থেকে স্বর্ণালঙ্কার বাজেয়াপ্ত করা হয়েছে।

এসডিপিও জানিয়েছেন, চুরিকাণ্ডের তদন্ত চলাকালীন বৃহস্পতিবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে পূর্ব আগরতলা থানার পুলিশ মহারাজগঞ্জ বাজার এলাকা থেকে সোহেল মিয়াকে গ্রেফতার করে। তার কাছ থেকে সংশ্লিষ্ট চুরির ঘটনায় তথা চুরি যাওয়া দু'টি স্বর্ণের চেইন ও এক জোড়া কানের দোল উদ্ধার করা হয়।এদিন তিনি আরও বলেন, বাজেয়াপ্ত স্বর্ণালঙ্কারের বাজারমূল্য আনুমানিক দুই লক্ষাধিক টাকা হবে। আজ তাকে পুলিশ রিমান্ড চেয়ে তাদের আদালতে তোলা হবে।

## পুনরায় চাকুরীর ফিরে পেতে

# মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের আবেদন ১০৩২৩ শিক্ষকদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল:** ফের মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার আবেদন জানিয়ে চিঠি দিলেন ১০৩২৩ চাকুরিচ্যুত শিক্ষকদের এক প্রতিনিধি দল। আজ এক প্রতিনিধি দল মুখ্যমন্ত্রী, মন্ত্রী সুশান্ত চৌধুরী, মন্ত্রী প্রনজিৎ সিংহ রায় এবং মুখ্য সচিবের সঙ্গে দেখা করার আবেদন জানিয়ে এক চিঠি প্রদান করেছেন। প্রতিনিধি দলে উপস্থিত চাকুরিচ্যুত শিক্ষক কমল দেব বলেন, গত পাঁচ বছর চাকরি হারা তারা। বর্তমান সরকার তাদেরকে শিক্ষক বা অন্য কোন দপ্তরে নিয়োগ করছে না। পশ্চিমবাংলায় ২৬ হাজার শিক্ষককে বিজেপি প্রতিশ্রুতি দিচ্ছে। কিন্তু এই রাজ্যেও ১০৩২৩ শিক্ষককে সরকারে আসার আগে প্রতিশ্রুতি দিয়েছিল তাদের পুনরায় নিয়োগ করা হবে। কিন্তু এখনো সেই প্রতিশ্রুতি পূরণ করা হলো না, এইসব সার্বিক বিষয়ে আলোচনার জন্য পুনরায় মহাকরণে মুখ্যমন্ত্রী সহ অন্য মন্ত্রীদের চিঠি প্রেরণ করলেন ১০৩২৩ শিক্ষকরা। তাদের দাবি অবিলম্বে তাদের সঙ্গে দেখা করে তাদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়ে প্রতিশ্রুতি পূরণ করুক সরকার।

## সারা ভারত কৃষক সভার প্রতিষ্ঠা দিবস পালিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল:শুক্রবার সারা ভারত কৃষক সভার প্রতিষ্ঠা দিবস রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। এই উপলক্ষে মূল অনুষ্ঠান হয় আগরতলা মেলার মাঠ সিপিআইএম কার্য্যালয়ে। কৃষক সভার প্রতিষ্ঠা দিবসে পতাকা উত্তোলন করেন সংগঠনের বরিষ্ঠ নেতা পবিত্র কর। এছাড়া প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এদিন কৃষক সভার প্রতিষ্ঠা দিবস পালন উপলক্ষে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে কৃষক নেতা পবিত্র কর বলেন, কৃষকদের অধিকার আদায়ের জন্য আরো দুর্বার আন্দোলন সংগঠিত করতে হবে। আজ প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান থেকে এজন্য অঙ্গীকার গ্রহণ করতে হবে। কৃষক আন্দোলন করতে গিয়ে দিল্লিতে ৭৫০ জন কৃষক শহীদ হয়েছেন। এযাবৎ দেশে কৃষক আন্দোলন করতে গিয়ে যারা শহীদ হয়েছেন তাদের প্রত্যেকের প্রতি এদিন শ্রদ্ধা নিবেদন করা হয়। দুর্বার কৃষক আন্দোলনের মধ্য দিয়ে দেশ থেকে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকারকে উৎখাত করার অঙ্গীকার গ্রহণ করার জন্য এদিন তিনি সকলের প্রতি আহ্বান জানান।

# ওবিসি ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ সংক্রান্ত ইস্যুতে ডেপুটেশন এনএসইউআই-র

**আগরতলা, ১১ এপ্রিল:** ওবিসি ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ সংক্রান্ত ইস্যুতে আজ ত্রিপুরা প্রদেশ কংগ্রেস কমিটি ওবিসি বিভাগ এবং এনএসইউআই ওবিসি কল্যাণ দফতরে ডেপুটেশনে মিলিত হয়েছে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে এক নেতা বলেন, রাজ্যের ওবিসি ভুক্ত ছাত্র-ছাত্রীদের সিংহভাগই স্টাইপেন্ড এবং বিভিন্ন ব্যাংক থেকে গৃহীত ঋণের উপর নির্ভর করে পড়াশোনা চালিয়ে যাচ্ছে। এবছর ২৮ মার্চ এনএসপি পোর্টালে আবেদন করার সময়সীমা অতিক্রান্ত হয়েছে। এই পোর্টালে আবেদন করার জন্য মাত্র ৫ দিন সময় সময় দেওয়া হয়েছিল। নির্ধারিত সময়সীমার মধ্যে অনেক ছাত্রছাত্রী আবেদন পত্র পূরণ করে জমা দিতে পারেনি। বিশেষ করে দুর্বল নেট পরিষেবার কারণে অনেকেই সমস্যার সম্মুখীন হয়েছে। ফলে ওবিসি ভুক্ত উচ্চশিক্ষায় শিক্ষারত ছাত্র-ছাত্রীরা স্টাইপেন্ড থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। বাস্তব পরিস্থিতি বিবেচনা করে প্রদেশ কংগ্রেসের ওবিসি ডিপার্টমেন্ট এবং এনএসইউআই যৌথভাবে আজ গোরখাবস্তিতে ওবিসি দফতরের অধিকর্তার কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছে। তারা কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছেন ওবিসি ভুক্ত প্রত্যেক ছাত্র-ছাত্রী যাতে স্টাইপেন্ড পেতে পারে সেজন্য প্রয়োজনের সময়সীমা বৃদ্ধি করে কিংবা যেসব ভুলত্রুটি রয়েছে সেগুলি সংশোধন করে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করার জন্য। এজন্য তাদের তরফ থেকে এক সপ্তাহের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। তারা দাবি করেছেন স্টাইপেন্ডের টাকা না পেলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের পড়াশুনা বন্ধ হয়ে পড়তে পারে। বাস্তব পরিস্থিতি বিবেচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে তারা অনুরোধ জানিয়েছেন।

# গভীর রাতে গৃহস্থের বাগান থেকে উধাও দামি আগর গাছ, থানার দ্বারস্ত

আগরতলা, ১১ এপ্রিল: রাতের আঁধারে গৃহস্থের বাড়ি থেকে উধাও বহু মূল্যের আগর গাছ। গাছ ক্রয় করতে আসা লোকেরাই নাকি রাতের বেলা গাছগুলি চুরি করে নেয় বলে সন্দেহ বাড়ির মালিকের। এবিষয়ে তিনি কদমতলা থানায় লিখিত অভিযোগ জানিয়েছেন।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, উত্তর ত্রিপুরা জেলার কদমতলা থানাদিন সরসপুর গ্রাম পঞ্চায়েতের ২নং ওয়ার্ডের বাসিন্দা সরত নাথের বাড়িতে বাগান থেকে উধাও দামি আগরগাছ। গত বুধবার দিনের বেলা কালাগাঙ্গের পার এলাকার কিছু খদ্দের উনার বাড়িতে বহু মূল্যের আগর গাছগুলি ক্রয় করার জন্য আসেন এবং দর কষাকষি করে যান। পরে ঐদিন রাতেই দুটি গাছ নিয়ে পালিয়ে যায় চোরের দল। পরদিন হঠাৎ বৃহস্পতিবার সকালে তিনি বাগানে গিয়ে গাছগুলি দেখতে না পেয়ে উনার চক্ষু চড়ক গাছ হয়ে যায়। সঙ্গে সঙ্গে তিনি ছুটে যান কদমতলা থানায় এবং লিখিত অভিযোগ জানান।

গৃহস্থ সরত নাথ আরো জানান উনার এই দুটি গাছের মূল্য প্রায় দেড় লক্ষ টাকা ধার্য্য করা হলেও রাতের আঁধারে গাছগুলি চুরি হয়ে যাওয়ায় তিনি একেবারে নিঃস্ব হয়ে পড়েছেন। তাই তিনি প্রশাসনের দ্বারস্থ হয়েছেন। এখন দেখার প্রশাসন কি আদৌ চোরের টিকির নাগাল পায় কিনা।

এদিকে এলাকায় আগরগাছ চুরির হিরিক সর্বদাই রয়েছে। আগারগাছ চোর চক্রের একটি দল উত্তর জেলায় সক্রিয় রয়েছে। এরা প্রতি রাতেই কোন না কোন বাড়িঘর এবং বাগান থেকে আগর চুরি করে অসমে বিক্রি করে।

# সোনামুড়ায় বাম ছাত্র সংগঠনের গর্জমান মিছিল ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১১ এপ্রিল:** আজ সোনামুড়া শহরে ছাত্র আন্দোলনের এক বলিষ্ঠ ও দৃপ্ত প্রকাশ দেখা যায়। ছাত্র সংগঠন এসএফআই এবং টিএসইউ-র সোনামুড়া মহকুমা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত হয় একটি গর্জমান মিছিল, যেখানে ছাত্রস্বার্থে দশ দফা দাবিকে সামনে রাখা হয়। মিছিলটি সোনামুড়া শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে শেষে মহকুমা শাসকের নিকট একটি ডেপুটেশন প্রদান করে। ডেপুটেশনে প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন আনিসুর রহমান, সুমিত মুরাসিং, সুমন দে, প্রসেনজিৎ পাল, ইশতিয়াক আহমেদ ও নরেশ ত্রিপুরা।

মিছিলে নেতৃত্ব দেন এসএফআই ও টিএসইউ-র মহকুমা সম্পাদক আনিসুর রহমান এবং সুমিত মুরাসিং।কর্মসূচিতে উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সম্পাদক সন্দীপন দেব এবং রাজ্য সম্পাদক মণ্ডলীর সদস্য অলক দেব।মিছিল শেষে নেতাজি চৌমুহনীতে এক পথসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এসএফআই ও টিএসইউ-র সভাপতি জাকির হোসেন ও বিজয় দেববর্মা।

সভায় বক্তব্য রাখেন মহকুমা সম্পাদক আনিসুর রহমান ও সুমিত মুরাসিং এবং রাজ্য সম্পাদক সন্দীপন দেব।সরকার যদি দাবি গুলির দ্রুত প্রতিকার না করে, তাহলে বৃহত্তর আন্দোলনের দিকে এগোনো হবে বলেও তারা সতর্ক করেন।দশ দফা গুলি ছিল সোনামুড়া মহকুমার সকল বিদ্যালয় গুলিতে অবিলম্বে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ করতে হবে,মহকুমার অধিকাংশ বিদ্যালয় গুলিতে শৌচালয় গুলি ব্যবহারের অযোগ্য অবস্থায় রয়েছে। সেগুলিকে অবিলম্বে ব্যবহারের যোগ্য করে গড়ে তুলতে হবে, মহাকুমার বিভিন্ন বিদ্যালয়ের এলাকা গুলিতে নেশার রমরমা বন্ধ করতে হবে,সংবিধান সংশোধন করে ককবরক ভাষাকে অষ্টম তপশিলির অন্তর্ভুক্ত করতে হবে।অবিলম্বে মেলাঘর দ্বাদশ শ্রেণী ছাত্রাবাস এবং দ্বাদশ শ্রেণী ছাত্রী নিবাসটি পুনরায় চালু করতে হবে,মহকুমার বিদ্যালয় গুলিতে সকল ছাত্র-ছাত্রীদের স্টাইফেন্ড দিতে হবে এবং স্টইফেন্ড দেওয়ার নাম করে ছাত্র-ছাত্রীদের অযথা হয় রানি বন্ধ করতে হবে।ছাত্র সমাজের দাবি ও সক্রিয় অংশগ্রহণে আজকের সোনামুড়া মিছিল এক নতুন বার্তা বহন করল বলেই মনে করছেন বিশ্লেষ করা।

## মূল্যবৃদ্ধির প্রতিবাদে রাজপথে মিছিল নারী সমিতির

আগরতলা, ১১ এপ্রিল: ওয়াকফ বিলের বিরোধিতা সহ রান্নার গ্যাসের দাম একলাফে ৫০ টাকা বৃদ্ধির প্রতিবাদে সরব হয়েছে সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতি। আজ নারী সমিতির পশ্চিম জেলা কমিটি উদ্যোগে শহরের রাজপথে মিছিল বের করা হয়েছে। এদিনের মিছিলটি প্যারাডাইস চৌমুহনী থেকে শুরু শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে এক নেত্রী বলেন, বিজেপি সংখ্যাগরিষ্টার জোরে সংশোধনী ওয়াকফ বিল জনগনের উপর চাপিয়ে দিয়েছে। এরই প্রতিবাদে গোটা দেশে বিক্ষোভে সামিল হয়েছে সিপিএম। পাশাপাশি, একলাফে রান্নার গ্যাসে ৫০ টাকা বৃদ্ধি করে দেওয়া হয়েছে। তাতে মধ্যবিত্তদের উপর আরেকটি নতুন চাপ সৃষ্টি করে দেওয়া হয়েছে। উজ্জ্বল যোজনাকারীরাও ওই মূল্যবৃদ্ধি থেকে ছাড় পাননি। তাছাড়া, বেশ কিছুদিন আগে জীবনদায়ী ওষুধের মূল্যও বৃদ্ধি করে দেওয়া হয়েছে। পাশাপাশি, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বৃদ্ধি করা হচ্ছে। এরই প্রতিবাদে আজ শহরে বিক্ষোভ মিছিল বের করা হয়েছে। এদিন আপামর জনগনকে এর বিরুদ্ধে গর্জে উঠার আহবান জানানো হয়েছে।

# কমলপুরে নিখিল বিষ্ণুপ্রিয়া মণিপুরী সম্প্রদায়ের অধিবেশন সম্পন্ন

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ১১ এপ্রিল:** নিখিল বিষ্ণুপ্রিয়া মণিপুরী সম্প্রদায়ের দুই দিনের ত্রিবার্ষিক অধিবেশনের শেষ দিনে এক মহাসভার আয়োজন করা হয় বৃহস্পতিবার সন্ধ্যায়, কমলপুর মহকুমার হালহালি কমিউনিটি হলে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা রাজ্যের উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা, যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়সহ অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দ। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন মন্ত্রী টিংকু রায়। এরপর মনিপুরী সম্প্রদায়ের ছেলে-মেয়েরা তাদের ঐতিহ্যবাহী কৃষ্টি, সংস্কৃতি ও রীতিনীতি অনুসরণ করে মনোমুগ্ধকর নৃত্য পরিবেশন করেন।উদ্বোধনী ভাষণে মন্ত্রী টিংকু রায় বলেন, "মনিপুরী সম্প্রদায়ের নিজস্ব ঐতিহ্য ও সাংস্কৃতিক বৈচিত্র্য আমাদের সমাজকে সমৃদ্ধ করে। এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে আমাদের সংস্কৃতি আরো বেশি করে প্রচারিত হোক। প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, "মনিপুরী সম্প্রদায়ের উন্নয়ন ও অগ্রগতির জন্য নেতৃত্বে আসা অত্যন্ত জরুরি। রাজনীতিতে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই সমাজকে উন্নতির শিখরে পৌঁছে দেওয়া সম্ভব।

তিনি আরও বলেন, "বর্তমান বিজেপি সরকার 'সবকা সাথ, সবকা বিকাশ' স্লোগানকে সামনে রেখে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের জন্য কাজ করে চলেছে। মনিপুরী সম্প্রদায়ের সার্বিক উন্নয়নের লক্ষ্যে আমি সবসময় পাশে থাকব এবং নিরলসভাবে কাজ করে যাব।" অনুষ্ঠানটি সম্পূর্ণভাবে একটি সাংস্কৃতিক সৌহার্দ্য ও সম্প্রদায়িক ঐক্যের বার্তা নিয়ে শেষ হয়।

## পশ্চিম জেলার ৫, ১৭৩ জন কৃষকের জমির মাটি পরীক্ষা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল: কৃষকের জমির মাটি চাষযোগ্য কিনা তা পরীক্ষাকরণ কর্মসূচিতে ২০২৪-২৫ অর্থবছরে পশ্চিম জেলা কৃষি ও কৃষক কল্যাণ কার্য্যালয়ের উদ্যোগে জেলার ৫, ১৭৩ জন কৃষকের জমির মাটি পরীক্ষা করা হয়েছে। এর মধ্যে জিরানীয়া কৃষি মহকুমার ৬৩০ জন, মোহনপুর কৃষি মহকুমার ৫৬৪ জন, বেলবাড়ি কৃষি মহকুমার ৫৩৫ জন, পুরাতন আগরতলা কৃষি মহকুমার ৬৩০ জন, লেফুঙ্গা কৃষি মহকুমার ৫৩০ জন, ডুকলি কৃষি মহকুমার ৫১০ জন, মান্দাই কৃষি মহকুমার ৫৩৯ জন, হেজামারা কৃষি মহকুমার ৫৮৭জন এবং বামুটিয়া কৃষি মহকুমার ৬৪৮ জন কৃষকের জমির মাটি পরীক্ষা করা হয়েছে। পশ্চিম জেলা কৃষি ও কৃষক কল্যাণ কার্য্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

# বিজেপির প্রতিষ্ঠা দিবসকে সামনে রেখে পুর নিগমের ১৫ নম্বর ওয়ার্ডে জলছত্র অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল:** আগরতলা পুর নিগমের ১৫ নম্বর ওয়ার্ডে আজ জলছত্র অনুষ্ঠিত হয়। এলাকার কর্পোরেটরের উদ্যোগে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ১৫ নং ওয়ার্ডের কর্পোরেটর নিবাস দাশের উদ্যোগে বর্ডার গোল চক্কর এলাকায় শুক্রবার ব্যবস্থা করা হয় জলছত্রের। পথ চলতি জনগণকে বিভিন্ন ধরনের ফল এবং পাশাপাশি ঠান্ডা পানীয় ও শরবত তুলে দেওয়া হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রামনগরের বিধায়ক তথা মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর স্নিগ্ধা দাস দেব, কর্পোরেটর মনোজ কান্তি দেব রায়, রামনগর মন্ডল সভাপতি অমিতাভ ভট্টাচার্য্য সহ অন্যান্যরা। এদিন এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মেয়র দীপক মজুমদার বলেন, বিজেপির ৪৮ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এ রাজ্যে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

এই কর্মসূচির অঙ্গ হিসেবেই এই জলছত্র সহ বিভিন্ন সামাজিক কর্মসূচি গৃহীত হয়েছে। এ ধরনের কর্মসূচি গ্রহণের মূল লক্ষ্যই হলো সাধারণ মানুষের কাছে পৌঁছে যাওয়া। বিজেপি ক্ষমতায় আসার পর থেকে জনগনের জন্য কি কি কর্মসূচি বাস্তবায়ন করেছে এবং আগামী দিন কি কি কর্মসূচি গ্রহণ করবে সে সম্পর্কে জনগণকে অবগত করতেই জনসম্পর্ক অভিযান সমৃদ্ধ করা হচ্ছে বলেও এদিন তিনি জানান।

# ত্রিপুরা স্টেট কো অপারেটিভ ব্যাংক পেনশনার্স অর্গানাইজেশনের তৃতীয় রাজ্য সম্মেলন অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ এপ্রিল:** ত্রিপুরা স্টেট কোপারেটিভ ব্যাংকের অবসরপ্রাপ্ত কর্মচারীদের সংগঠন ত্রিপুরা স্টেট ও অপারেটিভ ব্যাংক পেনশনার্স অর্গানাইজেশনের তৃতীয় রাজ্য সম্মেলন শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে অনুষ্ঠিত হয়। ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক পেনশনারস অর্গানাইজেশনের ৩য় রাজ্য সম্মেলন শুক্রবার অনুষ্ঠিত হয় আগরতলা প্রেসক্লাবে। উক্ত সম্মেলনে আগামী দুবছরের জন্য তাদের কমিটি গঠিত হয়। পাশাপাশি পেনশন চালু সহ বিভিন্ন দাবি দাওয়া নিয়ে আজকের এই সম্মেলনে আলোচনা করেন বক্তারা।

উল্লেখ্য সমবায় ব্যাংকে কর্মরত কর্মচারীদের জন্য পেনশনের কোন ব্যবস্থা নেই। ফলে চাকুরী জীবন শেষে পেনশনে গিয়ে তারা দুর্বিষহ জীবনযাপন করতে বাধ্য হচ্ছেন। এদিন সম্মেলন থেকে সমবায় ব্যাংকের সমস্ত কর্মচারীদের পেনশন চালু করা সহ অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করার জন্য জোরালো দাবি জানান। এদিন সম্মেলন থেকে বেশ কিছু দাবী সনদ গৃহীত হয়।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas